বিষয়াভিসন্ধিনা বিষয়েচ্ছয়া। সতু তাপঃ ভগবৎসেবানির্বৃতৈ ভগবদ্ভজনানন্দে সতি চন্দ্রিকা শীতলা দীপ্তিঃ যাদৃশ ইত্যস্যোত্তরমিতি স্বতন্ত্রতয়া ভেদদর্শনাভাবপূর্ব্বকাবিরত তৎ পদারবিন্দভজনানন্দনিমগ্নত্বমেব তৎ স্বভাব ইত্যর্থঃ। এবং ব্রতঃ স্বপ্রিয়নাম কীর্ত্ত্যেতি গীতানি নামানি গায়ন্নিতিচোক্তত্বাদ্ধরিনামানি ব্রত ইতি জ্ঞাতব্যং ॥ ৫২ ॥

তক্তো ন বিসৃজতীতি কিং বক্তব্যং হরিরেব স্বয়মিতি এবকারার্থঃ সাক্ষাদিতি তত্তস্থানবরতস্ফূর্ত্তিবিষয়ঃ সন্ অসাক্ষাত্তু ন

লব নিমিষার্দ্ধকালের নিমিত্তও যিনি বিচলিত হয়েন না, ভগবচ্চরণারবিন্দকেই সার বলিয়া দৃঢ় নিশ্চয় করিয়াছেন, তিনিই বৈষ্ণবশ্রেষ্ঠ ॥ ৫১ ॥

অপিচ বিষয়াভিসন্ধি কামনা দ্বারা চিত্ত সন্তাপিত হয় সত্য, কিন্তু ভগবৎ সেবাপরায়ণ ব্যক্তিদিগের চিত্ত ঐরূপ সন্তপ্ত হয় না, যেমন চন্দ্র উদিত হইলে আর সূর্য্যের উত্তাপ থাকিতে পারে না, তদ্রূপ ভগবান্ ত্রিবিক্রমের পদাঙ্গুলি নখচন্দ্রিকা দ্বারা উপাসকের হৃদয়-তাপ নিবারিত হইলে সে আর কিরূপে উদিত হইবে ॥ ৫২ ॥

মহারাজ! পূর্ব্বোক্ত সমুদায় লক্ষণের সার এই যে, যাঁহার নাম অবশে উচ্চারিত হইলেও সমুদায়

প্রণয়রসনয়াধৃতাঙ্ঘ্রিপদ্মঃ স ভবতি ভাগবতপ্রধান উক্তঃ ॥ ৫৩ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে বসুদেবনারদসম্বাদে জায়ন্তেয়োপাখ্যানে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥ * ॥ ২ ॥ * ॥

শ্রীধরস্বামী।

হিত্তমাত্রোঽপি। অঘৌঘং নাশয়তি যঃ সঃ। তং কিং ন বিসৃজতি যতঃ প্রণয়রসনয়া ধৃতং হৃদয়ে বদ্ধমঙ্ঘ্রিপদ্মং যস্য সঃ ভাগবতপ্রধান উক্তো ভবতি ॥ ৫৩ ॥

॥ * ॥ ইত্যেকাদশে দ্বিতীয়ঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

শুণে তত্র ভগবতি কো ন রজ্যেদিতি তদভিপ্রায় ইতি ভাবঃ। অত্র বিশেষ জিজ্ঞাসায়াং ভক্তিসন্দর্ভোঽন্বেষণীয়ঃ ॥ ৫৩ ॥

॥ * ॥ ইত্যেকাদশে শ্রীজীবগোস্বামিকৃতে ক্রমসন্দর্ভে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কুতো বার্ত্তেত্যাহ যঃ স্ববশেনাপি কদাচিদভিহিতমাত্রোঽপি অঘৌঘং নাশয়তি। কিং পুনঃ সরসাস্বাদং যেন প্রতিক্ষণমভিভাষিত ইতি ভাবঃ। এতেন যদুক্তং ইত্যাদ্যোত্তরমভিব্যঞ্জিতং। নমু কথং তদীয় হৃদয়মন্দিরান্ন নির্গচ্ছতি তত্রাহ। প্রণয়রসনয়া ধৃতং হৃদয়ে বদ্ধং অঙ্ঘ্রিপদ্মং যস্য সঃ। যথা প্রেমবশীকৃত্য যশোদয়া উদরে উদূখলে বদ্ধস্তথা সর্ব্বজীবাত্মাধাশৃঙ্খলয়া নিবধ্নন্ স ভক্তজীবৈঃ প্রেম শৃঙ্খলয়া নিবধ্যতে ইতি ভাবঃ ॥ ৫৩ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। একাদশে দ্বিতীয়োঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

দীপিকাদীপনং।

কস্যাপি হৃদয়ং বিসৃজতি সর্ব্বান্তর্যামিত্বাং ইতি সাক্ষাৎপদমিতরব্যাবর্ত্তকং অবশেনাপি কিং পুনঃ সাবধানতয়া অভিহিতমাত্রোঽপি কিং পুনর্ধ্যাতঃ সন্। তৎ ভক্তহৃদয়ং। কিং কুতঃ। উক্তো ভবতি ভাগবতপ্রধানশব্দেন মুখ্যতয়া বাচ্যো ভবতি নিরুক্তলক্ষণানাং সামস্ত্যেনাত্র সমন্বয়াদিতি ভাবঃ ॥ ৫৩ ॥

॥ * ॥ ইতি শ্রীমদেকাদশে গোস্বামি রাধারমণদাসকৃতে দীপিকাদীপনে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥ * ॥

পাপ বিনষ্ট হয়, সেই হরি স্বয়ং যাঁহার হৃদয় পরিত্যাগ না করেন, প্রেম-রজ্জু দ্বারা বদ্ধ-পদ হইয়া হৃদয়ে অবস্থিতি করেন, তিনি সমুদায় ভাগবতের মধ্যে প্রধান বলিয়া অভিহিত হয়েন ॥ ৫৩ ॥

॥ * ॥ ইতি একাদশে দ্বিতীয় ॥ * ॥

শ্রীরাজোবাচ ॥

পরস্য বিষ্ণোরীশস্য মায়িনামপি মোহিনীং। মায়াং বেদিতুমিচ্ছামো ভগবন্তো ব্রুবন্তু নঃ ॥ ১ ॥

নানুতৃপ্যে জুষন্ যুষ্মদ্বচো হরিকথামৃতং। সংসারতাপনিস্তপ্তো মর্ত্ত্যস্তত্তাপভেষজং ॥ ২ ॥

শ্রীঅন্তরীক্ষ উবাচ ॥

এভির্ভূতানি ভূতাত্মা মহাভূতৈর্ম্মহাভুজ। সসর্জোচ্চাবচান্যাদ্যঃ স্বমাত্রাত্মপ্রসিদ্ধয়ে ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

মায়া তত্তরণ ব্রহ্ম কর্ম্ম প্রশ্ন চতুষ্টয়ে। তৃতীয়ে তূত্তরং দত্তমার্ষভৈর্মুনিভিঃ পৃথক্ ॥ ০ ॥

বিষ্ণোর্ম্মায়ামিদং পশ্যন্নিত্যুক্তং অতো মায়াং পৃচ্ছতি পরস্যেতি। হে ভগবন্তঃ ॥ ১ ॥

ননূক্তলক্ষণো ভাগবতো ভূত্বা কৃতার্থঃ স্যাৎ কিং বহু প্রশ্নৈরত আহ নানুতৃপ্য ইতি। সংসারতাপৈর্নিতরাং তপ্তোঽহং। তস্য তাপস্য ভেষজং হরিকথামৃতরূপং যুষ্মদ্বচো জুষমাণো নানুতৃপ্যামি ॥ ২ ॥

মায়ায়াঃ স্বরূপতো নিরূপণাসম্ভবাৎ সৃষ্ট্যাদিকার্য্যদ্বারেণ নিরূপয়িতুমাহ এভিরিতি চতুর্দ্দশভিঃ। আদ্যঃ পুরুষঃ যয়া শক্ত্যা ভূতানা-

ক্রমসন্দর্ভঃ।

হরিকথামৃতমিতি তৎস্বভাবত্বান্মায়াবর্ণনেঽপি তৎপ্রধানমেব তব বচো ভবেদিতি ভাবঃ ॥ ১ ॥ ২ ॥

তত্র এষা মায়া ভগবত ইত্যুত্তরয়িষ্যমাণস্য সোপানমাহ এভিরিত্যাদি। এভির্মহদাদিভিঃ ক্রমেণ সৃষ্টৌ। স্বমাত্রেত্যস্য টীকায়াং ভক্তার্থ এব সৃষ্টৌ মুখ্যঃ প্রবন্ধ ইতি প্রথমার্থে দর্শিতং। এতদেব চ বাস্তবং। প্রবন্ধান্তরস্যানুষঙ্গিকত্বাৎ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মায়া তত্তরণাধীশলিঙ্গকর্ম্মাণি পৃচ্ছতে। রাজ্ঞে প্রত্যুত্তরাণ্যেষাং তৃতীয়ে দহ্যুরার্ষভাঃ ॥ ০ ॥

বিষ্ণোর্মায়ামিদং পশ্যন্নিত্যুক্তমতো মায়াং পৃচ্ছতি। পরস্যেতি ॥ ১ ॥

নানুতৃপ্যে ইতি। যুষ্মৎ সঙ্গার্থিনো মে যুষ্মদ্বচোঽমৃতপানলোভস্য দুর্ব্বারত্বমেব প্রশ্নে কারণং জ্ঞেয়মিতি ভাবঃ ॥ ২ ॥

গুণকার্য্যাণাং সৃষ্টিস্থিতিসংহারাণাং নিরূপণেনৈব গুণা নিরূপিতাঃ স্যুঃ। গুণৈশ্চ নিরূপিতৈঃ স্বতএব গুণময়ী মায়া নিরূপিতা-

দীপিকাদীপনং।

মায়া চ তস্যা মায়ায়াস্তরণঞ্চ ব্রহ্মচ কর্ম্মচ তেষাং যে প্রশ্নাস্তেষাং যচ্চতুষ্টয়ং তস্মিন্ ঈশস্য মায়ানিয়ন্তুরতএব মায়াতঃ পরস্য। মায়িনাং মায়য়া স্বশক্ত্যান্যজীবমোহকানাং ব্রহ্মাদীনামপি মোহিনীং মায়াং বয়ং বেদিতুমিচ্ছামঃ ॥ ১ ॥

হরিকথামৃতরূপমিতি তৎ স্বভাবত্বান্মায়াবর্ণনেঽপি তৎপ্রধানমেব তব বচো ভবেদিতি ভাবঃ ॥ ২ ॥

অন্তরীক্ষ ইতি অন্তরীক্ষশব্দস্যোর্দ্ধাধোলোকমধ্যবর্ত্তিস্থানবাচিত্বাৎ তথা মায়াধঃপতিতস্য তদভিভাব্যত্বেন তদ্বর্ণনাঽসম্ভবাৎ

তৃতীয় অধ্যায়ে মায়া, মায়া হইতে উত্তরণ, ব্রহ্ম এবং কর্ম্ম, নিমিরাজের এই চারি প্রশ্নে প্রত্যেক যোগেন্দ্র কর্ত্তৃক এক একটী প্রশ্নের উত্তর দান ॥ ০ ॥

রাজা কহিলেন, হে ঋষিগণ! পরম পুরুষ বিষ্ণুর যে মায়া মায়াবিদিগকেও মোহিত করে তাহার স্বরূপ জানিতে অভিলাষ করি, আপনারা তাহা আজ্ঞা করুন ॥ ১ ॥

যদি বলেন, পূর্ব্বোক্ত লক্ষণাক্রান্ত ভাগবত হইয়া কৃতার্থ হইবা, বহু প্রশ্নের প্রয়োজন কি? তাহার কারণ এই, আমি মর্ত্ত্য, সুতরাং সংসার তাপে অতিশয় উত্তপ্ত হইয়াছি, সেই তাপের মহৌষধ স্বরূপ হরিকথামৃতবর্ষি আপনাদিগের বাক্য শ্রবণ করিয়া তৃপ্ত হইতেছি না ॥ ২ ॥

অন্তরীক্ষ কহিলেন, হে রাজন্! মায়ার স্বরূপ নিরূপণ করা অসম্ভব অতএব সৃষ্ট্যাদি কার্য্য দ্বারা নিরূপণ করি শ্রবণ কর, ভূত সকলের কারণ স্বরূপ আদ্য পুরুষ স্বীয় অংশভূত জীব সকলের বিষয় ভোগ ও মুক্তির নিমিত্ত যে শক্তি দ্বারা মহাভূত সহকারে উচ্চ নীচ ভূতগণের সৃষ্টি করিয়াছেন, তাহাই ভগবানের মায়া ॥ ৩ ॥

এবং সৃষ্টানি ভূতানি প্রবিষ্টঃ পঞ্চধাতুভিঃ। একধা দশধাত্মানং বিভজন্ জুষতে গুণান্ ॥ ৪ ॥
গুণৈর্গুণান্ স ভুঞ্জান আত্মপ্রদ্যোতিতৈঃ প্রভুঃ। মন্যমান ইদং সৃষ্টমাত্মানমিহ সজ্জতে ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

মাত্মা কারণভূতঃ এভিঃ স্বসৃষ্টৈ র্মহাভূতৈঃ উচ্চাবচানি সসর্জ এষা মায়া ভগবত ইতি চরমশ্লোকপাদস্য প্রতিশ্লোকমনুষঙ্গঃ। কিমর্থং সসর্জ স্বমাত্রাত্ম প্রসিদ্ধয়ে স্বং মিমীতে প্রমীয়তে য উপাস্তে স স্বমাতা তস্যাত্মনো জীবস্য প্রকৃষ্টায়ৈ সিদ্ধয়ে। যদ্বা। স্বাংশভূতানাং জীবানাং মাত্রা প্রসিদ্ধয়ে বিষয়ভোগায়। আত্মপ্রসিদ্ধয়ে মোক্ষায় চেত্যর্থঃ। তদুক্তং বেদস্তুতৌ। বুদ্ধীন্দ্রিয় মনঃ প্রাণান্ জনানাম-সৃজৎ প্রভুঃ। মাত্রার্থঞ্চ ভবার্থঞ্চ আত্মনে কল্পনায় চেতি ॥ ৩ ॥

এবং জীবোপকরণার্থং পঞ্চধাতুভি র্মহাভূতৈঃ সৃষ্টান্যন্তর্যামিরূপেণ প্রবিষ্টঃ একধা মনসা দশধা বাহ্যেন্দ্রিয়রূপেণাত্মানং বিভজন্ গুণাং স্তত্তদ্বিষয়ান্ জুষতে জোষয়তীত্যর্থঃ। যদ্বা। তমাত্মানং প্রতি গুণান্ বিভজন্ জুষতে প্রীয়ত ইত্যর্থঃ ॥ ৪ ॥

স চ জীব আত্মনান্তর্যামিনা প্রদ্যোতিতৈ গুণৈরিন্দ্রিয়ৈ গুর্ণান্ বিষয়ান্ ভুঞ্জানঃ ইদং সৃষ্টং শরীরং আত্মানং মন্যমান ইহ

ক্রমসন্দর্ভঃ।

অতএব জুষতে গুণানিতি। গুণ দোষ দৃশির্দোষো গুণস্তূভয়বর্জিতঃ। ন ময্যেকান্তভক্তানাং গুণদোষোদ্ভবা গুণা ইত্যাদি ন্যায়েন তাদৃশ ভক্তানাং স্বপ্রেম তদ্বিলাসরূপাণ্যেব প্রীত্যা সেবত ইত্যর্থঃ ॥ ৪ ॥

সতু জীবঃ প্রভুঃ প্রভুঃশব্দাদ্যৎকিঞ্চিজ্জ্ঞানাদিশক্তিযুক্তোঽপীত্যর্থঃ। তত্র কারণন্তুভয়ং দ্বিতীয়াভিনিবেশত ইত্যাদাবেব

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্যাদিত্যভিপ্রায়েণাহ এভিরিতি। ভূতাত্মা পরমেশ্বরঃ। উচ্চাবচানি ভূতানি দেবতির্য্যগাদীনি সসর্জ কিমর্থং স্বমাত্রাত্মপ্রসিদ্ধয়ে। স্বীয়ানাং জীবানাং মাত্রাণাং বিষয়প্রাপ্তীনাং আত্মনঃ স্বপ্রাপ্তেশ্চ যা প্রকৃষ্টা সিদ্ধিস্তদর্থং। যদুক্তং বেদস্তুতৌ বুদ্ধীন্দ্রিয়মনঃপ্রাণান্ জনানামসৃজৎ প্রভুঃ। মাত্রার্থঞ্চ ভবার্থঞ্চ আত্মনে কল্পনায়চেতি ॥ ৩ ॥

সৃষ্টিমুক্ত্বা স্থিতিমাহ এবমিতি ত্রিভিঃ। পঞ্চধাতুভির্মহাভূতৈঃ সৃষ্টানি ভূতান্যন্তর্যামিতয়া প্রবিষ্টঃ সন্ একধা মনসা দশধা বাহ্যে-ন্দ্রিয়রূপেণ আত্মানং বিভজন্ গুণান্ তত্তদ্বিষয়ান্ জুষতে জীবং জোষয়তে ভোজয়তীত্যর্থঃ ॥ ৪ ॥

সচ জীব আত্মনা অন্তর্যামিনা প্রদ্যোতিতৈর্গুণৈরিন্দ্রিয়ৈর্গুণান্ বিষয়ান্ ভুঞ্জান ইদং সৃষ্টং শরীরং আত্মানং মন্যমান ইহ শরীরাদৌ

দীপিকাদীপনং।

সিদ্ধস্যাপি ব্রহ্মমাত্রানুভবিত্বেন তদসম্ভবান্মধ্যস্থস্যৈব তন্নিরূপণকর্ত্তৃত্বমিত্যঙ্গীকৃত এবোবাচেত্যুক্তং। স্বরূপত ইতি মায়ায়া নিরূপত্বেন স্বরূপতো নিরূপণং ন সম্ভবতীতি সৃষ্ট্যাদিলক্ষণং যন্মায়াকার্য্যং তদ্দ্বারেণ মায়াং নিরূপয়িতুং সৃষ্ট্যাদিকার্য্যমাহেত্যর্থঃ পূর্ব্বার্থে স্বমাতৃ-শব্দস্য জীববাচকত্বমপ্রসিদ্ধং সৃষ্টেঃ পুরুষার্থচতুষ্টয়ার্থত্বাভাবশ্চাতো যদ্বেতি স্বশব্দেন জীবপরামর্শঃ তস্য স্বীয়ত্বেন স্বাংশত্বাৎ আত্মপ্রসিদ্ধিঃ আত্মসাক্ষাৎকারঃ দ্বন্দ্বান্তে শ্রূয়মাণস্য প্রসিদ্ধিশব্দস্য প্রত্যেকমভিসম্বন্ধ ইতি প্রতিপত্তিগৌরবাদিত্যর্থ ইত্যুক্তং ॥ ৩ ॥

জীবোপকরণার্থং জীবভোগসাধনার্থং ভূতানি শরীরাণি আত্মানং জীবং মন আদিতাদাত্ম্যাধ্যাসেন তত্তদ্রূপত্বেন বিভজন্ ভেদ-বিশিষ্টং কুর্ব্বন্। তত্তদ্বিষয়ান্ সুখদুঃখশব্দস্পর্শাদীন্ জোষয়তি ভোজয়তি তদুক্তং প্রথমে। অসৌ গুণময়ৈর্ভাবৈর্ভূতসূক্ষ্মেন্দ্রিয়াত্মভি-রিত্যাদি। পূর্ব্বার্থে অশুভূতনিজথকল্পনাগৌরবমতো যদ্বেত তং মনোবাহ্যেন্দ্রিয়রূপেণৈকধা দশধা সন্তং আত্মানং জীবং প্রতি গুণান্ সুখাদিশব্দাদিবিষয়ান্ বিভজন্নিদং। প্রীয়তে প্রসন্নো ভবতীত্যর্থঃ ॥ ৪ ॥

সচ সতু জীবঃ প্রভুঃ প্রভুঃশব্দাৎ যৎকিঞ্চিজ্জ্ঞানাদিশক্তিযুক্তোঽপি ॥ ৫ ॥

এই প্রকারে পঞ্চমহাভূত দ্বারা স্থূল ভূত সকল সৃষ্টি করিয়া অন্তর্যামি রূপে তন্মধ্যে প্রবেশ পূর্ব্বক এক মনো রূপে ও দশ ইন্দ্রিয় রূপে আত্মাকে বিভাগ করত গুণ অর্থাৎ ইন্দ্রিয়বিষয় সকল জীবকে ভোগ করাইতেছেন ॥ ৪ ॥

সেই জীব অন্তর্যামি প্রভু কর্ত্তৃক প্রকাশিত ইন্দ্রিয় দ্বারা বিষয় সকল ভোগ করত এই সৃষ্ট পাঞ্চ-ভৌতিক শরীরকে আত্মা রূপে মানিয়া তাহাতেই আসক্ত হইতেছে ॥ ৫ ॥

কর্ম্মাণি কর্ম্মভিঃ কুর্ব্বন্ সনিমিত্তানি দেহভৃৎ। তত্তৎ কর্ম্মফলং গৃহ্ণন্ ভ্রমতীহ সুখেতরং ॥ ৬ ॥
ইত্থং কর্ম্মগতী গচ্ছন্ বহ্বভদ্রবহাঃ পুমান্। আভূতসংপ্লবাৎ সর্গপ্রলয়াবশ্নুতেঽবশঃ ॥ ৭ ॥
ধাতূপপ্লব আসন্নে ব্যক্তং দ্রব্যগুণাত্মকং। অনাদিনিধনঃ কালোঽব্যক্তায়াপকর্ষতি ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

শরীরাদৌ সজ্জতে ॥ ৫ ॥

অতএব সংসরতীত্যাহ কর্ম্মাণীতি। কর্ম্মভিঃ কর্ম্মেন্দ্রিয়ৈঃ সনিমিত্তানি সবাসনানি কর্ম্মাণি কুর্ব্বন্ সুখেতরং দুঃখাত্মকং কর্ম্ম-
ফলং ॥ ৬ ॥

বহূনি অভদ্রাণি বহন্তি ইতি তথা তাঃ। সর্গপ্রলয়ৌ উৎপত্তিমরণে ॥ ৭ ॥

এবং মায়াময়ীং সৃষ্টিমুক্ত্বা প্রলয়ং দর্শয়িতুমারভতে। ধাতূনাং মহাভূতানাং উপপ্লবে নাশহেতাবাসন্নে ব্যক্তং কার্য্যং। দ্রব্যং স্থূলং
গুণঃ সূক্ষ্মং তদাত্মকং। অব্যক্তায় অব্যক্তং প্রতি নেতুমাকর্ষতি ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

দর্শিতং। যথা। স আদ্যঃ পুরুষঃ আত্মনা প্রকাশিতৈর্গুণৈঃ কারুণ্যাদিভির্হেতুভি রুদিতান্ গুণান্ ভক্তপ্রেম তদ্বিলাসান্ ভুঞ্জান
আস্বাদয়ন্ ইদং সৃষ্টঃ ভক্তশরীরং আত্মানমাত্মদেহমেব মন্যমান ইহ ভক্তশরীরে সজ্জতে। সাধবো হৃদয়ং মহ্যমিত্যাদেঃ ॥ ৫ ॥

সাধারণজীবানাং গতিমাহ কর্ম্মাণীতি ॥ ৬—১০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সজ্জতে প্রভুঃ প্রকর্ষেণ দেবতির্য্যগাদিষু ভবতীতি সঃ ॥ ৫ ॥

ততশ্চ সংসরতীত্যাহ। কর্ম্মভিঃ কর্ম্মেন্দ্রিয়ৈঃ সনিমিত্তানি সবাসনানি কর্ম্মাণি কুর্ব্বন্ সুখেতরং সুখদুঃখাত্মকং কর্ম্মফলং প্রাপ্নুবন্
রমতে ইতি নারকযোনাবপি রমণদর্শনাৎ ॥ ৬ ॥

ভূতানামুদ্ভূতবস্তূনাং সংপ্লবঃ প্রলয়স্তৎপর্য্যন্তং ॥ ৭ ॥

সংহারমাহ সার্দ্ধৈরষ্টভিঃ। ধাতূনাং মহাভূতানামুপপ্লবে নাশহেতৌ প্রলয়ে আসন্নে সতি ব্যক্তং কার্য্যং দ্রব্যগুণাত্মকং দ্রব্যং স্থূলং
গুণঃ সূক্ষ্মং তদাত্মকং অব্যক্তায় অব্যক্তং কারণং প্রতি নেতুমাকর্ষতি ॥ ৮ ॥

দীপিকাদীপনং।

অতএব আসক্তত্বাদেব সংসরতি জন্মমরণাদিনা ভ্রমতি। ইহ জগতি সুখেতরমিতি কর্ম্মফলস্য বিশেষণং সুখঞ্চ তদিতরচ্চেতি
বিশেষণয়োঃ কর্ম্মধারয়ঃ পুংস্ত্বমার্ষং ॥ ৬ ॥

আভূতসংপ্লবাৎ ভূতসংপ্লবমভিব্যাপ্য মহাপ্রলয়পর্য্যন্তমিত্যর্থঃ। আহূতেতি কচিৎ পাঠঃ। তত্র তকারস্য হকারাদেশশ্ছান্দসঃ অবশঃ
প্রকৃত্যধীনঃ ॥ ৭ ॥

এবং মায়াময়ীং সৃষ্টিমুক্ত্বা তন্ময়ং প্রলয়মাহ ধাতবিতি ধারয়ন্তি শরীরাণীতি ধাতবো মহাভূতানি তেষাং। আসন্নে সবিধমাপ্তে সতি।
স্থূলমাকাশাদিকং। সূক্ষ্মং মহদাদিকং তদ্রূপং অব্যক্তং প্রধানং প্রতি ॥ ৮ ॥

সেই দেহী জীব কর্ম্মেন্দ্রিয় দ্বারা বাসনা সহিত কর্ম্ম সকল সম্পন্ন করত দুঃখাত্মক সেই সকল কর্ম্ম
ফল ভোগ করিয়া এই সংসার পথে ভ্রমণ করিতেছে ॥ ৬ ॥

এই রূপে জীব বহু অমঙ্গলবাহি কর্ম্মগতিতে ভ্রমণ করত প্রলয় পর্য্যন্ত অবসন্ন হইয়া জন্ম মরণ
প্রাপ্ত হয় ॥ ৭ ॥

মহাভূত সকলের নাশহেতু প্রলয় উপস্থিত হইলে আদ্যন্তরহিত কাল স্থূলসূক্ষ্মকাল সকলকে
অব্যক্তের অর্থাৎ কারণের প্রতি আনয়ন করিবার নিমিত্ত আকর্ষণ করেন ॥ ৮ ॥

শতবর্ষাহ্যনাবৃষ্টির্ভবিষ্যত্যুল্বণা ভুবি। তৎকালোপচিতোষ্ণার্কো লোকাংস্ত্রীন্ প্রতপিষ্যতি ॥ ৯ ॥
পাতালতলমারভ্য সঙ্কর্ষণমুখানলঃ। দহন্নূর্দ্ধশিখো বিষ্বগ্বর্দ্ধতে বায়ুনেরিতঃ ॥ ১০ ॥
সম্বর্ত্তকো মেঘগণোবর্ষতিস্ম শতং সমাঃ। ধারাভির্হস্তিহস্তাভির্লীয়তে সলিলে বিরাট্ ॥ ১১ ॥
ততো বিরাজমুৎসৃজ্য বৈরাজঃ পুরুষোনৃপ। অব্যক্তং বিশতে সূক্ষ্মং নিরিন্ধন ইবানলঃ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

নাশহেতুমাহ শতবর্ষেতি। তস্মিন্ কালে উপচিতশ্চাসৌ উষ্ণ[illegible]বর্কশ্চেতি। যদ্বা। তেন কালেনোপচিতমুষ্ণত্বং যস্ত সঃ ॥ ৯ ॥
ঊর্দ্ধশিখঃ উচ্চজ্বালঃ বিষক্ পরিতঃ ॥ ১০ ॥
সম্বর্ত্তকঃ প্রলয়কর্ত্তা ধারাভির্নতু বিন্দুভিঃ হস্তিহস্তাভিস্তৎপ্রমাণাভিঃ ॥ ১১ ॥
তত উপাধিলয়াৎ বৈরাজঃ পুরুষোঽব্যক্তং কারণং প্রবিশতি। নতু ব্রহ্মণা সহ তে সর্ব্বে সংপ্রাপ্তে প্রতিসঞ্চরে। পরস্যান্তে কৃতাত্মানঃ প্রবিশন্তি হরেঃ পদমিতি স্মৃতেঃ। যাবদাধিকারমবস্থিতিরাধিকারিকাণামিতি ন্যায়াচ্চ বৈরাজশব্দাভিধেয়স্য ব্রহ্মণঃ পরমভাগবতত্বাৎ মোক্ষ এব সঙ্গচ্ছতে নান্যেষামিব কারণমাত্র প্রবেশঃ সতাং অশ্বমেধাদিনা সত্যলোকং গতানামপ্যভক্তানামাবৃত্তি

ক্রমসন্দর্ভঃ।

সম্বর্ত্তকঃ তদগ্নিধূমাভ্যাং সূর্য্যাকৃষ্টরসেন চ জাতঃ ॥ ১১ ॥
তত ইতি পূর্ব্বস্তু ব্যষ্টি জীবানামপি বৈবাজ এব বলয়ো জ্ঞেয়ঃ। বৈরাজোঽত্র সমষ্টিজীবঃ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

উপচিতঃ প্রবৃদ্ধঃ উষ্ণোঽত্যুষ্ণঃ ॥ ৯ ॥ ১০ ॥
সম্বর্ত্তকঃ প্রলয়কর্ত্তা হস্তিশুণ্ডপ্রমাণাভিঃ ॥ ১১ ॥
ততশ্চোপাধিলয়াৎ বৈরাজঃ সমষ্টিজীবো ব্রহ্মা ব্যষ্টিজীবানাস্তু বৈরাজ এব পূর্ব্বং লয়ো জ্ঞেয়ঃ। অব্যক্তং প্রকৃতিং অত্র ব্রহ্মণোঽপি কর্ম্মি জ্ঞানিভক্তত্বেন ত্রৈবিধ্যাৎ কস্যচিৎ পুনরাবৃত্তিঃ কস্যচিন্মুক্তিঃ কস্যচিৎ প্রেমবৎ পার্ষদত্বপ্রাপ্তিশ্চ ইতি দ্রষ্টব্যং। আব্রহ্ম ভুবনা-ল্লোকাঃ পুনরাবর্ত্তিনোঽর্জ্জুনেতি বিপর্য্যয়শ্চ ভবতি ব্রহ্মত্ব স্থাবরত্বয়োরিতি। ব্রহ্মণা সহ তে সর্ব্বে সংপ্রাপ্তে প্রতিসঞ্চরে। পরস্যান্তে কৃতাত্মানঃ প্রবিশন্তি পরং পদমিত্যাদিবচনেভ্যঃ ॥ ১২ ॥

দীপিকাদীপনং।

নাশহেতূননাবৃষ্ট্যাদীন্। পূর্ব্বার্থে কর্ম্মভির্বর্দ্ধিতে তেজোহ্রসতে চ যথা রবেরিত্যুক্তেরর্কস্যোপচিতত্বাসম্ভবাদ্দ্বেতি উষ্ণমিতি ভাবপ্রধানো নির্দ্দেশঃ অতএবোষ্ণত্বমিতি ব্যাখ্যাতং ॥ ৯ ॥
ঈরিতঃ প্রেরিতঃ ॥ ১০ ॥
তৎপ্রমাণাভিঃ হস্তিশুণ্ডাকারাভিঃ ॥ ১১ ॥
ব্যষ্টিজীবৈঃ সহোপাধিলয়াৎ ব্যষ্টিজীবানামপি লয়ো বৈবাজ এব জ্ঞেয়ঃ বৈরাজঃ সমষ্টিজীবঃ অব্যক্তং প্রকৃতিং তে সর্ব্বে ব্রহ্মো-পাসকাঃ প্রতিসঞ্চরে প্রলয়ে। পরস্য দ্বিতীয়পরার্দ্ধস্য কৃতাত্মানঃ শুদ্ধচিত্তাঃ। যাবদধিকারমিতি ব্রহ্মসূত্রং তস্যায়মর্থঃ আধিকারি-

সেই প্রলয়কাল উপস্থিত হইলে শতবর্ষ অনাবৃষ্টি হইবে এবং তৎকালে সূর্য্য অত্যন্ত উষ্ণ হইয়া ত্রিলোকী উত্তপ্ত করিবেন ॥ ৯ ॥

এবং সঙ্কর্ষণমুখ হইতে অনল উত্থিত হইয়া বায়ু সহকারে বর্দ্ধিত হওত ঊর্দ্ধশিখায় পাতাল তল অবধি সমুদায় বিশ্ব দগ্ধ করত সর্ব্বত্র ব্যাপ্ত হইবে ॥ ১০ ॥

সম্বর্ত্তক নামে মেঘগণ হস্তিশুণ্ড সদৃশ ধারাসহকারে শতবর্ষ বর্ষণ করিবে এবং সেই জলে বিরাট্ অর্থাৎ বিশ্ব বিলীন হইবে ॥ ১১ ॥

হে নৃপ! তখন বৈরাজপুরুষ স্বীয় উপাধি বিরাটকে পরিত্যাগ করিয়া ইন্ধনশূন্য অনলের ন্যায় সূক্ষ্ম অব্যক্তে প্রবেশ করিবেন ॥ ১২ ॥

বায়ুনা হৃতগন্ধা ভূঃ সলিলত্বায় কল্পতে। সলিলং তদ্‌ধৃতরসং জ্যোতিষ্ট্বায়োপকল্পতে॥ ১৩॥
হৃতরূপন্তু তমসা বায়ৌ জ্যোতিঃ প্রলীয়তে। হৃতস্পর্শোঽবকাশেন বায়ুর্নভসি লীয়তে॥ ১৪॥

শ্রীধরস্বামী।

শ্রবণাদভক্তস্থে ব্রহ্মণোঽপি প্রকৃতৌ লয়ঃ পুনরুৎপত্তিশ্চেতি মোক্ষদৌর্লভ্য সূচনায়ৈব মুক্তমিত্যবিরোধঃ। যথা। কেনাপি প্রকারেণ ন ব্যক্ত ইত্যব্যক্তং ব্রহ্মৈব তৎপ্রবেশে নচ মোক্ষ এবোক্ত [illegible] দ্রষ্টব্যং॥ ১২॥

এবং বিরাজলয়মুক্ত্বা তৎকারণানাঞ্চ মহদাদি পৃথিব্যন্তানাং প্রাতিলোম্যেন লয়মাহ বায়ুনেতি। বায়োর্হি গন্ধহারিত্বং প্রসিদ্ধং। সংবর্ত্তকেন বায়ুনা হৃতগন্ধা অতএব গন্ধস্য ব্যাবর্ত্তকস্য গতত্বাৎ সলিলত্বায় কল্পতে সলিলে লীয়তে ইত্যর্থঃ। তদ্‌ধৃতরসং তেন বায়ুনৈব হৃতো রসো যস্য তৎ॥ ১৩॥

তমসশ্চ রূপতিরস্কারিত্বং প্রসিদ্ধং। সংবর্ত্তকেন তমসা। অবকাশেন স্বাবকাশেন আকাশেন স্বকারণেন॥ ১৪॥

ক্রমসন্দর্ভঃ।

বায়ুনা তদ্বহিরাবরণরূপেণ হৃতগন্ধেতি কাঠিন্যস্তু স্পর্শবিশেষ রূপত্বাদ্বায়ুগুণত্বেন সচ তত্রৈব প্রবিশতীতি ভাবঃ॥ ১৩॥

তমসেতি বাষ্বাবরণমারভ্য প্রকৃত্যাবরণ ব্যাপকেনেতি জ্ঞেয়ং॥ ১৪—১৬॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

এবং কার্য্যস্য সমষ্টিবিরাজোলয়মুক্ত্বা তৎকারণানাং মহদাদিপৃথিব্যন্তানাং তত্ত্বানাং প্রাতিলোম্যেন লয়মাহ বায়ুনেতি বায়োর্হি-গন্ধরসহারিত্বং প্রসিদ্ধং। সম্বর্ত্তকেন বায়ুনা হৃতগন্ধা ভূঃ পৃথিবী সলিলত্বায় কল্পতে সলিলে লীয়তে ইত্যর্থঃ। তদ্‌ধৃতরসত্বেন বায়ুনৈব হৃতো রসো যস্য তৎসলিলং সর্ব্বমেব॥ ১৩॥

তমসা সম্বর্ত্তকেন হৃতরূপমিতি তমসোরূপতিরস্কারিত্বং প্রসিদ্ধমেবেতি ভাবঃ। অবকাশেন আকাশেন স্বকারণেন॥ ১৪॥

দীপিকাদীপনং।

কাণাং লোকস্থিতিহেতুষু বেদপ্রবর্ত্তন চরাচরসৃষ্ট্যাদ্যধিকারেষু নিযুক্তানাং অপান্তরতমো ব্রহ্মাদীনাং যাবদধিকারং। লোকব্যবস্থায় স্বামিত্বমধিকারস্তমনতিক্রম্য তৎ প্রাপকং প্রারব্ধং যাবদস্তি তাবৎকালং জীবন্মুক্তত্বেনাবস্থিতিঃ প্রারব্ধক্ষয়েতু প্রতিবন্ধকাভাবাদ্বিদেহ-মুক্তিরিত্যর্থঃ অন্তেষাং কার্য্যাণামিব। সত্যামিত্যঙ্গীকারে। এবমুক্তং ব্রহ্মণোঽপি প্রকৃতিপ্রবিষ্টত্বমুক্তং ইত্যবিরোধঃ। অস্তরীক্ষ-বাক্যস্য শ্রুতিসূত্রয়োশ্চ বিরোধোনাস্তীত্যর্থঃ পূর্ব্বার্থে মোক্ষদৌর্লভ্য সূচনলক্ষণস্য প্রয়োজনস্য কল্পনাগৌরবমতো স্বস্থেতি যদি অব্যক্তশব্দেন ব্রহ্মৈবোচ্যতে তদা তৎপ্রবেশেন ব্রহ্মপ্রবেশেন মোক্ষস্যোক্তত্বাৎ শ্রুতিসূত্রাভ্যাং বিরোধ এব নাস্তীতি ন কল্পনা-গৌরবমিতি স্বারস্যং॥ ১২॥

সম্বর্ত্তকেন প্রলয়কর্ত্রা বায়ুনা তদ্বহিরাবরণরূপেণ। অতএব গন্ধস্য হৃতত্বাদেব ব্যাবর্ত্তকস্য জলাদিভ্যো ভেদকস্য। হৃতগন্ধে-ত্যুপলক্ষণং হৃতস্পর্শা চ কাঠিন্যস্য স্পর্শবিশেষরূপত্বেন বায়ুগুণত্বাৎ স্পর্শস্যাপি বায়াবেব প্রবেশ ইত্যর্থঃ॥ ১৩॥

সম্বর্ত্তকেন প্রলয়কর্ত্রা তমসা বায্বাবরণমারভ্য প্রকৃত্যাবরণব্যাপকেন হৃতং রূপং ব্যাবর্ত্তক ধর্ম্মো যস্য তাদৃশং জ্যোতিঃ। স্বকারণেন স্বস্য বায়োঃ কারণেনাকাশেন হৃতঃ স্পর্শো যস্য স বায়ুঃ চক্ষুরিন্দ্রিয়গ্রাহ্যবহির্ভূতাকেঃ আকাশে স্পর্শাভাবাদাকাশস্য স্পর্শহারিত্বং॥১৪॥

পৃথিবী সম্বর্ত্তক বায়ু দ্বারা হৃতগন্ধ হইয়া জলে বিলীন হইবে এবং জল হৃতরস হইয়া জ্যোতি রূপে কল্পিত হইবে॥ ১৩॥

অন্ধকারে হৃতরূপ হইয়া জ্যোতিঃ বায়ুতে লীন হইবে এবং আকাশ দ্বারা হৃতস্পর্শ বায়ুও আকাশে প্রবিষ্ট হইবে॥ ১৪॥

কালাত্মনা হৃতগুণং নভ আত্মনি লীয়তে ॥ ১৫ ॥

ইন্দ্রিয়াণি মনোবুদ্ধিঃ সহ বৈকারিকৈর্নৃপ। প্রবিশন্তি হ্যহঙ্কারং স্বগুণৈরহমাত্মনি ॥ ১৬ ॥

এষা মায়া ভগবতঃ সর্গস্থিত্যন্তকারিণী। ত্রিবর্ণা বর্ণিতাস্মাভিঃ কিং ভূয়ঃ শ্রোতুমিচ্ছসি ॥ ১৭ ॥

রাজোবাচ ॥

যথৈতামৈশ্বরীং মায়াং দুস্তরামকৃতাত্মভিঃ [illegible]ঞ্জঃ স্থূলধিয়ো মহর্ষ ইদমুচ্যতাং ॥ ১৮ ॥

কালাত্মনা শব্দস্য হি কালত এব নাশঃ প্রসিদ্ধঃ। তদ্রূপেণাত্মনা ঈশ্বরেণ আত্মনি তামসাহঙ্কারে ॥ ১৫ ॥

ইন্দ্রিয়াণি বুদ্ধিশ্চ রাজসাহঙ্কারং। মনো বৈকারিকৈর্দেবৈঃ সহ সাত্ত্বিকাহঙ্কারং। এবং ত্রিবিধৈঃ স্বগুণৈঃ স্বকার্য্যৈঃ সহিতঃ অহঙ্কারঃ আত্মনি মহতি। সচ প্রকৃতাবিতি দ্রষ্টব্যং ॥ ১৬ ॥

ত্রিবর্ণা ত্রিগুণা মায়া শ্রবণভীতং রাজানং তন্নিবৃত্ত্যুপায়শ্রবণে স্বয়ং ছন্দয়তি কিং ভূয় ইতি ॥ ১৭ ॥

এবমনুকম্পিতস্তন্নিবৃত্ত্যুপায়মেব পৃচ্ছতি যথৈতামিতি। যদ্যপি তস্মায়য়াতো বুধ আভজেত্তমিতি ভক্তিস্তত্তারকত্বেনোক্তৈব।

ক্রমসন্দর্ভঃ।

এষা ঈদৃশ কার্য্যরূপেত্যর্থঃ ॥ ১৭ ॥

বয়ং তাবৎ শৃণুন্ সুভদ্রাণীত্যাদিনা তদুপায়ং জ্ঞাতবন্ত এব। স্থূলধিয়ঃ স্থূলে কর্ম্মণ্যশ্বমেধাদাবেব ধীঃ প্রতীতির্যেষাং তে যথা অঞ্জস্তরন্তীত্যর্থঃ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কালাত্মনা কালস্বরূপেণেতি শব্দস্য কালত এব নাশঃ প্রসিদ্ধঃ। আত্মনি তামসাহঙ্কারে ॥ ১৫ ॥

ইন্দ্রিয়াণি বুদ্ধিশ্চ রাজসাহঙ্কারং মনোবৈকারিকৈ দেবৈঃ সহ সাত্ত্বিকাহঙ্কারং এবং ত্রিবিধৈঃ স্বগুণৈঃ স্বকার্য্যৈঃ সহিতঃ। অহং অহঙ্কারঃ। আত্মনি মহতি। সচ মহান্ প্রকৃতাবিতি দ্রষ্টব্যং ॥ ১৬ ॥

ত্রিবর্ণা ত্রিগুণা ॥ ১৭ ॥

যদ্যপি তস্মায়য়াতো বুধ আভজেত্তমিত্যুক্তের্ভক্ত্যৈব মায়াং তরন্তীতি রাজ্ঞা নিশ্চিতমেব তদপি তত্রত্যান্ বিদ্বন্মানিনঃ কর্ম্মিণো

দীপিকাদীপনং।

কালাত্মনেত্যর্দ্ধকং হি যতঃ শব্দস্য ক্ষণত্রয়রূপাৎ কালত এব নাশঃ প্রসিদ্ধঃ শব্দবুদ্ধিকর্ম্মণাং বিরম্য ব্যাপারাভাবাদিতি ন্যায়াৎ তস্মাত্তদ্রূপেণ কালরূপেণাত্মনেশ্বরেণ হৃতো গুণঃ শব্দো যস্য তন্নভঃ ॥ ১৫ ॥

স্বকার্যৈঃ স্বস্য ত্রিবিধাহঙ্কারস্য কার্য্যৈঃ ভূতেন্দ্রিয়বুদ্ধিমনোদেবৈঃ সহিতস্ত্রিবিধোহহংকারো মহত্তত্ত্বে প্রবিশতি ॥ ১৬ ॥

এষা সৃষ্ট্যাদিকার্য্যরূপা যতঃ সর্গাদিকর্ত্রী। তন্নিবৃত্ত্যুপায় শ্রবণে তস্যা মায়ায়া নিবৃত্তিস্তরণং তস্মিন্নুপায়ো ভক্তিযোগস্তস্য শ্রবণে স্বয়মস্তরীকচ্ছন্দয়তি ইচ্ছাং কারয়তি ॥ ১৭ ॥

এবং ছন্দনেন অনুকম্পিতঃ অন্তরীক্ষেণ কৃপাবিষয়ীকৃতঃ। নমু শৃণুন্ সুভদ্রাণীত্যাদিনা তদুপায়স্তূক্ত এবেত্যাশঙ্কায়ামাহ। যদ্যপীতি। তত্তরকত্বেন মায়াতারকত্বেন। তত্র মায়াতরণে। অঞ্জস্তরন্তীতি জ্ঞানং ব্যবচ্ছিনত্তে ক্লেশোহধিকতরস্তেষামব্যক্তাসক্তচেতসামিত্যাদেঃ ॥ ১৮ ॥

পরে কালকর্ত্তৃক হৃতগুণ আকাশও তামস অহঙ্কাররূপ আত্মাতে লীন হইবে ॥ ১৫ ॥

হে রাজন্! ইন্দ্রিয় সকল, মন ও বুদ্ধি ইহারা বৈকারিক গুণের সহিত সাত্ত্বিক অহঙ্কারও মহত্তত্ত্বে বিলীন হইবে ॥ ১৬ ॥

হে রাজন্! ভগবানের এই সৃষ্টি স্থিতি বিনাশকারিণী ত্রিগুণরূপা মায়ার স্বরূপ বর্ণন করিলাম, এক্ষণে আপনি কি শুনিতে ইচ্ছা করেন বলুন ॥ ১৭ ॥

রাজা এই প্রকার অনুকম্পিত হইয়া ঐ মায়ার নিবৃত্তি উপায় জিজ্ঞাসা করিলেন হে মহর্ষিগণ! যাহার মনঃ আত্মবশে নাই ঈদৃশ লোকের দুস্তর এই ঐশ্বরী মায়াকে যেরূপে স্থূলবুদ্ধি লোক সহসা উত্তীর্ণ হইতে পারে তাহাই আজ্ঞা করুন ॥ ১৮ ॥

শ্রীপ্রবুদ্ধ উবাচ ॥

কর্ম্মাণ্যারভমাণানাং দুঃখহত্যৈ সুখায় চ। পশ্যেৎপাকবিপর্য্যাসং মিথুনীচারিণাং নৃণাং ॥ ১৯ ॥

নিত্যার্ত্তিদেন বিত্তেন দুর্ল্লভেনাত্মমৃত্যুনা। গৃহাপত্যাপ্তপশুভিঃ কা প্রীতিঃ সাধিতৈশ্চলৈঃ ॥ ২০ ॥

এবং লোকং পরং বিদ্যান্নশ্বরং কর্ম্মনির্ম্মিতং। সতুল্যাতিশয়ধ্বংসং যথা মণ্ডলবর্ত্তিনাং ॥ ২১ ॥

শ্রী

তথাপি কিং ভক্তিরেবাস্তোহপি বা তত্রোপায়োহস্তীতি জ্ঞাতুং [illegible]। অকৃতাত্মভিরবশীকৃতান্তঃকরণৈঃ স্থূলধিয়ঃ স্থূলে শরীরে হহং ধীর্যেষাং তে। যদ্বা। স্থূলা জড়া ধীর্বুদ্ধির্যেষাং নতু সূক্ষ্মা [illegible]ধারণাত্মিকা ॥ ১৮ ॥

ভক্তিব্যতিরেকেণ নাস্ত্যন্য উপায় ইত্যভিপ্রেত্য ভক্তিমেব সসাধনাং নিরূপয়তি। তত্র প্রথমং বৈরাগ্যদ্বারা গুরূপসত্তিমাহ চতুর্ভিঃ কর্ম্মাণীতি। দুঃখ হত্যৈ দুঃখপ্রতীকারায় পাকবিপর্য্যাসং ফলবৈপরীত্যং। মিথুনীচারিণাং মিথুনীভূয় প্রবর্ত্তমানানাং ॥ ১৯ ॥

কর্ম্মভিঃ সাধিতা অপি বিত্তাদয়ো ন সুখহেতব ইত্যাহ নিত্যার্ত্তিদেনেতি আত্মনঃ স্বস্য মৃত্যুরূপেণ। চলৈরনিত্যৈরপ্যাপ্তিঃ ॥ ২০ ॥

কর্ম্মনির্ম্মিতত্বাৎ নশ্বরং। তথাচ শ্রুতিঃ। তদ্যথেহ কর্ম্মজিতো লোকঃ ক্ষীয়তে এবমেবামুত্র পুণ্যজিতো লোকঃ ক্ষীয়ত ইতি। কিঞ্চ বর্ত্তমানসময়েহপি দুঃখযুক্তং পশ্যেদিত্যাহ সতুল্যাতিশয়ধ্বংসং সহ তুল্যেনাতিশয়েন ধ্বংসেন চ বর্ত্তমানং অত্র তুল্যে স্পর্দ্ধা। অতিশয়েহসূয়া। ধ্বংসালোচনে ভয়াদিকঞ্চাপরিহার্য্যমিত্যর্থঃ। যথা খণ্ডমণ্ডলপতীনাং মিথঃ স্পর্দ্ধাদি তদ্বৎ ॥ ২১ ॥

ক্রমসন্দর্ভঃ।

অথ প্রথমতস্তেষাং তত্র কর্ম্মণ্যনাদরং জনয়তি। কর্ম্মাণীতি ত্রিভিঃ। অত্র দৃষ্টান্তো দ্বাভ্যাং দার্ষ্টান্তিকমেকেনেতি ॥ ১৯—২১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দৃষ্ট্বা পৃচ্ছতি যথেতি। অকৃতাত্মভিরিতি যুগপর্য্যাপ্তয়োঃ কৃতমিতি পর্য্যাপ্তিঃ পরিপূর্ণতেত্যমরোক্তে রপূর্ণত্বং মন্দত্বমতো মন্দধীভির্দুস্তরামপি স্থূলধিয়ঃ কর্ম্মি প্রভৃতয়োহজ্ঞাঃ সুখেনৈব যথা তরন্তি ইদমুচ্যতামিতি। শুনঃ পুচ্ছমালম্ব্য দুস্তরমপি সমুদ্রং সুখেন যথা তরন্তি তদুচ্যতামিতি কশ্চিৎ কমপি যথা পৃচ্ছতি তথৈব তত্রত্যান্ কর্ম্মিণঃ প্রতি সকটাক্ষভঙ্গীকঃ প্রশ্নোহয়ং রাজ্ঞো জ্ঞেয়ঃ ॥ ১৮ ॥

কর্ম্মিণো নৈব মায়াং তরন্তীতি সাক্ষাদেব বিবেকেন পশ্যেদিত্যাহ কর্ম্মাণীতি ত্রিভিঃ। পাকবিপর্য্যাসং ফলবিপর্য্যয়ং ॥ ১৯ ॥

বিত্তেন কা প্রীতি র্নকাপীত্যর্থঃ তথৈব তেন বিত্তেনাপি সাধিতৈর্গৃহাদিভিশ্চ কা প্রীতির্যতশ্চলৈঃ ॥ ২০ ॥

এবং লোকং পরমিতি। তথাচ শ্রুতিঃ। তদ্যথেহ কর্ম্মজিতো লোকঃ ক্ষীয়তে এবমেবামুত্র পুণ্যজিতো লোকঃ ক্ষীয়ত ইতি। কিঞ্চ। ভোগসময়েহপি দুঃখযুক্তং পশ্যেদিত্যাহ সতুল্যাতিশয়ধ্বংসং তুল্যেনাতিশয়েন ধ্বংসেন চ সহ বর্ত্তমানং। তত্র তুল্যে স্পর্দ্ধা অতিশয়েহসূয়া ধ্বংসে শোকঃ যথা মণ্ডলেশ্বরাণাং মিথঃ স্পর্দ্ধাদিদুঃখং ॥ ২১ ॥

দীপিকাদীপনং।

প্রবুদ্ধোহি মায়াশয়নাদ্বুদ্ধ ইত্যুচ্যতে মায়াতরণোপায়বর্ণনস্য তস্যৈব সম্ভবতীতি প্রবুদ্ধ এব মায়াতরণোপায়মুবাচ সসাধনাং গুরূপসত্যাদিসাধনসহিতাং ভক্তিং প্রেমলক্ষণং তত্র তেষু সাধনেষু মধ্যে ॥ ১৯ ॥

চলৈরিত্যস্য ব্যাখ্যানং দ্বিবিধং তত্রাহনিত্যৈর্নশ্বরৈঃ অপায়িভি র্বিশ্লেষবদ্ভিঃ ॥ ২০ ॥

এবং ঐহিকলোকবৎ। কর্ম্মনির্ম্মিতমিতি হেতুগর্ভং বিশেষণং। তথাচ নশ্বরত্বে প্রমাণং লোকো ভোগঃ বর্ত্তমানসময়ে ভোগসময়ে। ভয়াদিকমিত্যাদিনা চিন্তা দৈন্যপরিগ্রহঃ ॥ ২১ ॥

প্রবুদ্ধ কহিলেন, হে মহারাজ! বিশুদ্ধ চিত্ত ব্যক্তি, দুঃখ প্রতিকার ও সুখ প্রাপ্তির নিমিত্ত কর্ম্মাচরণকারী মিথুনধর্ম্মপরায়ণ লোকদিগের কর্ম্ম ফলের বৈপরীত্য দর্শন করিবেন ॥ ১৯ ॥

আপনার মৃত্যু স্বরূপ, নিত্য পীড়াদায়ক, দুর্ল্লভ বিত্ত দ্বারা বা কর্ম্ম জন্য অতি চঞ্চল গৃহ, অপত্য, বন্ধু ও পশু দ্বারা কি তৃপ্তি সাধিত হইবে? ॥ ২০ ॥

এইরূপ কর্ম্ম জন্য সমুদায় লোককে অত্যন্ত নশ্বর বলিয়া জানিবে, যেমন খণ্ডমণ্ডলবর্ত্তি রাজাদিগের তুল্যের প্রতি স্পর্দ্ধা, অতিশয়ের প্রতি অসূয়া ও ধ্বংসাবলোকনে ভয় হয়, তদ্রূপ সমুদায় লোককেই জানিবে ॥ ২১ ॥

তস্মাদ্গুরুং প্রপদ্যেত জিজ্ঞাসুঃ শ্রেয় উত্তমং। শাব্দে পরেচ নিষ্ণাতং ব্রহ্মণ্যুপশমাশ্রয়ং ॥২২॥
তত্র ভাগতান্ ধর্ম্মান্ শিক্ষেদ্গুর্ব্বাত্মদৈবতঃ। অমায়য়ানুবৃত্ত্যা যৈ স্তুষ্যেদাত্মাত্মদো হরিঃ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

উত্তমং শ্রেয়ো জ্ঞাতুমিচ্ছুঃ। শাব্দে ব্রহ্মণি বেদাখ্যে ন্যায়তো ব্যাখ্যানতো নিষ্ণাতং তত্ত্বজ্ঞং অন্যথা সংশয়নিরাসকত্বাযোগাৎ। পরেচ ব্রহ্মণি অপরোক্ষানুভবেন নিষ্ণাতং। অন্যথা বোধসঞ্চারায়োগাৎ। পরব্রহ্মনিষ্ণাতত্বদ্যোতকমাহ উপশমাশ্রয়মিতি ॥ ২২ ॥

গুরুরেব আত্মা দৈবতঞ্চ যস্য সঃ। অনুবৃত্ত্যা সেবয়া যৈর্ধর্ম্মৈঃ বস্তুতঃ আত্মা আত্মপ্রদশ্চ উপাসকানাং যথা বলিপ্রভৃতীনাং ॥ ২৩॥

ক্রমসন্দর্ভঃ।

তত এবমেব কুর্ব্বীতেত্যাহ তস্মাদিত্যাদিনা ॥ ২২ ॥

তত্র ভাগবতানিত্যষ্টকং। আত্মা সর্ব্বমূলস্বরূপত্বাদসগোর্দ্ধানন্দরূপঃ আনন্দাদ্ধ্যেবমানি ভূতানি জায়ন্তে ইতি শ্রুতেঃ। তত্রাপি দাতা ভক্তসাৎকর্ত্তা। কামাকর্ম্মাধিকারবিষয়মিদং প্রকরণমিত্যাপাততো হশ্রদ্ধামাশঙ্ক্য শ্রদ্ধা দ্বারভূতানাহ সর্ব্বত ইত্যাদিনা। ততঃ শুদ্ধান্তঃকরণতয়া জাতশ্রদ্ধাংস্তান্ প্রতি সাক্ষাদ্ভক্তিরূপানাহ। শ্রবণমিত্যাদিনা। তত্র শ্রবণমিত্যাদি যুগ্মকং। নতু পূর্ব্বং যজ্ঞাদিকর্ম্ম কৃতং। যচ্চ দারাদিকং দ্রব্যং সংচিতং তত্তৎ কিং কর্ত্তব্যঃ তত্রাহ ইষ্টমিতি এবং পূর্ব্বরীত্যাবস্থায়াং স্থাবরজঙ্গময়োঃ পরিচর্য্যা তত্র উৎকর্ষেণ নৃষু ততঃ সাধুষু ততঃ শ্রীভাগবতমাত্রেষু যথার্হং শিক্ষেৎ। কৃষ্ণএব আত্মা নাথঃ পরমপ্রেমাস্পদং যেষাং তেষু শ্রীভাগবতবিশেষেষু তু সৌহৃদং শিক্ষেৎ। তত্তাদ্বিশেষানুসন্ধানেন ক্রমেণ মনস্তানয়োদিত্যর্থঃ ॥ ২৩—৩১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অতঃ পূর্ব্বপ্রোক্তা ভক্তিরেব সংসারতারণী সৈব বিত্রিয়তে শৃণ্বিত্যাহ তস্মাদিতি। শাব্দে ব্রহ্মণি বেদে বেদতাৎপর্য্যজ্ঞাপকে শাস্ত্রান্তরে চ নিষ্ণাতং নিপুণং। অন্যথা শিষ্যস্য সংশয়চ্ছেদাভাবে বৈমনস্যে চ সতি কস্যচিৎ শ্রদ্ধাশৈথিল্যমপি সম্ভবেৎ। পরে ব্রহ্মণি চ নিষ্ণাতং অপরোক্ষানুভবসমর্থং। অন্যথা তৎকৃপা সম্যক্ ফলবতী ন স্যাৎ। পরব্রহ্মনিষ্ণাতত্বদ্যোতকমাহ উপশমাশ্রয়ং ক্রোধলোভাদ্যবশীভূতং ॥ ২২ ॥

তুষ্যেদিত্যস্য দ্যোতকমাহ আত্মাত্মদঃ আত্মনঃ স্বস্য আত্মানং শ্রীবিগ্রহং দদাতি। দ্রষ্টুং স্প্রষ্টুং সাক্ষাৎ পরিচরিতুঞ্চেতি ভাবঃ ॥২৩॥

দীপিকাদিপনং।

তস্মাদ্বিষয়ভোগস্যাংসারত্বাত্ততো বিরজ্য গুরুং প্রপদ্যেতেতি বৈরাগ্যদ্বারা গুরূপসত্তিঃ প্রোক্তা। ন্যায়তো বিচারতঃ তত্ত্বজ্ঞঃ যাথার্থ্যতো বেত্তারং। অন্যথা শব্দব্রহ্মণি নিষ্ণাতত্বাভাবে। পুনরন্যথা পরব্রহ্মণি নিষ্ণাতত্বাভাবে। সম্বোধসঞ্চারঃ শিষ্যে উপদিষ্টজ্ঞানসংক্রমণং। শব্দব্রহ্মণি নিষ্ণাতত্বদ্যোতকং ব্যাখ্যানোপপত্ত্যাদিনা সংশয়খণ্ডনমেব ॥ ২২ ॥

তত্রেত্যষ্টকং বহুবাক্যৈকবাক্যত্বান্মধ্যেহঙ্কা বোধ্যাঃ। তত্র গুরূপসত্তৌ সত্যাং গুরোঃ সকাশাৎ অমায়য়া নিষ্কপটয়া। ১ ॥ ২৩ ॥

অতএব যে ব্যক্তি উত্তমশ্রেয়ঃ অর্থাৎ মোক্ষ লাভে অভিলাষ করিবেন তিনি বেদাখ্য শব্দ ব্রহ্মের ন্যায়ানুগত ব্যাখ্যায় নিপুণ ও পরব্রহ্ম ভগবানে নিষ্ঠা প্রাপ্ত এবং ক্রোধ লোভাদির অবশীভূত গুরুদেবের নিকট গমন করিবেন ॥

তাৎপর্য্য। যাঁহাকে গুরু বলিয়া স্বীকার করিতে হইবে প্রথমত তাঁহার এই সকল লক্ষণ দেখিতে হইবে, তিনি বেদাখ্য শব্দব্রহ্মে পারদর্শী হইবেন, নতুবা শিষ্যের সন্দেহ ছেদন করিতে পারিবেন না তন্নিবন্ধন শিষ্যের বৈমনস্য জন্মিবে এবং তাঁহার ভগবানে নিষ্ঠা দেখিতে হইবে, নতুবা তাঁহার কৃপা ফলবতী হইবে না এবং তাঁহার ক্রোধ লোভাদি থাকিবে না, এরূপ লক্ষণাক্রান্ত গুরু হইলে তাঁহারই উপদেশ গ্রহণ করিবে, এতদ্ভিন্ন অন্যের উপদেশ লইবে না ॥ ২২ ॥

এবং তথায় গিয়া উপাসকের আত্মপ্রদ আত্মা হরি যাহাতে পরিতুষ্ট হয়েন সেইরূপ অনুবৃত্তি দ্বারা গুরুসেবা করত তাঁহাকে দেবতা জ্ঞান করিয়া ভাগবতধর্ম্ম শিক্ষা করিবে ॥ ২৩ ॥

সর্ব্বতো মনসোঽসঙ্গমাদৌ সঙ্গঞ্চ সাধুষু। দয়াং মৈত্রীং প্রশ্রয়ঞ্চ ভূতেষদ্ধা যথোচিতং ॥ ২৪ ॥
শৌচং তপস্তিতিক্ষাঞ্চ মৌনং স্বাধ্যায়মার্জ্জবং। ব্রহ্মচর্য্যমহিংসাঞ্চ সমত্বং দ্বন্দ্বসংজ্ঞয়োঃ ॥ ২৫ ॥
সর্ব্বত্রাত্মেশ্বরান্বীক্ষাং কৈবল্যমনিকেততাং। বিবিক্ত চীরবসনং সন্তোষং যেন কেনচিৎ ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

যথোচিতমিতি হীনেষু দয়াং। সমেষু মৈত্রীং। উত্তমে প্রশ্রয়ঞ্চ শিক্ষেদিত্যর্থঃ ॥ ২৪ ॥

শৌচং বাহ্যং মৃজ্জলাদিভিঃ। আভ্যন্তরঞ্চ অদম্ভমানাদি শিক্ষেৎ। তপঃ স্বধর্ম্মাচরণং তিতিক্ষাং ক্ষমাং। মৌনং বৃথাবাচামনুচ্চারণং। স্বাধ্যায়ঃ অধিকারানুরূপং বেদপাঠাদিকং। আর্জ্জবং স্বচ্ছতাং ব্রহ্মচর্য্যং যস্ত যাদৃগুচিতং। ঋতষু স্বদারনিয়মাদি। অহিংসাং ভূতেষদ্রোহং। দ্বন্দ্বসংজ্ঞয়োঃ শীতোষ্ণ সুখদুঃখাদিরূপয়োঃ হর্ষবিষাদরাহিত্যং ॥ ২৫ ॥

আত্মেশ্বরান্বীক্ষাং সচ্চিদ্রূপেণ আত্মেক্ষাং নিয়ন্তৃরূপেণ ঈশ্বরান্বীক্ষাঞ্চ। কৈবল্যং একান্তশীলত্বং। অনিকেততাং গৃহাদ্যভিমানরাহিত্যং। বিবিক্তচীরবসনং বিজনপতিতানাং শুদ্ধানাং বা বল্কলাদীনাং বা পরিধানং ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যথোচিতমিতি হীনেষু দয়াং সমেষু মৈত্রীং উত্তমেষু বিনয়ং শিক্ষেদিত্যর্থঃ ॥ ২৪ ॥

শৌচং বাহ্যং মৃজ্জলাদিভিঃ আভ্যন্তরঞ্চাদম্ভমানাদিভিঃ শিক্ষেৎ। তপঃ কামক্রোধাদিবেগধারণং। তিতিক্ষাং ক্ষমাং মৌনং বৃথাবাগপ্রয়োগঃ। স্বাধ্যায়ং ভক্তিবিধায়ক শ্রীগোপালতাপন্যাদি পাঠং। আর্জ্জবং সারল্যং। ব্রহ্মচর্য্যং স্ত্রীসঙ্গত্যাগঃ। অহিংসামদ্রোহং দ্বন্দ্বসংজ্ঞয়োর্মানাবমানাদ্যোঃ সমত্বং হর্ষবিষাদরাহিত্যং ॥ ২৫ ॥

আত্মেশ্বরস্য স্বেষ্টদেবস্য অন্বীক্ষামীক্ষণাভ্যাসং কৈবল্যমেকান্তচারিত্বং। অনিকেততাং গৃহাদ্যভিমানরাহিত্যং বিবিক্তানাং শুদ্ধানাং চীরবল্কলাদীনাং বসনং পরিধানং ॥ ২৬ ॥

দীপিকাদীপনং।

তত্রাদৌ শ্রদ্ধাহেতুভূতান্ সাক্ষাদ্ভাগবতধর্ম্মানাহ সর্ব্বত ইতি চতুর্ভিঃ ভূতেষ্বিত্যস্য বিশিষ্যব্যাখ্যানাদিত্যর্থ ইত্যুক্তং। ২ ॥ ২৪ ॥

অদম্ভমানাদিভিঃ দম্ভমানাদ্যভাবৈঃ। যস্ত গৃহস্থাদেঃ। ৩ ॥ ২৫ ॥

সচ্চিদ্রূপেণেতি অস্তি ভাতি প্রিয়ং রূপং নামচেত্যর্থ পঞ্চকং আদ্যং ত্রয়ং ব্রহ্মরূপং জগদ্রূপং ততো দ্বয়মিত্যুক্তেঃ ঘটোঽস্তি পটোঽনুভূয়ত ইতি সত্তানুভূতিরূপেণাত্মেক্ষাং ব্রহ্মবিচারং শিক্ষেৎ। নিয়ন্তৃরূপেণ তু ঈশ্বরস্যান্তর্যামিণোঽন্বীক্ষাং বিচারং শিক্ষেদিত্যর্থঃ বিবিক্তপদস্য একান্ত শুদ্ধার্থদ্বয়বাচকত্বাদ্বিজনপতিতানামিত্যাদিব্যাখ্যাতং বাসসামিত্যত্র বস্ত্রখণ্ডানামিত্যেব পাঠঃ চীরশব্দস্য তত্রৈব শক্তেঃ বল্কলানামিতি তু লক্ষণয়া ব্যাখ্যাতং। ৪ ॥ ২৬ ॥

প্রথমতঃ সকল বিষয় হইতে মনের আসক্তি পরিহার পূর্ব্বক সতের সহিত সঙ্গ করিবে, পরে হীন লোকের প্রতি দয়া, সমান লোকের সহিত মিত্রতা, ও আপন অপেক্ষা শ্রেষ্ঠ লোকের প্রতি সম্মান শিক্ষা করিবে ॥ ২৪ ॥

তদনন্তর বাহ্যাভ্যন্তর শৌচ অর্থাৎ মৃত্তিকা ও জল দ্বারা বাহ্য শৌচ এবং দম্ভ মানাদি পরিত্যাগ নিবন্ধন আন্তরিক শৌচ, তৎপরে স্বধর্ম্মাচরণ, ক্ষমা, মৌন অর্থাৎ ব্যর্থ বাক্যের অনুচ্চারণ, স্বাধ্যায় (অধিকারানুরূপ বেদ পাঠ) সরলতা, ব্রহ্মচর্য্য অর্থাৎ ঋতুকালে স্বদার নিয়মাদি, অহিংসা (প্রাণিমাত্রের অনিষ্ট চিন্তা না করন) ও শীতোষ্ণ সুখ দুঃখাদি সহন শিক্ষা করিবে ॥ ২৫ ॥

তৎপরে সর্ব্বত্র সচ্চিৎরূপে আত্মার ঈক্ষণ, নিয়ন্তারূপে ঈশ্বরের ঈক্ষণ, নির্জন প্রদেশে বাস, গৃহাদির প্রতি অভিমান-রাহিত্য, বিজন পতিত শুদ্ধ বল্কল পরিধান এবং যে কোন প্রকারে হউক সন্তোষ শিক্ষা করিবেন ॥ ২৬ ॥

শ্রদ্ধাং ভাগবতে শাস্ত্রে অনিন্দামন্যত্রচাপিহি। মনোবাক্ কায়দণ্ডঞ্চ সত্যং শমদমাবপি ॥ ২৭ ॥
শ্রবণং কীর্ত্তনং ধ্যানং হরেরদ্ভুতকর্ম্মণঃ। জন্মকর্ম্মগুণানাঞ্চ তদর্থেঽখিলচেষ্টিতং ॥ ২৮ ॥
ইষ্টং দত্তং তপো জপ্তং বৃত্তং যচ্চাত্মনঃ প্রিয়ং। দারান্ গৃহান্ সুতান্ প্রাণান্ যৎ পরস্মৈ নিবেদনং ॥২৯

শ্রীধরস্বামী।

ভাগবতে ভগবৎপ্রতিপাদকে অন্যত্র শাস্ত্রাদৌ চ যা অনিন্দা তাং। মনসঃ প্রাণায়ামৈঃ। বাচো মৌনেন। কায়স্যানীহয়া দণ্ডং। সত্যং যথার্থভাষণং। শমদমৌ অন্তঃকরণ বাহ্যেন্দ্রিয়নিগ্রহৌ ॥ ২৭ ॥

হরের্জন্মকর্ম্মগুণানাং শ্রবণাদি তদর্থে হর্য্যুদ্দেশেন সর্ব্বং কর্ম্ম ॥ ২৮ ॥

বিশেষতশ্চ যজনাদি যচ্চ তৎ তদর্থে শিক্ষেৎ। ইষ্টং দত্তমিত্যাদয়ো ভাবনিষ্ঠা বৃত্তং সদাচারঃ। আত্মনঃ প্রিয়ং গন্ধপুষ্পাদি দারাদীনপ্যালক্ষ্য পরস্মৈ পরমেশ্বরায় নিবেদনং তৎসেবকতয়া সমর্পণং যত্তচ্ছিক্ষেৎ ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অন্যত্র শাস্ত্রাদৌ যা অনিন্দা তাং। মনোবাক্কায়দণ্ডং মানসবাচিক কায়িক বিকর্ম্মরাহিত্যং। সত্যং যথার্থভাষণং শমদমৌ অন্তঃকরণবাহ্যেন্দ্রিয়নিগ্রহৌ ॥ ২৭ ॥

হরের্জন্মকর্ম্মগুণানাং চকারাৎ নাম্নাং তদর্থে তৎ পরিচর্য্যাদ্যার্থমেব অখিলচেষ্টিতং দন্তধাবনাদিরাহ্নিকঃ সর্ব্ব এব ব্যাপারঃ ॥ ২৮ ॥

ইষ্টং বিষ্ণুসম্প্রদানকো যাগঃ দত্তং বিষ্ণুবৈষ্ণবসম্প্রদানকং দানং। তপ একাদশ্যাদিকব্রতং। জপ্তং বিষ্ণুমন্ত্রজপঃ। বৃত্তং সদাচারঃ। যচ্চাত্মনঃ স্বস্য প্রিয়ং বস্তু তস্য পরস্মৈ পরমেশ্বরায় নিবেদনং তচ্চ নিবেদনং দারানিতি দারাদীন্ যৎ ব্যাপ্নুবং ইন্ শত্রন্তরূপং দারাদীনাং তৎসেবার্থমেব নিযোজনং যৎ তচ্ছিক্ষেদিত্যর্থঃ ॥ ২৯ ॥

দীপিকাদীপনং।

অন্যত্র শিবাদিপ্রতিপাদকশাস্ত্রাদৌ আদিনা তদন্যদেবতাদিপরিগ্রহঃ। তদুক্তং বিষ্ণুরেব সদারাধ্যঃ সর্ব্বদেবেশ্বরঃ পুমান্। ইতরে ব্রহ্মরুদ্রাদ্যাঃ নাবজ্ঞেয়াঃ কথং চ নেতি কর্ম্মণঃ কায়িকব্যাপারস্যানীহয়াঽকামেন দণ্ডঃ তদুক্তমভিজ্ঞৈঃ নাকামস্য ক্রিয়া কাচিদ্দৃশ্যতে নেহ কর্হিচিৎ। যদ্যদ্ধি কুরুতে জন্তু স্তত্তৎ কামস্য চেষ্টিতমিতি। ৫ ॥ ২৭ ॥

জাতশ্রদ্ধানাং সাক্ষাদ্ভক্তিরূপান্ ধর্ম্মানাহ শ্রবণমিত্যাদি চতুর্ভিঃ। তত্রাপি শ্রবণমিতি যুগ্মকং ইষ্টাদিকং তদর্থে শিক্ষেৎ আত্মনঃ প্রিয়ং গন্ধাদি তথা দারাদীনপ্যালক্ষ্য পরস্মৈ যন্নিবেদনং তচ্ছিক্ষেদিত্যন্বয়ঃ। ৬ ॥ ২৮ ॥ ২৯ ॥

ভগবৎ প্রতিপাদক শাস্ত্রে শ্রদ্ধা, অন্য শাস্ত্রে অনিন্দা, মন, বাক্য ও শরীরের দণ্ড অর্থাৎ প্রাণায়াম দ্বারা মনের দণ্ড, মৌন দ্বারা বাক্যের দণ্ড এবং কর্ম্ম না করণ নিবন্ধন শরীরের দণ্ড, সত্য (যথার্থ-ভাষণ) ও শম দমাদি অর্থাৎ অন্তরেন্দ্রিয় ও বাহ্যেন্দ্রিয় নিগ্রহ শিক্ষা করিবে ॥ ২৭ ॥

অদ্ভুতকর্ম্মা হরির জন্ম কর্ম্ম ও গুণ সকলের শ্রবণ কীর্ত্তন ও ধ্যান এবং তাঁহারই উদ্দেশে সমুদায় কর্ম্ম করিবে ॥ ২৮ ॥

ইষ্ট, দান, তপস্যা, জপ, সদাচার, আপনার প্রিয়বস্তু, কলত্র, পুত্র, গৃহ ও প্রাণ এ সমুদায় পরমেশ্বরে নিবেদন করিবে ॥

তাৎপর্য্য। ইষ্টশব্দে বিষ্ণুসম্প্রদানক যাগ, দত্তশব্দে বিষ্ণুবৈষ্ণবসম্প্রদানক দান, তপস্যাশব্দে একাদশী প্রভৃতির ব্রত, জপশব্দে বিষ্ণুমন্ত্র জপ এবং আপনার যাহা প্রিয় তৎসমুদায় পরমেশ্বরে নিবেদন করিবে, আর কলত্র পুত্রাদি সকলকে ভগবৎ সেবার্থ নিয়োজন করিবে ॥ ২৯ ॥

এবং কৃষ্ণাত্মনাথেষু মনুষ্যেষু চ সৌহৃদং। পরিচর্য্যাচোভয়ত্র মহৎসু নৃষু সাধুষু ॥ ৩০ ॥
পরস্পরানুকথনং পাবনং ভগবদ্যশঃ। মিথোরতির্মিথস্তুষ্টি র্নিবৃত্তির্মিথ আত্মনঃ ॥ ৩১ ॥
স্মরন্তঃ স্মারয়ন্তশ্চ মিথোঽঘৌঘহরং হরিং। ভক্ত্যা সংজাতয়া ভক্ত্যা বিভ্রত্যুৎপুলকাং তনুং॥৩২
কচিদ্রুদন্ত্যচ্যুতচিন্তয়া কচিদ্ধসন্তি নন্দন্তি বদন্ত্যলৌকিকাঃ।

শ্রীধরস্বামী।

কৃষ্ণ এব আত্মা নাথশ্চ যেষাং কৃষ্ণ আত্মনো জীবস্ত নাথো যেষামিতি বা তেষু উভয়ত্র স্থাবরে জঙ্গমেচ যা পরিচর্য্যা তাং বিশেষতো নৃষু তত্রাপি সাধুষু ধর্ম্মশীলেষু তত্রাপি মহৎসু শ্রীভাগবতেষু চ ॥ ৩০ ॥

তৈঃ সহ সঙ্গম্য যৎ পাবনং ভগবদ্যশঃ তস্ত পরস্পরানুকথনং শিক্ষেৎ। যদ্বা। যশঃ প্রতি তত্র সংস্পর্দ্ধাদি পরিত্যাগেন মিথো যা রতিঃ রমণং যাচ তুষ্টিঃ সুখং যাচ নিবৃত্তিঃ সমস্ত দুঃখনিবৃত্তি স্তাং শিক্ষেৎ ॥ ৩১ ॥

এবং বর্ত্তমানানাং পরমানন্দপ্রাপ্তিমাহ স্মরন্ত ইতি দ্বয়েন। ভক্ত্যা সাধনভক্ত্যা সংজাতয়া প্রেমলক্ষণয়া ॥ ৩২ ॥

ক্রমসন্দর্ভঃ।

সাক্ষাদ্ভক্তি ফলমাহ স্মরন্ত ইতি দ্বয়েন ॥ ৩২—৩৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কৃষ্ণ এবাত্মনাথঃ প্রাণনাথো যেষাং তেষু মনুষ্যেষু সৌহৃদং স্নেহবিশেষঃ। উভয়ত্র শ্রীভগবতি তদ্ভক্তেষু চ তেষু মহৎসু স্বস্তাদরণীয়েষু। তথা নৃষু সাধুষু সাধুলোকেষু স্বতুল্যেষু যথোচিতং যা পরিচর্য্যা তাং শিক্ষেদিত্যর্থঃ ॥ ৩০ ॥

পরস্পরমেবানুকথনং যত্র তথাভূতং পাবনং যৎ ভগবতো যশস্তদালম্ব্য মিথোরতিঃ সংস্পর্দ্ধাদি পরিত্যাগেন তত্রৈব পরস্পর রমণং মিথস্তুষ্টিঃ পরস্পরসন্তোষং সুখং আত্মনো মিথো নিবৃত্তিরিতি। ভক্তিপ্রতিকূলবিষয়ভোগাৎ স্বস্য স্ত্রীসম্ভোগাদিলক্ষণাৎ স্বয়া চেন্নিবৃত্তং তর্হি মমাপ্যদ্যারভ্য নিবৃত্তমিত্যেবং যা ভোগনিবৃত্তিস্তাঞ্চ শিক্ষেৎ ॥ ৩১ ॥

এবং সাধনভক্ত্যা সাধ্যভক্তিপ্রাপ্তিমাহ স্মরন্ত ইতি ভক্ত্যা সাধনভক্ত্যা সংজাতয়া ভক্ত্যা প্রেমভক্ত্যা ॥ ৩২ ॥

অদ্যাপি কৃষ্ণো ন প্রাপ্ত স্তর্হি কিং করোমি ক গচ্ছামি কং পৃচ্ছামি কোমাং তং প্রাপয়েদিত্যেবং চিন্তয়া রুদন্তি। কচিদ্ধসন্তীতি গোপবধূচৌর্য্যার্থং তামস্যাং রাত্রৌ কস্তচিদ্গোপস্ত প্রাঙ্গণে কোণস্থ তরুতলে নিভৃতা স্থিতং কোঽসি ত্বং রে কোঽসীতি তস্যা গুরুজন-

দীপিকাদীপনং।

দেহনাথাৰন্ধেঽপি প্রতীয়েতে জীবতত্ত্বস্ত নাথস্য কৃষ্ণ এবেতি দ্বিতীয়পক্ষাভিপ্রায়ঃ এবং পূর্ব্বরীত্যা তথা ভূতেষু মনুষ্যেষু ভক্তেষু সৌহৃদং প্রীতিঞ্চ শিক্ষেৎ তত্রাপি নৃষ্বপি মধ্যে তত্রাপি স্বধর্ম্মশীলেষ্বপি মহৎ কৃষ্ণাত্মনাথয়োশ্চ যথাসঙ্খ্যং সাধনসাধ্যভক্তিমত্ত্বেন বিশেষো জ্ঞেয়োঽন্যথা পৌনরুক্ত্যাপত্তেঃ। ৭ ॥ ৩০ ॥

তৈ ভাগবতৈঃ শ্রবণাদিনিরতৈঃ ভগবৎসম্বন্ধমস্তরা মিথো রত্যাদের্ভক্তিত্বাৎসম্ভবাদন্ততচ্ছব্দয়ো রধ্যাহারগৌরবাচ্চ যদ্বেতি। ৮ ॥ ৩১ ॥

এবং সাধনভক্ত্যনুষ্ঠানপ্রকারেণ। পরমানন্দস্বরূপস্য প্রেম্নঃ প্রাপ্তিং ॥ ৩২ ॥

কচিৎ স্ফূর্ত্তিভঙ্গে অচ্যুতস্য চিন্তয়া কদা মিলিষ্যতীতি ভাবনয়া রুদন্তি ভক্তপরাজিতমাকলয্য হসন্তি নন্দন্তি ভক্তবাৎসল্যাদি গুণান্

এইরূপ কৃষ্ণভক্ত মনুষ্যের সহিত সৌহৃদ্যভাব ও স্থাবর জঙ্গমে পরিচর্য্যা, বিশেষতঃ মনুষ্যে, তন্মধ্যে স্বধর্ম্মশীলে, তন্মধ্যে আবার সাধু ব্যক্তিতে পরিচর্য্যা শিক্ষা করিবে ॥ ৩০ ॥

অনন্তর ভগবদ্ভক্তের সঙ্গ লাভ হইলে পবিত্র ভগবদ্যশের পরস্পর কথোপকথন, পরস্পর প্রণয়, সন্তোষ ও দুঃখ নিবৃত্তি শিক্ষা করিবে ॥ ৩১ ॥

এই প্রকার সাধন ভক্তির দ্বারা সাধ্যভক্তি প্রাপ্তি কহিতেছেন, হে রাজন্! সর্ব্বপাপ বিনাশন ভগবান্ হরিকে পরস্পর স্মরণ করিবে ও অন্যকে স্মরণ করিয়া দিবে এবং সাধনভক্তি দ্বারা প্রেম উৎপন্ন হইলে তদ্দ্বারা পুলকিত শরীর ধারণ করিবে ॥ ৩২ ॥

কখন কৃষ্ণচিন্তায় রোদন করিতে থাকে, কখন হাস্য করে, কখন আহ্লাদিত হয়, কখন অলৌকিক

নৃত্যন্তি গায়ন্ত্যনুশীলয়ন্ত্যজং ভবন্তি তূষ্ণীং পরমেত্য নির্বৃতাঃ ॥ ৩৩ ॥

ইতি ভাগবতান্ ধর্ম্মান্ শিক্ষন্ ভক্ত্যা তদুত্থয়া। নারায়ণপরো মায়ামঞ্জস্তরতি দুস্তরাং ॥ ৩৪ ॥

শ্রীরাজোবাচ ॥

নারায়ণাভিধানস্য ব্রহ্মণঃ পরমাত্মনঃ। নিষ্ঠামর্হথ নো বক্তুং যূয়ং হি ব্রহ্মবিত্তমাঃ ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী।

অজং হরিং অনুশীলয়ন্তি তল্লীলামভিনয়ন্তি। এবং পরমেত্য প্রাপ্য নির্বৃতাঃ সন্তস্তূষ্ণীং ভবন্তি ॥ ৩৩ ॥

উপসংহরতি ইতীতি। শ্রীভাগবতধর্ম্মোৎপন্নয়া ভক্ত্যা ॥ ৩৪ ॥

নারায়ণপরো মায়াং তরতীত্যুক্তে পৃচ্ছতি নারায়াভিধানস্যেতি। নিষ্ঠাং স্বরূপং। অয়ং ভাবঃ। ব্রহ্মৈব তাবন্নারায়ণ ইতি ভগবানিতি পরমাত্মেতি চোচ্যতে। তদুক্তং। বদন্তি তত্তত্ত্ববিদস্তত্ত্বং যজ্জ্ঞানমদ্বয়ং। ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যতে ইতি। তথা নারা-

ক্রমসন্দর্ভঃ।

তদানুষঙ্গিকফলমাহ ইতীতি ॥ ৩৪ ॥

নারায়ণাভিধানস্যেতি তৈঃ। তত্র নারায়ণ ইতি ভগবানিতীতি। নারায়ণ ইতি নামা ভগবানিত্যর্থঃ। যদ্বা। নারায়ণাভিধানস্য ভগবতঃ। ব্রহ্মেতি পরমাত্মেত্যাদিপ্রসিদ্ধতৎসমুদায়তৃতীয়তয়া পাঠাৎ। নারায়ণে তুরীয়াখ্যে ভগবচ্ছব্দশব্দিতে ইত্যত্র স্পষ্টীভাবি-ষ্যাচ্চ। নিষ্ঠাং তত্ত্বং ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বাচা পলায়িতুং প্রবৃত্তং কৃষ্ণং স্ফূর্ত্তিপ্রাপ্তমালক্ষ্যেত্যর্থঃ। নন্দন্তি তদপরোক্ষানুভবেনানন্দং প্রাপ্নুবন্তি। হা প্রভো এতাবদ্ভির্দিনৈ-র্ঘামহং প্রাপ্তোঽস্মীতি বদন্তি। অলৌকিকাঃ লোকাতীতাঃ। অজং শ্রীকৃষ্ণং অনুশীলয়ন্তি স্বীয়শ্রোত্রাদীন্দ্রিয়বিষয়ীকুর্ব্বন্তি। এবং পরং পরমেশ্বরং এত্য প্রাপ্য নির্বৃতাঃ সন্তস্তূষ্ণীং ভবন্তি ॥ ৩৩ ॥

ইতি ধর্ম্মান্ শিক্ষন্নিতি স্মারয়ন্তশ্চেত্যেতদন্তানামনুষ্ঠানস্য শিক্ষণং তদুত্তরেষাং পুলকিততনুত্ব-রোদনাদীনামভিলাষস্য শিক্ষণং কদাহমুৎপুলকিততনুর্ভবেয়মিত্যেতৎপ্রকারকং তদুত্থয়া শিক্ষিতভক্তিজনিতয়া ভক্ত্যা উক্তলক্ষণপ্রেমভক্ত্যা মায়াং তরতীত্যানুষঙ্গিকং ফলমুক্তং ॥ ৩৪ ॥

নারায়ণপর ইতি শ্রুত্বা নারায়ণস্য স্বরূপং পৃচ্ছতি নারায়ণেতি। নারায়ণে তুরীয়াখ্যে ভগবচ্ছব্দশব্দিতে ইত্যুক্তে নারায়ণাভি-ধানো যো ভগবান্ তস্য নিষ্ঠাং স্বরূপং নহু স ভবেষ্টদেব এব ভবতি গুরূপদিষ্টধ্যানমার্গেণ তৎস্বরূপং তং জানাম্যেবেতি তত্রাহ ব্রহ্মণ ইতি স এব নারায়ণো ব্রহ্ম স এব পরমাত্মা অত একস্বরূপস্যৈব তস্য ত্রিতয়ত্বেন কথনে কঃ প্রকারস্তমহং জিজ্ঞাসে ইতি ভাবঃ ॥ ৩৫ ॥

দীপিকাদীপনং।

প্রশংসন্তি। অলৌকিকাঃ বিবশাঃ। তূষ্ণীং ভবন্তীতি রসাস্বাদোদ্দেশঃ ॥ ৩৩ ॥

উপসংহরতি আনুষঙ্গিকং ফলং কথয়ন্ সসাধনান্ ভাগবতধর্ম্মান্ সমাপয়তি। ভাগবতধর্ম্মোৎপন্নয়া ভক্ত্যা নারায়ণপরঃ প্রেম্না তদেকাবিষ্টঃ সন্নঞ্জো হনায়াসেনৈব মায়াং তরতীত্যন্বয়ঃ ॥ ৩৪ ॥

নারায়ণাদ্যাবির্ভাবস্য তদ্বিভূত্যাশ্রয়ণমন্তরা নিরূপকত্বাযোগাৎ অশ্বত্থঃ সর্ব্ববৃক্ষাণামিতি ভগবদুক্তেঃ। পিপ্পলং ভগবদ্বিভূতিরয়নমা-শ্রয়ো যস্য স তথেতি তত্তত্ত্বর্ণনে তৎসৌবোচিত্যাৎ স এবোবাচেত্যুক্তং তত্তন্নামগ্রহণে কিং প্রয়োজনমিত্যাশঙ্ক্য প্রয়োজনীভূতং

বাক্য বলে, কখন নৃত্য, কখন গীত, কখন কৃষ্ণানুশীলন এবং কখন নির্বৃত হইয়া তূষ্ণীম্ভাব অবলম্বন করিয়া থাকে ॥ ৩৩ ॥

হে রাজন্! এইরূপ ভাগবতধর্ম্ম শিক্ষা করত তদুৎপন্ন প্রেমভক্তি সহকারে নারায়ণপর হইয়া দুস্তর মায়াকে অতিক্রম করিতে সমর্থ হয়েন ॥ ৩৪ ॥

রাজা জিজ্ঞাসা করিলেন, হে ঋষিগণ! আপনারা ব্রহ্মবিদ্ শ্রেষ্ঠ, অতএব নারায়ণাভিধ পরমাত্মা পরব্রহ্মের কিরূপ নিষ্ঠা অর্থাৎ তাঁহার স্বরূপ কি, তাহা আমাকে উপদেশ দিউন ॥ ৩৫ ॥

শ্রীপিপ্পলায়ন উবাচ ॥

স্থিত্যুদ্ভবপ্রলয়হেতুরহেতুরস্য যৎ স্বপ্ন জাগরসুষুপ্তিষু সদ্বহিশ্চ।
দেহেন্দ্রিয়াসুহৃদয়ানি চরন্তি যেন সংজীবিতানি তদবেহি পরং নরেন্দ্র ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

যণে ভগবতি ভদিদং বিশ্বমাহিতং। গৃহীতমায়োরুগুণঃ সর্গাদাবগুণঃ স্বত ইত্যাদিষু। তত্র কিমেভিঃ শব্দৈর্নির্বিশেষং তদেব বস্তূচ্যতে। অস্তি বা কোঽপি বিশেষাংশ ইতি ॥ ৩৫ ॥

অত্রোত্তরং স্থিত্যুদ্ভবেতি। অয়মর্থঃ। অস্য বিশ্বস্য স্থিত্যুদ্ভবপ্রলয়ানাং হেতুঃ স্বয়ঞ্চাহেতুঃ হেতুরহিতঃ স নারায়ণ ইতি পরমেব তত্ত্বমবেহি। স্বপ্নজাগরসুষুপ্তিষু সদনুবর্ত্তমানং যৎ। বক্ষ্যতি চ তুরীয়ং ত্রিষু সন্ততমিতি। বহিশ্চ সমাধ্যাদৌ যৎ সৎ তদ্ব্রহ্মেতি পরমেব তত্ত্বমবেহি। দেহেন্দ্রিয়প্রাণমনাংসি যেন সংজীবিতানি সন্তি চরন্তি স্বকার্য্যেষু প্রবর্ত্তন্তে তৎ পরমাত্মেতি পরমেব তত্ত্বমবেহি। এবং লক্ষণভেদৈর্নারায়ণাদিনামভিরুচ্যমানমপি পরমেকমেব তত্ত্বং জানীহি ॥ ৩৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

প্রশ্নক্রমেণৈবোত্তরমাহ স্থিতীতি। যৎ স্থিত্যাদিহেতুরহেতুশ্চ ভবতি যচ্চ জাগরাদিষু সদ্বহিশ্চ ভবতি। যেন চ দেহাদীনি সংজীবিতানি সন্তি চরন্তি। তদেকমেব পরং তত্ত্বং স্বপ্রশ্নক্রমেণ নারায়ণাদিরূপং বিদ্ধীতি যোজনীয়ং। তথাপি ব্রহ্মস্পষ্টীকরণায় বিপর্য্যয়েণ ব্যাখ্যায়তে। তত্রৈকস্যৈব বিশেষণভেদেন তদবশিষ্টত্বেন চ প্রতিপাদনাৎ। তথৈব তত্তদুপাসকপুরুষানুভবভেদাচ্চাবির্ভাবনাম্নোর্ভেদ ইতি তাৎপর্য্যং। এতদুক্তং ভবতি। স্বয়মহেতুঃ স্বরূপশক্ত্যেকবিলাসময়ত্বেন তত্রোদাসীনমপি প্রকৃতি জীবপ্রবর্ত্তকাবস্থপরমাত্মা পরপর্য্যায়স্বাংশলক্ষণপুরুষদ্বারা যদস্য সর্গস্থিত্যাদিহেতুর্ভবতি তদ্ভগবদ্রূপং বিদ্ধি। পুনস্তেনৈব যেন হেতুকর্ত্রা আত্মাংশভূতজীবপ্রবেশনদ্বারা যদস্য সর্গস্থিত্যাদিহেতু র্ভবতি সংজীবিতানি সন্তি দেহাদীনি তদুপলক্ষণানি প্রধানানি সর্ব্বাণ্যেব তত্ত্বানি যেনৈব

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রশ্নক্রমেণৈব প্রথমং নারায়ণং লক্ষয়তি স্থিতীতি। জগৃহে পৌরুষং রূপং ভগবান্মহদাদিভিঃ। সম্ভূতং ষোড়শকলমাদৌ লোকসিসৃক্ষয়েত্যাদ্যুক্তেঃ পুরুষরূপ এব অস্য বিশ্বস্য স্থিত্যুদ্ভবপ্রলয়ানাং হেতুঃ। স্বয়ং অহেতু র্হেতুশূন্যঃ শ্যামসুন্দরাকারশ্চতুর্ভুজাষ্টভুজসহস্রভুজসচ্চিদানন্দমূর্ত্তিঃ পরব্যোমনাথ ভূম-বাসুদেব-মহাবিষ্ণু-ক্ষীরোদনাথ-নৃসিংহ-রামকৃষ্ণাদি-নামা নারায়ণো যো ভগবচ্ছব্দবাচ্যঃ। স্বপ্নজাগরণসুষুপ্তিষু সৎ অনুবর্ত্তমানং বহিশ্চ সমাধৌ সৎ ব্যাপকং বস্তু যদেব ব্রহ্মশব্দবাচ্যং দেহেন্দ্রিয়প্রাণমনাংসি সঞ্জীবিতানি যেন পরমাত্মশব্দবাচ্যেন তৎ পরং পরমেশ্বরমেকমেব তত্ত্বমবেহি ॥ ৩৬ ॥

দীপিকাদীপনং।

ব্যঙ্গ্যার্থং বিশদয়তি। অয়ং ভাব। ইতি নির্ব্বিশেষণং ব্রহ্মৈব যাবচ্ছক্তিবিশিষ্টং চেত্তর্হি পূর্ণাবির্ভাবান্নারায়ণ ইতিনাম্না ভগবানুচ্যতে অদেব তত্ত্বং মায়াদ্যন্তর্য্যামিত্বমাত্রশক্তিপ্রকাশকং চেৎ পরমাত্মেতি চোচ্যতে। তদুক্তং তত্ত্বস্য ত্রৈবিধ্যমুক্তং। ভগবতো নারায়ণনামত্বে মানমাহ ভণেতি। তত্র একস্যৈব তত্তন্নামত্বে সতি বিশেষাংশস্তত্তন্নামপ্রবৃত্তিনিমিত্তরূপো ভেদাংশঃ ॥ ৩৫ ॥

অত্র প্রশ্নে প্রশ্নক্রমেণৈবোত্তরং বস্তুনোঽভেদেঽপি। চয়াস্ত্বধামিত্যবধারিতং পুরা তত্ত্বঃ শরীরীতি বিস্তাবিস্তাকৃতিং। বিভুর্বিততাবয়বং পূর্ণানিতি ক্রমাদমুং নারদ ইত্যবোধি সঃ। ইতিবৎ প্রবৃত্তিনিমিত্তরূপবিশেষং স্ফুটীকরোতি। অয়মর্থঃ। ইতি নারায়ণ ইতি ভগবানিতি নারায়ণনামা ভগবানিত্যর্থঃ। পরমেব পূর্ণমেব তত্ত্বং অবেহি জানীহি। অবেহীতি পাঠস্তত্ত্বাঃ বৃদ্ধেরসাধুত্বাৎ। অনুবর্ত্তমানমনুগতং সমাধ্যাদৌ বৃত্তিনিরোধঃ সমাধিঃ। আদিনা মুক্ত্যবস্থায়াঃ পরিগ্রহঃ তত্তুরীয়ং তত্ত্বং ব্রহ্মেত্যুচ্যতে তদপি পরং পরমার্থস্বরূপমেকমেব তত্ত্বমবেহি। যেন পরমাত্মনা কর্ত্রা সঞ্জীবিতানি প্রবর্ত্তিতানি। এবমিতি স্বরূপশক্ত্যেকবিলাসময়ত্বে সতি স্বাংশদ্বারা সৃষ্ট্যাদিশক্তিমত্ত্বং ভগবত্ত্বং নিরুপাধিবিশেষ্যমাত্রত্বং ব্রহ্মত্বং মায়া তৎকার্য্যপ্রেরকত্বলক্ষণান্তর্য্যামিত্বং পরমাত্মত্বং। ইত্যেবং লক্ষণভেদৈরিত্যর্থঃ ॥৩৬॥

পিপ্পলায়ন কহিলেন, হে নরেন্দ্র! যিনি এই জগতে সৃষ্টি, স্থিতি, প্রলয়ের হেতু ও স্বয়ং অহেতু এবং যিনি স্বপ্ন, জাগ্রৎ, সুষুপ্তি কালে ও সমাধিতে সদ্রূপে বর্ত্তমান, আর দেহ, ইন্দ্রিয়, মনঃ ইহারা যাহার দ্বারা জীবিত থাকিয়া বিচরণ করে, তাঁহাকেই পরম তত্ত্ব জানিবে ॥ ৩৬ ॥

নৈতন্মনো বিশতি বাগুত চক্ষুরাত্মা প্রাণেন্দ্রিয়াণি চ যথানলমর্চ্চিষঃ স্বাঃ।

শ্রীধরস্বামী।

অবেহীত্যনেন বিষয়ত্বং প্রাপ্তং নিষেধয়তি নৈতদিতি। এতৎ পরং তত্ত্বং মনো ন বিশতি ন বিষয়ীকরোতি বাগুত বাগপি চক্ষুশ্চ আত্মা বুদ্ধিশ্চ প্রাণশ্চ ক্রিয়াশক্ত্যা ন প্রাপ্নোতি অন্যানি চেন্দ্রিয়াণি। যথানলং স্বাঃ স্বাংশভূতা অর্চ্চিষো বিস্ফুলিঙ্গাদয়ো ন প্রকাশয়ন্তি ন দহন্তি চ। তথা জড়াসু মন আদিবৃত্তিষু অভিব্যজ্যমানস্যাত্মপ্রকাশস্য তত্তদ্বৃত্তিপ্রকাশকস্য ন তৎপ্রকাশবিষয়ত্বং। প্রাণস্য প্রাণ উত চক্ষুষ-শ্চক্ষুরুত শ্রোত্রস্য শ্রোত্রং মনসো যন্মনো বিদুরিতি। তথা চ। যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহেত্যাদি শ্রুতেঃ। নন্বু তত্ত্বৌপনিষদং পুরুষং পৃচ্ছামীতি শ্রুতেঃ শব্দগোচরত্বং প্রতীয়তে তত্রাহ শব্দোঽপীতি। শব্দো হি আত্মমূলং আত্মনি শ্রুতিপ্রমাণং সন্

ক্রমসন্দর্ভঃ।

প্রেরিততয়ৈব চরন্তি স্বস্বকার্য্যে প্রবর্ত্তন্তে তৎপরমাত্মরূপং বিদ্ধি। তথা চ। তস্মৈ নমো ভগবতে ব্রহ্মণে পরমাত্মন ইত্যত্র বরুণকৃত-শ্রীকৃষ্ণস্তুতৌ। টীকা চ। পরমাত্মনে সর্ব্বজীবনিয়ন্ত্রে ইত্যেষা। জীবস্যাত্মত্বং তদপেক্ষয়া তস্য পরমত্বমিত্যতঃ পরমাত্মশব্দেন তৎ-সংযোগী স এব ব্যজ্যত ইতি। তত্তদবিশিষ্টত্বেন ব্রহ্মত্বমাত্রং চৈবমুপতিষ্ঠতীত্যাহ স্বপ্নেতি। যদেব তত্ত্বং স্বপ্নাদৌ যদন্বয়েন স্থিতং যচ্চ তদ্বহিঃ শুদ্ধায়াং জীবাখ্যশক্তৌ তথাস্থিতং ততঃ পরত্রাপি ব্যতিরেকেণ স্থিতং স্বয়মবশিষ্টং তদ্ব্রহ্মরূপং বিদ্ধীতি ॥ ৩৬ ॥

পরত্বমেবাহ নৈতদিতি। বাক্ লৌকিকী শব্দো বেদোঽপি। অর্থৈঃ স্বাভিধাদিবৃত্তিভিরুক্ততয়া যদাহ তদপি বোধকানাং মন আদীনাং নিষেধো যত্র তত্তয়া তেষামবিষয়তয়ৈবেত্যর্থঃ। অপ্রাকৃতানন্তস্বরূপগুণত্বাদিতি ভাবঃ। নতু সর্ব্বার্থৈব নিঃস্বরূপং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভগবত্তত্ত্বং ময়োপাস্যং মদভক্তমেবাস্তি কিন্তু দুর্জ্ঞেয়ং ব্রহ্মতত্ত্বং বিস্তার্য্য কথয়েত্যপেক্ষায়াং ব্রহ্মতত্ত্বমাহ নৈতদিতি চতুর্ভিঃ। এতদ্ব্রহ্ম মনো ন বিশতি ন বিষয়ীকরোতি বাগুত বাগপি। চক্ষুশ্চ আত্মা জীবশ্চ প্রাণশ্চ ইন্দ্রিয়াণি চ যথা অনলং স্বাঃ স্বাংশভূতা অর্চ্চিষো বিস্ফুলিঙ্গাদয়ো ন প্রকাশয়ন্তি যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহেত্যাদি শ্রুতেঃ। নন্বু তত্ত্বৌপনিষদং পুরুষং পৃচ্ছা-মীতি শ্রুতেঃ শব্দগোচরত্বং প্রতীয়তে তত্রাহ। শব্দোঽপি আত্মনঃ যস্য মূলং ব্রহ্মবোধকনিষেধতয়া আহ যস্য বোধকং কিমপি নাস্তি তদ্ব্রহ্মেত্যেবং রীত্যৈবার্থাদুক্তমর্থত এবোক্তং নতু শব্দত ইদং তদিতি নির্দ্দেশেনাহেত্যর্থঃ। যদ্বাচা নাভ্যুদিতং যেন বাগভ্যুদ্যতে তদেব ব্রহ্মত্বং বিদ্ধি। যন্মনো ন মনুতে ন চক্ষুষা পশ্যতি কশ্চনৈনমিত্যাদি শ্রুতেঃ। নন্বু তর্হি নৈবাহ শ্রুতিঃ কিমিদমুচ্যতে অথোক্তমাহেতি তত্রাহ যদৃতে ইতি। অথাত আদেশো নেতি নেতি। অস্থূলমনণু। যতো বাচো নিবর্ত্তন্তে ইত্যাদি নিষেধস্য অবধিভূতং যদ্ব্রহ্ম ঋতে বিনা সিদ্ধির্নাস্তি সর্ব্বস্য নিষেধস্য সাবধিত্বাদিতি। নন্বু। তৎ পরং পরমং ব্রহ্ম সর্ব্বং বিভজতে জগৎ। ময়ৈব

দীপিকাদীপনং।

ন বিষয়ীকরোতি সংকল্পবিকল্পবিষয়ং ন করোতীত্যর্থঃ বাগপি বাগিন্দ্রিয়মপি ন বচনবিষয়ং করোতি বুদ্ধিশ্চ বুদ্ধিরপি ন নিশ্চয়-বিষয়ং করোতি। অন্যানি শ্রোত্রত্বগাদীনি। মন আদিবৃত্তিষু উপাধিতয়াভিব্যঞ্জিকাসু অভিব্যজ্যমানস্য যথা করতলোপাধিনা রবিরশ্ময়ঃ প্রকটীক্রিয়ন্তে তথা প্রকটীক্রিয়মাণস্যেত্যর্থঃ। আত্মপ্রকাশস্য প্রকাশাত্মনো ব্রহ্মণ ইত্যর্থঃ। তত্তদ্বৃত্তিপ্রকাশকস্য যথা রবিরশ্ময়ঃ করতলাভিব্যঙ্গ্যা অপি করতলং প্রকাশয়ন্তি তথা মন আদ্যভিব্যঙ্গ্যত্বেঽপি মনোবাগাদিবৃত্তিপ্রকাশকস্যেত্যর্থঃ। ন তৎপ্রকাশবিষয়ত্বং যথা রবিরশ্মীনাং প্রকাশৈকশীলানামপ্রকাশমানকরতলাদিপ্রকাশবিষয়ত্বং ন সঙ্গচ্ছতে তথা জড়ীভূত মন আদি-প্রকাশবিষয়ত্বং ব্রহ্মণো নাস্তীত্যর্থঃ। তত্তদ্বৃত্তিপ্রকাশকত্বে প্রমাণং শ্রুতিঃ প্রাণস্যেত্যাদিঃ। প্রাণস্য প্রাণঃ ক্রিয়াশক্তিপ্রকাশকঃ। চক্ষুষশ্চক্ষুঃ রূপদর্শনশক্তিপ্রকাশকং। অন্নস্যান্নশব্দবাচ্যপৃথিবীকার্য্যস্য ঘ্রাণেন্দ্রিয়স্যেত্যর্থঃ অন্নং গন্ধজ্ঞানবৃত্তিপ্রকাশকং। মনসো মনঃ সংকল্পবিকল্পবৃত্তিপ্রকাশকং ব্রহ্ম যে বিদুস্তে তত্ত্বজ্ঞা ইতি শেষঃ। মনসা সহ বাচো যমপ্রাপ্য যতঃ সকাশান্নিবর্ত্তন্তে। শঙ্কতে নন্বিতি। ত্বিতি। হে শাকল্য। তং সকারণসূত্রস্যাধিষ্ঠানং ঔপনিষদমুপনিষদ্ভিঃ প্রকাশ্যং পুরুষং পূর্ণং ত্বা ত্বাং পৃচ্ছামীত্যর্থঃ। শব্দগোচরত্বং

উল্লিখিত পদ্যে “তাঁহাকে পরমতত্ত্ব বলিয়া জানিও” এই কথা বলাতে, পরমতত্ত্বের বিষয় প্রাপ্তি হইল, একারণ নিষেধ পূর্ব্বক কহিলেন, রাজন্! এই পরমতত্ত্বে মন প্রবেশ করিতে পারে না, অর্থাৎ পরমতত্ত্ব মনের বিষয় হয়েন না, অপর বাক্য, চক্ষু, বুদ্ধি, প্রাণ ও ইন্দ্রিয় সকল ক্রিয়াশক্তি

শব্দোঽপি বোধকনিষেধতয়াত্মমূলমর্থোক্তমাহ যদৃতে ন নিষেধসিদ্ধিঃ ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

অর্থোক্তং যথা ভবতি তথাহ ন সাক্ষাৎ। কুতো বোধকনিষেধতয়া স্বস্যৈব বোধকনিষেধরূপত্বাৎ। যতো বাচো নিবর্ত্তন্তেঽপ্রাপ্য মনসা সহ। যদ্বাচা নাভ্যুদিতং যেন বাগভ্যুদ্যতে তদেব ব্রহ্ম বিদ্ধি যন্মনো ন মনুতে ন চক্ষুষা পশ্যতি কশ্চনৈনং ইত্যাদি শ্রুতেঃ। নন্বু তর্হি নৈবাহ শ্রুতিঃ কিমপরমুচ্যতে অর্থোক্তমাহেতি তত্রাহ যদৃত ইতি। অথাত আদেশো নেতি নেতি অস্থূলমনণু। যতো বাচো নিবর্ত্তন্তে যদ্বাচা নাভ্যুদিতমিদ্যাদি নিষেধস্য যদবধিভূতং ব্রহ্ম ঋতে বিনা সিদ্ধির্নাস্তি সর্ব্বস্য নিষেধস্য সাবধিত্বাৎ ॥ ৩৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

নির্গুণং বেত্যাহ। আত্মনঃ স্বস্য মূলং কারণমিতি। যদৃত ইতি। যদি চ সর্ব্বথৈব বক্তি তদা নিষেধ বা কুত্রং কথং বা কুর্য্যা-দিত্যর্থঃ ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তদ্যনং তেজো জ্ঞাতুমর্হসি। তারন্তেতি হরিবংশোক্তেব্র্হ্মজ্যোতিঃ সনাতনমিতি দশমোক্তের্যস্য প্রভাপ্রভবতো জগদণ্ডকোটি কোটিষ-শেষবসুধাদিবিভূতিভিন্নং তদ্ব্রহ্মেতি ব্রহ্মসংহিতোক্তে র্ভগবদঙ্গজ্যোতীরূপং চেদ্ব্রহ্ম তর্হি কথং ন মন আদিকং বিষয়ীকরোতীতি। উচ্যতে। ভগবদঙ্গজ্যোতির্হি ন মায়িকং তৃতীয়ং ভূতং কিন্তু মায়াতীতং সচ্চিদানন্দরূপমেব। বাঙ্মন আদিকন্তু মায়িকং তৎ কথং স্ববিষয়ীকর্ত্তুং শক্নোতু। শব্দঃ ব্রহ্ম বপুর্দধদিতি। যস্মিন্নং পরমানন্দং পূর্ণং ব্রহ্মেতি তব ব্রহ্মময়স্যেশ কিমুতেক্ষাভিমর্ষিণ ইতি সচ্চিদানন্দবিগ্রহ ইত্যাদ্যুক্তে র্ভগবদ্বপুরপি ব্রহ্মৈব যদ্যপি তদপি তৎ কৃপাশক্ত্যা অতর্ক্যয়ৈব প্রাপঞ্চিকলোকগোচরীকৃতং অত-এব নীলোৎপলদলশ্যামাদিশব্দবর্ণিতং যত্তদপ্যপ্রাকৃতনীলোৎপলদলশ্যামমপি প্রাকৃতনীলোৎপলবর্ণত্বেন ভক্তৈর্ধ্যাতমতাদৃশমপি তদ্বপুঃ কেবলমতর্কায়া তৎকৃপয়ৈব তদ্ভক্তনয়নয়োরাবির্ভবতি। অতঃ প্রাপঞ্চিকলোকৈর্মনোবচোগোচরীকর্ত্তুমশক্যং কেবলং ব্রহ্মোপাসকৈরেব সাধনপরিপাকে সত্যপি ভগবদনুগ্রহপ্রাপ্ত্যৈব ব্রহ্মাকারেঽন্তঃকরণেঽনুভূয়ত ইত্যতো বেদেঽপি যন্মনো ন মনুতে ইত্যাদি দৃশ্যতে যদগ্র্যয়া বুদ্ধ্যেত্যাদ্যপ্যাহেতি বিবেচনীয়ঃ ॥ ৩৭ ॥

দীপিকাদীপনং।

শব্দপ্রমাণবিষয়ত্বং প্রতীয়ত ইতি কুতো বাক্ ন বিশতীতি পূরণীয়ং শব্দোঽপি উপনিষদাখ্যবেদোঽপি। আত্মনি পরতত্ত্বে। অর্থাৎ নিষেধমুখেন তাৎপর্য্যাৎ ন সাক্ষাৎ অভিধাবৃত্ত্যা বিধিমুখেনাহ। স্বস্যৈব বেদস্যৈব বোধকস্য তাৎপর্য্যবৃত্ত্যা নিষেধমুখেন চ জ্ঞাপকস্য। নিষেধরূপত্বাৎ ব্রহ্মণো বাগ্বিষয়ত্বে নিষেধকত্বাৎ। নিষেধাত্মকং বেদং লিখতি যত ইত্যাদি যদ্ব্রহ্ম বাচা নাভ্যুদিতং ন প্রকাশিতং। অভ্যুদ্যতে প্রকাশ্যতে। মনঃ কর্তৃ যদ্ব্রহ্ম ন মনুতে সঙ্কল্পাদিবিষয়ং ন করোতি। যর্হি বাগাদ্যবিষয়ং তর্হি প্রমাণাভাবাৎ খপুষ্পাদি-বত্তুচ্ছং ব্রহ্ম নৈবাহেত্যর্থঃ। তত্র তস্যামাশঙ্কায়াং তাৎপর্য্যবৃত্ত্যা ব্রহ্মণি বেদস্য পর্য্যবসানমাহ অথেতি। অথ মূর্ত্তামূর্ত্ত স্থূলসূক্ষ্ম-পুরুষরূপবর্ণনানন্তরং অত আরোপস্য নিষেধার্থত্বান্নিষেধদ্বারা আদেশো ব্রহ্মকর্ম্মক উপদেশো ভবতি কীদৃশ ইত্যপেক্ষায়ামাহ নেতি নেতীতি নাম্না বপুঃ পার্থিবমিত্যুপক্রম্য আদিবাক্যার্থবদিদং ব্রহ্মণ ইদং ব্রহ্ম নেতি অস্থূলমিতি স্থূলাদি বৈতথ্যমিত্যর্থঃ তথাচ পরমর্ষি-সূত্রং প্রকৃতৈতাবত্ত্বং প্রতিষেধতি ততো ব্রবীতি চ ভূয় ইতি অবৈন্যব চ বিষয়বাক্যমিদং অথাত আদেশ ইত্যাদি প্রকৃতং প্রকরণ-প্রাপ্তমেতাবত্ত্বং ইয়ত্তাপরিচ্ছিন্নং মূর্ত্তামূর্ত্তলক্ষণং ব্রহ্মণো রূপমথাস্তং অথাত আদেশ ইত্যাদি শব্দঃ প্রতিষেধতি পুনঃ সর্ব্বস্য নিষেধস্য সাবধিত্বাচ্চ এবাহর্থতো ব্রহ্ম ব্রবীতি চেতি সূত্রার্থঃ শব্দোঽপি বোধকনিষেধতয়াত্মমূলমিত্যর্দ্ধপদ্যেন সূচিতো বিজ্ঞেয়ঃ। অর্থোঽয়ং ব্রহ্মসূত্রাণামিতি গারুড়োক্তেরিতি ॥ ৩৭ ॥

দ্বারা ইহাঁকে প্রাপ্ত হইতে পারে না, যেমন স্বীয় অংশভূত বিস্ফুলিঙ্গ সকল অগ্নিকে দাহ বা প্রকাশ করিতে পারে না, তাহার ন্যায়। অপর যাঁহা ভিন্ন নিষেধের সমাপ্তি নাই, বাক্য তাঁহাকে অর্থোক্ত-রূপে "তন্ন তন্ন" (তাহা নয়, তাহা নয়) করিয়া ব্যক্ত করে সাক্ষাৎ বলিতে সমর্থ হয় না ॥ ৩৭ ॥

সত্ত্বং রজস্তম ইতি ত্রিবৃদেকমাদৌ সূত্রং মহানহমিতি প্রবদন্তি জীবং।

শ্রীধরস্বামী।

নন্থ তর্হি প্রমাণাবিষয়ত্বান্নাস্তি ব্রহ্মেতি প্রসজ্যতে অত আহ সত্ত্বমিতি। সং স্থূলং কার্য্যং অসৎ সূক্ষ্মং কারণং সর্ব্বং তৎ ব্রহ্মৈব ভাতি কুতঃ যদস্মাৎ তয়োঃ সদসতোঃ পরং কারণং। নন্থ কথমেকং বহুবিধস্ত কারণং। তত্রাহ। উরুশক্তি অনেকশক্তিমৎ। উরু-র্মহতী মায়ালক্ষণা শক্তির্যস্ত তদিতি বা। বহুধা তানমেব দর্শয়তি। আদৌ যদেকং ব্রহ্ম তদেব সত্ত্বং রজস্তম ইতি ত্রিবৃৎ প্রধানং

ক্রমসন্দর্ভঃ।

বহিঃ প্রসন্নশ্চেতি অর্ণবপক্ষে জলপ্রসন্নত্বেঽপি সত্যাং অন্তর্দৃষ্টাপি অতলস্পর্শঃ মুনিপক্ষে সর্ব্বত্র চিত্তপ্রসন্নত্বেঽপি অন্তর্নিজরহস্যোপাস্যাপ্রকাশক: অতএব এবম্ভূত ইতি উভয়পক্ষেঽপ্যনির্দ্দেশ্যাস্তস্তত্ব ইত্যর্থঃ তেজস্বিত্বাদিতি মুনিপক্ষে সমুদ্রপক্ষেতু জলনক্রাদিময়ত্বাৎ অনতিক্রমণীয়ত্বং। রাগাদ্যভাবাদিতি লাভালাভাদিনেতি এতৈর্গুণৈর্বিশিষ্টো ভবেৎ ॥ ৫ ॥

তদ্বিহীনঃ সরিদ্বিহীনোঽপি। সমৃদ্ধকামঃ সংপ্রাপ্তসম্ভোগোঽপি। তদ্বিহীনঃ সম্ভোগবিহীনঃ। অত্র হর্ষশোকাভাবে। নারায়ণপরঃ নারায়ণৈকনিষ্ঠঃ ॥ ৬ ॥

বল ও শরীরবল প্রাপ্তি পূর্ব্বক অকর্ম্মকারি শরীর লইয়া নিদ্রাশূন্য ও স্বার্থ ভাবনা পূর্ব্বক অজগরের ন্যায় শয়ন করিয়া থাকিবে এবং ইন্দ্রিয়বান্ হইয়াও কোন চেষ্টা করিবে না ॥ ৪ ॥

মহারাজ! সমুদ্রের নিকট যাহা শিক্ষা করিয়াছি বলি শ্রবণ কর। মুনি ব্যক্তি বাহিরে প্রসন্ন ভাব ও অন্তরে গম্ভীর ভাব, অলক্ষ্যাভিপ্রায় প্রযুক্ত দুর্ব্বিগাহ্য, অনতিক্রমণীয়, অপরিচ্ছেদ্য ও অক্ষোভ্যরূপে নিশ্চলোদক সমুদ্রের ন্যায় সকল ভাব ধারণ করিবেন ॥ ৫ ॥

নারায়ণপরায়ণ মুনি, যেমন সমুদ্র বর্ষাকালে নদী সকলের সংযোগে প্রবৃদ্ধ বা গ্রীষ্মকালে তদভাবে শুষ্ক হয় না, তদ্রূপ সমৃদ্ধ কাম বা হীন কাম হইলেও সমৃদ্ধ বা হীন হয়েন না ॥ ৬ ॥

দৃষ্ট্বা স্ত্রিয়ং দেবমায়াং তদ্ভাবৈরজিতেন্দ্রিয়ঃ। প্রলোভিতঃ পতত্যন্ধে তমস্যগ্নৌ পতঙ্গবৎ ॥ ৭ ॥

যোষিদ্ধিরণ্যাভরণাম্বরাদি দ্রব্যেষু মায়ারচিতেষু মূর্খঃ।

প্রলোভিতাত্মা হ্যুপভোগ বুদ্ধ্যা পতঙ্গবন্নশ্যতি নষ্টদৃষ্টিঃ ॥ ৮ ॥

স্তোকং স্তোকং গ্রসেদ্গ্রাসং দেহো বর্ত্তেত যাবতা। গৃহানহিংসন্নাতিষ্ঠেদ্বৃত্তিং মাধুকরীং মুনিঃ ॥৯॥

শ্রীধরস্বামী।

রূপ গন্ধ স্পর্শ শব্দ রসৈঃ পঞ্চভির্বিষয়ৈর্মোহিতাঃ পতঙ্গ মধুকর গজ হরিণ মীনা হতাঃ। অতস্তেষনাসক্তৌ পঞ্চৈতে গুরবঃ। তদুক্তং। পতঙ্গ মাতঙ্গ কুরঙ্গ ভৃঙ্গ মীনা হতাঃ পঞ্চভিরেব পঞ্চ। একঃ প্রমাদী স কথং ন হন্যতে যঃ সেবতে পঞ্চভিরেব পঞ্চ। তত্র রূপবিলাসমোহিতো নশ্যতি পতঙ্গাচ্ছিক্ষিতমিত্যাহ দৃষ্ট্বেতি। তস্যা ভাবৈঃ প্রলোভিতঃ ॥ ৭ ॥

স্ত্রিয়মুপলক্ষণীকৃত্যৈতৎ প্রপঞ্চয়তি যোষিদিতি ॥ ৮ ॥

মধুকরাচ্ছিক্ষিতমাহ স্তোকমিতি গৃহান্ গৃহস্থান্ অহিংসন্ অপীড়য়ন্। অয়ং ভাবঃ। যথা মধুকরো বিশিষ্ট গন্ধলোভেন একস্মিন্নেব পদ্মে বসন্ অস্তসময়ে মুকুলিতে তস্মিন্ নিবধ্যতে এবং মুনিরপি গুণলোভেনৈকমেব গৃহমাশ্রিতঃ তন্মোহেন বধ্যত ইতি ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

রূপাসক্তির্নাশহেতুরিতি পতঙ্গাচ্ছিক্ষিতমাহ দৃষ্ট্বেতি দ্বাভ্যাং ॥ ৭ ॥

যদ্যপি স্ত্রীহিরণ্যাদিষু মধ্যে স্ত্রিয়াং পঞ্চাপি বিষয়াঃ সন্তি তদপি যোষিদাদিষু প্রথমং দৃষ্টিরেব পততীতি রূপস্যৈব প্রাধান্যং ॥ ৮ ॥

মধুকরাচ্ছিক্ষিতমাহ দ্বাভ্যাং মধুকরো যথা বিশিষ্টগন্ধলোভেনৈকস্মিন্নেব পদ্মে বসন্নস্তসময়ে তস্মিন্ মুকুলিতে সতি বধ্যতে। এবং মুনিরপি গুণলোভেনৈকমেব গৃহমাশ্রিতস্তন্মোহেন বধ্যতে। তস্মাৎ স্তোকং স্তোকমল্পমল্পং গ্রাসং গৃহাদ্গৃহ্ণন্ গ্রসেৎ যাবতা দেহো বর্ত্তেতেতি গ্রাসানামাধিক্য ন্যূনত্বে নিষেধে গৃহান্ গৃহস্থান্ অহিংসন্ অপীড়য়ন্ ॥ ৯ ॥

দীপিকাদীপনং।

অতঃ রূপাদীনাং পতঙ্গাদিমোহকত্বাৎ তেষু রূপাদিষু। এতে পতঙ্গাদয়ঃ। তৎ পঞ্চানাং মোহিতত্বং গারুড়ে প্রোক্তং। তত্র পঞ্চসু গুরুষু মধ্যে। তস্যাঃ স্ত্রিয়ঃ ভাবৈঃ হাবভাবহেলাদিভিঃ ॥ ৭ ॥

এতৎ রূপমোহিতস্য নষ্টত্বং। যোষিদাদিষু পরিণামতো দুঃখহেতুষু উপভোগবুদ্ধ্যা সুখহেতুত্বজ্ঞানেন নশ্যতি সংসরতি ॥ ৮ ॥

যাবতা গ্রাসেন নম্বু যদোকত্রৈব বিশিষ্ট গ্রাসোপলব্ধিঃ শক্যা তর্হি স্তোকগ্রাসে কো নিয়ম ইত্যাশঙ্ক্য ভাবা[illegible] তস্মিন্ পদ্মে মুকুলিতে [illegible] সতি। তন্মোহেন গৃহাসক্ত্যা ॥ ৯ ॥

হে রাজন্! অনন্তর রূপ, গন্ধ, স্পর্শ, শব্দ ও রস এই পঞ্চ বিষয়ে মোহিত পতঙ্গ, [illegible] হরিণ ও মীন এই পঞ্চ গুরুর নিকট যাহা শিক্ষা করিয়াছি ক্রমে বলি শ্রবণ কর। [illegible] হিত হইলে বিনষ্ট হইতে হইবে অতএব পতঙ্গের নিকট শিক্ষা এই যে, [illegible] রূপ স্ত্রীমূর্ত্তি দর্শন করিয়া এবং তদ্ভাবে মুগ্ধ হইয়া পতঙ্গের [illegible] পতনের [illegible] পতিত হয় ॥ ৭ ॥

মূর্খ ব্যক্তিরা মায়ারচিত স্ত্রী, স্বর্ণাভরণ, বস্ত্রাদি দ্রব্য বিষয়ে উপভোগ বুদ্ধিতে প্রলোভিত হইয়া বুদ্ধিভ্রংশ বশতঃ পতঙ্গের ন্যায় বিনষ্ট হয় ॥ ৮ ॥

মধুকরের নিকট শিক্ষা এই যে, যাবৎকাল দেহ বর্ত্তমান থাকিবে তাবৎ কালের নিমিত্ত মুনি ব্যক্তি অল্প অল্প গ্রাস গ্রহণ করিবেন, কোন গৃহস্থের হিংসা না করিয়া মাধুকরী বৃত্তি অবলম্বন পূর্ব্বক কার্য্য সাধন করিবেন ॥ ৯ ॥

অণুভ্যশ্চ মহদ্ভ্যশ্চ শাস্ত্রেভ্যঃ কুশলো নরঃ। সর্ব্বতঃ সারমাদদ্যাৎ পুষ্পেভ্য ইব ষট্পদঃ॥ ১০॥
সায়ন্তনং শ্বস্তনং বা ন সংগৃহ্লীত ভিক্ষিতং। পাণিপাত্রোদরামত্রো মক্ষিকেব ন সংগ্রহী॥ ১১॥
সায়ন্তনং শ্বস্তনং বা ন সংগৃহ্লীত ভিক্ষুকঃ। মক্ষিকা ইব সংগৃহ্লন্ সহ তেন বিনশ্যতি॥ ১২॥

শ্রীধরস্বামী।

কিঞ্চাঽণুভ্যশ্চেতি॥ ১০॥

দ্বিবিধো মধুকৃৎ। মধু কৃন্তুতি পুষ্পাদ্যাচ্ছিদ্য গৃহ্লাতীতি মধুকৃদ্ভ্রমরঃ। মধু করোতি আহারত্বেন স্বরূপেণ চেতি মধুমক্ষিকা চ তত্র প্রথমাচ্ছিক্ষিতমুক্তং দ্বিতীয়াচ্ছিক্ষিতমাহ সায়ন্তনমিতি। সায়মিদং ভোক্ষ্যে শ্ব ইদং ভোক্ষ্য ইতি ভিক্ষিতমন্নাদি ন সংগৃহ্লীত। কিন্তু পাণিপাত্র স্তন্মাত্র গ্রাহী। যদ্বা। উদরমেবামত্রং পাত্রং যস্য সঃ একভিক্ষায়ামুদরপাত্রগ্রাহী ভবেৎ। সংগ্রহী তু মক্ষিকেব ন ভবতি ন জীবতীত্যর্থঃ॥ ১১॥

এতদ্বিবৃণোতি পুনঃ সায়ন্তনমিতি॥ ১২॥

ক্রমসন্দর্ভঃ।

অণুভ্যশ্চেতি। ত্রিবিধো মধুকৃৎ একো ভ্রমরজাতিঃ। অসংগ্রহিত্ব সংগ্রহিত্ব ভেদেন দ্বয়ীচ মক্ষিকাজাতিরিতি পদ্যত্রয়েণ ক্রমাদুদাহরণানি জ্ঞেয়ানি॥ ১০—১৫॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মধুকরাৎ সারগ্রাহিত্বমপি ধর্ম্মং শিক্ষেদিত্যাহ অণুভ্যশ্চেতি॥ ১০॥

মধুকরোতীতি মধুকরশব্দেন মক্ষিকাপ্যুচ্যত ইতি। ততঃ শিক্ষিতমাহ সায়মিদং ভোক্ষ্যে শ্ব ইদং ভোক্ষ্যে ইতি ভিক্ষিতমন্নাদি ন সংগৃহ্লীতেতি কিং পুনর্হ্যস্তনং পৌর্ণমাসিকং পৌর্ব্বরাকং বেতি ভাবঃ। অত্র সায়ং শ্বোবা ভবিষ্যতি যদন্ন দৃশুমন্নাদি তস্য সংগ্রহো ন সম্ভবেদতঃ সায়ন্তনং শ্বস্তনং বা নিমন্ত্রণং সংগৃহ্লীয়াদিতি কেচিদাহুঃ। কেন পাত্রেণ গৃহে গৃহে ভিক্ষাং কুর্য্যাদিত্যত আহ পাণিপাত্র ইতি সর্ব্বতোভিক্ষিতগ্রাসানানীয় কুত্র স্থাপয়েদিত্যত আহ উদরামত্র ইতি উদরমেব অমত্রং ভিক্ষানিধানভাণ্ডং যস্য সচ সচ সঃ॥ ১১॥

সংগ্রহে কৃতে সতি কিং ভবেদিত্যত আহ সায়ন্তনমিতি॥ ১২॥

দীপিকাদীপনং।

কিঞ্চ তস্মাদেব মধুকরাৎ সারগ্রহণং শিক্ষিতমিত্যাহেত্যর্থঃ॥ ১০॥

তত্র দ্বিবিধ মধুকৃতোর্মধ্যে প্রথমাদ্ভ্রমরাৎ। দ্বিতীয়াম্মক্ষিকাবিশেষাৎ যথা সংগ্রহকর্ত্রী মক্ষিকা ন জীবতি তদ্বন্নজীবতি কিন্তু ভবতীত্যধ্যাহারানিত্যর্থ ইত্যুক্তং॥ ১১॥

এতৎ সংগ্রহবাক্যং বিবৃণোতি স্পষ্টয়তি তথাচ ন পৌনরুক্ত্যং বস্তুতস্তু সংগ্রহিত্বাসংগ্রহিত্বভেদেন মক্ষিকাজাতেরপি দ্বৈবিধ্যাৎ প্রথমপদ্যে যথা মক্ষিকাজাতিবিশেষ আহারমাত্রং করোতি সংগ্রহী তু ন ভবতি তথা যতিরপি সংগ্রহী ন স্যাদিত্যর্থঃ। দ্বিতীয়েতু সংগ্রহি মক্ষিকাজাত্যন্তরবদ্যদি সংগৃহ্লন্ ভবতি তদা তদ্বদেব নশ্যতীত্যর্থঃ॥ ১২॥

যেমন ভ্রমর নানা পুষ্প হইতে মধু আহরণ করে, তদ্রূপ কুশল ব্যক্তি অল্প বা বৃহৎ সকল শাস্ত্র হইতে সার গ্রহণ করিবেন॥ ১০॥

মধুকর দুই প্রকার এক ভ্রমরজাতি দ্বিতীয় মধুমক্ষিকা, তন্মধ্যে ভ্রমরের উল্লেখ করা হইয়াছে, এক্ষণে মধুমক্ষিকার নিকট শিক্ষা এই যে, মুনি ব্যক্তি ভিক্ষিত অন্নাদি পরাহ্ণ বা পর দিবসের নিমিত্ত সঞ্চয় করিবেন না, হস্ত মাত্র অথবা উদর মাত্র পাত্র করিয়া মক্ষিকার ন্যায় সঞ্চয়ী হইবেন না॥ ১১॥

ভিক্ষুক ব্যক্তি ভিক্ষিত অন্নাদি পরাহ্ণ বা পর দিবসের নিমিত্ত সঞ্চয় করিবেন না, যদি করেন তবে মক্ষিকার ন্যায় আহারীয় দ্রব্যের সহিত বিনষ্ট হইবেন॥ ১২॥

পদাপি যুবতীং ভিক্ষুর্নস্পৃশেদ্দারবীমপি। স্পৃশন্ করীব বধ্যেত করিণ্যা অঙ্গসঙ্গতঃ ॥ ১৩ ॥
নাধিগচ্ছেৎ স্ত্রিয়ং প্রাজ্ঞঃ কর্হিচিন্মৃত্যুমাত্মনঃ। বলাধিকৈঃ স হন্যেত গজৈরন্যৈর্গজো যথা ॥১৪॥
ন দেয়ং নোপভোগ্যঞ্চ লুব্ধৈর্যদ্দুঃখসঞ্চিতং। ভুঙ্‌ক্তে তদপি তচ্চান্যো মধুহেবার্থবিন্মধু ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

স্পর্শাসক্তির্নাশহেতুরিতি গজাচ্ছিক্ষিতমিত্যাহ পদাপীতি। পাদেনাপি দারবীং দারুময়ীমপি। গজোহি করিণীং প্রদর্শ্য নিখাত-তৃণাদিপিহিতগর্ত্তে নিপাত্য বধ্যতে ॥ ১৩ ॥

কঞ্চনাধিগচ্ছেদিতি নোপগচ্ছেৎ ॥ ১৪ ॥

ত্যাগভোগবিহীনো ধনসঞ্চয়ঃ পরগামী ভবতীত্যত্র মধুহা গুরুরিত্যাহ ন দেয়মিতি। তদন্যো বলবান্ ভুঙ্‌ক্তে তদপান্যঃ। তচ্চান্যঃ। মধুহা মক্ষিকাভিঃ সঞ্চিতং মধু যথা ভুঙ্‌ক্তে তদ্বৎ। নন্বু গুপ্তং ধনং কথমন্যো জ্ঞাত্বতি হরিষ্যতি বেত্তি তত্রাহ অর্থবিৎ লিঙ্গৈরর্থং তদুপায়ঞ্চ বেত্তীত্যর্থবিৎ। যথা মধুহা তরুকোটরাদিগতং মধু বেত্তি হরতি চ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্পর্শাসক্তির্নাশহেতুরিতি গজাচ্ছিক্ষিতমিত্যাহ দ্বাভ্যাং পদা পাদেনাপি দারবীং দারুময়ীমপি গজোহি করিণীঃ প্রদর্শ্য তৃণাদি-পিহিতগর্ত্তে নিপাত্য বধ্যতে ॥ ১৩ ॥

ইয়ং মমৈব ভোগ্যেতি স্ত্রিয়ং নাধিগচ্ছেৎ ন বিশ্বস্তঃ স্যাৎ। যতস্তয়া আনীতৈর্বলাধিকৈর্জারৈঃ স কিল হন্যেত ॥ ১৪ ॥

ত্যাগভোগহীনো ধনসঞ্চয়ঃ পরগামী ভবতীত্যত্র মধুহা মে গুরুরিত্যাহ ন দেয়মিতি তদন্যো বলী ভুঙ্‌ক্তে তেনাপি সঞ্চিতমন্যঃ মধুহা মক্ষিকাভিঃ সঞ্চিতং মধু যথা ভুঙ্‌ক্তে তদ্বৎ। নন্বু সুগুপ্তং ধনং কথমন্যো জ্ঞাত্বা হরেদিত্যত আহ। অর্থবিৎ লিঙ্গৈরর্থং তদু-পায়ঞ্চ বেত্তীত্যর্থবিৎ। যথা মধুহা তরুকোটরাদিগতমপি মধু মক্ষিকানুগমনেন বেত্তি ॥ ১৫ ॥

দীপিকাদীপনং।

করিণীং দারুময়ীং ॥ ১৩ ॥

আত্মনঃ স্বস্য মৃত্যুং মৃত্যুহেতুং স কামুকঃ কর্ম্মভূতঃ বলাধিকৈঃ কামুকান্তরৈঃ কর্ত্তৃভিঃ ॥ ১৪ ॥

ন দেয়মিতি লুব্ধৈর্ধনাদি ন দীয়তে নচ স্বয়ং ভুজ্যত ইত্যর্থঃ কিন্তু তৎ সঞ্চিতং অন্যো বলবান্ ভুঙ্‌ক্তে লিঙ্গৈস্তৎ স্থানমার্জ্জনোপ-বেশন মুহুরীক্ষণাদিচিহ্নৈঃ অর্থং ধনং তদুপায়ং তস্করপোপায়ং চ বেত্তীতি ॥ ১৫ ॥

স্পর্শ বিষয়ে আসক্তি বিনাশের হেতু, এই বিষয় গজের নিকট শিক্ষা করিয়াছি বলি শ্রবণ কর, ভিক্ষুক ব্যক্তি কাষ্ঠনির্ম্মিতা যুবতীকেও পদ দ্বারা স্পর্শ করিবেন না, যদি স্পর্শ করেন তবে করিণীর অঙ্গসঙ্গ নিমিত্ত গজের ন্যায় গর্ত্তে পড়িয়া বিনষ্ট হইবেন ॥ ১৩ ॥

প্রাজ্ঞ ব্যক্তি আপনার মৃত্যু স্বরূপ কখন কোন স্ত্রীতে আসক্ত হইবেন না, যদি হয়েন, তবে যেমন অন্য গজ কর্ত্তৃক অন্য গজ বিনষ্ট হয় তদ্রূপ বলবান্ পুরুষ কর্ত্তৃক নিহত হইবেন ॥ ১৪ ॥

হে রাজন্! যে ধন সঞ্চয়ে দান বা ভোগ নাই তাহা অন্যে লইবে এ বিষয়ে মধুহাকে অর্থাৎ মধু-মক্ষিকার মধুক্রম হইতে মধুগ্রহীতাকে গুরু করিয়াছি বলি শ্রবণ কর। যে লুব্ধ ব্যক্তি অতিদুঃখে অর্থ সঞ্চয় করে অথচ দান বা ভোগ করে না, তাহার সঞ্চিত ধন অন্য লোকে আসিয়া ভোগ করে, যেমন মক্ষিকারা মধু সঞ্চয় করে কিন্তু অন্য লোকে আসিয়া তাহা গ্রহণ করে তদ্রূপ ॥ ১৫ ॥

সুদুঃখোপার্জ্জিতৈর্বিত্তৈরাশাসানাং গৃহাশিষঃ। মধুহেবাগ্রতো ভুঙ্‌ক্তে যতির্বৈ গৃহমেধিনাং ॥১৬॥
গ্রাম্যগীতং ন শৃণুয়াদ্‌যতি র্বনচরঃ কচিৎ। শিক্ষেত হরিণাদ্বদ্ধান্মৃগয়োর্গীতমোহিতাৎ ॥ ১৭॥
নৃত্যবাদিত্রগীতানি জুষন্ গ্রাম্যাণি যোষিতাং। আসাং ক্রীড়নকো বশ্য ঋষ্যশৃঙ্গো মৃগীসুতঃ॥১৮॥
জিহ্বয়াতিপ্রমাথিন্যা জনো রসবিমোহিতঃ। মৃত্যুমৃচ্ছত্যসদ্বুদ্ধির্মীনস্তু বড়িশৈর্যথা ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

উদ্যমং বিনাপি ভোগঃ সম্ভবতীত্যত্রাপি স এব গুরুরিত্যাহ সুদুঃখেতি। আশাসানানামিতি বক্তব্যে বর্ণলোপ আর্ষঃ। যতিশ্চ ব্রহ্মচারী চ পকান্নস্বামিনাবুভৌ। তয়োরন্নমদত্ত্বা তু ভুক্ত্বা চান্দ্রায়ণং চরেদিতি গৃহিণামাবশ্যকত্বেন দানবিধানাৎ ॥ ১৬ ॥
হরিণাচ্ছিক্ষিতমাহ গ্রাম্যেতি। ভগবদ্গীতন্তু শৃণুয়াদেব। মৃগয়োর্লুব্ধকস্য ॥ ১৭ ॥
হরিণশব্দাদেব হরিণীসুত ঋষ্যশৃঙ্গোঽপি গুরুর্জ্ঞাতব্য ইত্যাহ নৃত্যেতি। বশ্যো বভূবেতি শেষঃ ॥ ১৮ ॥
রসাসক্তির্নাশহেতুরিতি মীনাচ্ছিক্ষিতমিত্যাহ জিহ্বয়েতি। অতিপ্রমাথিন্যা অতিক্ষোভিকয়া দুর্জ্জয়য়া। ঋচ্ছতি প্রাপ্নোতি। বড়িশৈরামিষলিপ্তৈ র্লৌহকণ্টকৈঃ ॥ ১৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

সুদুঃখেতি। যশাদিদেশগৃহস্থমধুমক্ষিকাসংগ্রহীতৃবিষয়কং বাক্যং। কামযমানানাং গৃহমেধিনাং বিত্তৈর্হেতুভিঃ সিদ্ধা গৃহাশিষো-ঽন্নাদীনর্থান্ যতিরগ্রতো ভুঙ্‌ক্তে ॥ ১৬—১৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যোদ্যমং বিনাপি ভোগঃ সম্ভবেদিত্যত্রাপি স এব গুরুরিত্যাহ সুদুঃখেতি। আশাসানানামিতি বক্তব্যে বর্ণলোপ আর্ষঃ। যতিশ্চ ব্রহ্মচারী চ পকান্নস্বামিনাবুভৌ। তয়োরন্নমদত্ত্বাতু ভুক্ত্বা চান্দ্রায়ণঞ্চরেদিতি ॥ ১৬ ॥
প্রাকৃতগানমাধুর্য্যাসক্তিরনর্থহেতুরিতি হরিণাচ্ছিক্ষিতমাহ গ্রাম্যগীতমিতি তেন ভগবদ্গীতং শৃণুয়াদেব ॥ ১৭ ॥
গ্রাম্যগীতাসক্তেরুদাহরণমাহ নৃত্যেতি ॥ ১৮ ॥
প্রাকৃতরসাসক্তিরনর্থহেতুরিতি মীনাচ্ছিক্ষিতমাহ জিহ্বয়েতি। বড়িশৈরামিষলিপ্তৈঃ ॥ ১৯ ॥

দীপিকাদীপনং।

স এব মধুহৈব। আশাসানানাং কামযমানানাং গৃহমেধিনাং গৃহস্থানাং সুদুঃখোপার্জ্জিতৈর্বিত্তৈর্হেতুভিঃ সিদ্ধাঃ গৃহাশিষঃ অন্নাদ্য-র্থান্ যতিরগ্রতো ভুঙ্‌ক্তে অতস্তদর্থং যতিনোদ্যমো ন কার্য্য ইত্যর্থঃ ॥ ১৬ ॥
বিষয়গ্রামং সেবন্তে ইতি গ্রাম্যা বিষয়িনস্তেষাং গীতং ন শৃণুয়াদিতি বিশেষণস্য ব্যাবর্ত্তকত্বাদ্ভগবদ্গীতং তু শৃণুয়াদেবেতি ব্যাখ্যাতং। তদুক্তং পাদ্মে। ব্রাহ্মণো বাসুদেবাখ্যাং গায়মানোঽনিশং পরং। হরেঃ সালোক্যমাপ্নোতি রুদ্রগানাধিকং ভবেদিতি ॥ ১৭ ॥
গ্রাম্যাণি ইন্দ্রিয়গ্রামার্হাণি ॥ ১৮ ॥
মৃত্যুং সংসারং। অসতী বহির্মুখা বুদ্ধির্যস্য স তথা ॥ ১৯ ॥

গৃহমেধি ও স্বীয়-কল্যাণেচ্ছুক গৃহিদিগের দুঃখোপার্জিত.বিত্ত মধুহা অর্থাৎ ভ্রমরের ন্যায় যতি ব্যক্তি অগ্রে ভোজন করিবেন ॥ ১৬ ॥
হরিণের নিকট শিক্ষা বলি শ্রবণ কর। বনচর যতি ব্যক্তি ভগবদ্গীত ভিন্ন কখন গ্রাম্যগীত শ্রবণ করিবেন না, ব্যাধের গীতশ্রবণে মোহিত ও বদ্ধহরিণের নিকট হইতে তদুপদেশ শিক্ষা করি-বেন ॥ ১৭ ॥
হরিণ শব্দে হরিণীনন্দন ঋষ্যশৃঙ্গকেও গুরুরূপে গ্রহণ করিতে হইবে, কারণ ঐ মৃগীসুত ঋষ্যশৃঙ্গ যোষিৎদিগের ক্রীড়ায় বিমুগ্ধ হইয়া বশীভূত হইয়াছিলেন ॥ ১৮ ॥
রস বিষয়ে আসক্তি বিনাশের হেতু, একারণ মীনের নিকট শিক্ষা বলি শ্রবণ কর। অসদ্বুদ্ধি লোকেরা অতিশয় ক্ষোভকারিণী দুর্জয়া জিহ্বা দ্বারা রসবিষয়ে বিমুগ্ধ হইবে না, যদি মুগ্ধ হয়, তবে বড়িশবিদ্ধ মৎস্যের ন্যায় মৃত্যুগ্রাসে পতিত হইবে ॥ ১৯ ॥

ইন্দ্রিয়াণি জয়ন্ত্যাশু নিরাহারা মনীষিণঃ। বর্জয়িত্বা তু রসনং তন্নিরন্নস্য বর্দ্ধতে।
তাবজ্জিতেন্দ্রিয়ো ন স্যাদ্বিজিতান্যেন্দ্রিয়ঃ পুমান্। ন জয়েদ্রসনং যাবজ্জিতং সর্ব্বং জিতে রসে॥২০
পিঙ্গলা নাম বেশ্যাসীদ্বিদেহনগরে পুরা। তস্যা মে শিক্ষিতং কিঞ্চিন্নিবোধ নৃপনন্দন ॥ ২১ ॥
সা স্বৈরিণ্যেকদা কান্তং সঙ্কেত উপনেষ্যতী। অভূৎ কালে বহির্দ্বারি বিভ্রতী রূপমুত্তমং ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

দুর্জয়ত্বমুপপাদয়তি ইন্দ্রিয়াণীতি দ্বাভ্যাং। অয়ং ভাবঃ। যদ্যাহারস্ত্যজ্যতে তর্হ্যন্যেন্দ্রিয়জয়ঃ কেবলং ভবতি রসনেন্দ্রিয়ন্তু বর্দ্ধতে যদি তু ভুজ্যতে তর্হি পুনশ্চ রসাসক্ত্যাং সর্ব্বেন্দ্রিয়ক্ষোভঃ স্যাৎ অতো রসাসক্তিং পরিত্যজ্য ঔষধবৎ ভুঞ্জীতেতি। প্রাগবৃত্তৈব সংতুষ্যেদিত্যত্রোক্তমপি রসনস্যাতিদুর্জয়ত্বজ্ঞাপনায়োচ্যতে ইতি বিশেষঃ ॥ ২০ ॥

পিঙ্গলায়া বৈরাগ্যং শিক্ষিতমিতি বক্তুং তদাখ্যানমাহ পিঙ্গলেত্যাদিনা। মে ময়া শিক্ষিতং ॥ ২১ ॥

স্বৈরিণী কামচারিণী। সঙ্কেতে রতিস্থানে ॥ ২২ ॥

ক্রমসন্দর্ভঃ।

রসে জিতে সতি সর্ব্বং জিতমিতি তাদৃশস্য তস্য যোগ্যত্বাদ্ভূতবন্নির্দ্দেশঃ ॥ ২০ ॥

জ্ঞানপ্রকরণেঽপ্যস্মিন্ প্রসঙ্গাৎ পরমভক্তিমপি দর্শয়তি পিঙ্গলা নামেতি ॥ ২১—২৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তদেবং রূপগন্ধস্পর্শশব্দরসৈঃ পঞ্চভির্বিষয়ৈঃ পতঙ্গ-মধুকর-গজ-হরিণ-মীনাঃ পঞ্চ মোহিতা হতাঃ। তদুক্তং। কুরঙ্গ-মাতঙ্গ-পতঙ্গ-ভৃঙ্গ-মীনা হতাঃ পঞ্চভিরেব পঞ্চ। একঃ প্রমাদী স কথং ন হন্যতে যঃ সেবতে পঞ্চভিরেব পঞ্চ ইতি। কিন্তন্যেন্দ্রিয়াণাং বৃত্তিপ্রদং রসনেন্দ্রিয়মেবানর্থকারীত্যতস্তস্য জয়ে প্রযত্নং কুর্ব্বীতেত্যাহ ইন্দ্রিয়াণীতি দ্বাভ্যাং। অয়ং ভাবঃ। যদ্যাহারস্ত্যজ্যতে তর্হ্যন্যেন্দ্রিয়জয়ঃ কেবলং ভবতি রসনেন্দ্রিয়ন্তু বর্দ্ধতে। যদি তু ভুজ্যতে তর্হি পুনশ্চ রসাসক্ত্যা সর্ব্বেন্দ্রিয়ক্ষোভঃ স্যাত্তস্মাত্তথা রসনেন্দ্রিয়ং জেতব্যং যথা তদনুবর্ত্তীন্যন্যান্যপীন্দ্রিয়াণি জিতানি স্যুস্তাদৃশোরসনেন্দ্রিয়স্য জয়স্তু রসনয়ৈব ভগবদুচ্ছিষ্টনামকীর্ত্তনরসাস্বাদাদ্ভবেৎ। যদুক্তং। রসবর্জং রসোঽপ্যস্য পরং দৃষ্ট্বা নিবর্ত্ততে ইতি ॥ ২০ ॥

পিঙ্গলায়া নৈরাশ্যং শিক্ষিতমিতি তদুপাখ্যানমাহ পিঙ্গলেতি ॥ ২১ ॥ ২২ ॥

দীপিকাদীপনং।

আশ্বিতি উদ্যমং বিনৈবেত্যর্থঃ। রসনন্তু বর্জয়িত্বেত্যন্বয়ঃ। ননু রসনেন্দ্রিয়জয়ঃ কথং স্যাদিত্যপেক্ষায়াং পদ্যদ্বয়স্যায়ং ভাব ইতি ॥ ২০ ॥

রসে জিতে সতি সর্ব্বং জিতমিতি রসনেন্দ্রিয়জয়েন সর্ব্বেন্দ্রিয়জয়ে যোগ্যত্বাৎ ভূতবন্নির্দ্দেশঃ ॥ ২১ ॥

তদাখ্যানং পিঙ্গলাখ্যানং। জ্ঞানপ্রকরণেঽপ্যস্মিন্ প্রসঙ্গাৎ পরমভক্তিমপি দর্শয়তি পিঙ্গলেতি ॥ ২২ ॥

জিহ্বার দুর্জয়ত্ব এই যে, নিরাহার মনীষিগণ সহসা রসনা ব্যতীত সকল ইন্দ্রিয়কেই জয় করিতে পারেন, যে হেতু নিরাহার ব্যক্তির রসনাই প্রবৃদ্ধ হইতে থাকে, কিন্তু পুরুষ যত দিন রসনা জয় না করিয়া অন্য সকল ইন্দ্রিয়কেই জয় করেন, তখনও তিনি জিতেন্দ্রিয় হইতে পারেন না, পরে রসনা জিত হইলে সকল ইন্দ্রিয়ই পরাজিত হয় ॥ ২০ ॥

পিঙ্গলা বেশ্যার নিকট নৈরাশ্য শিক্ষা যথা—পূর্ব্বকালে বিদেহনগরে পিঙ্গলা নামে এক বেশ্যা বাস করিত, হে নৃপনন্দন! আমি তাহার নিকট হইতে যাহা কিছু শিক্ষা করিয়াছি বলি শ্রবণ কর॥২১

একদা সেই স্বৈরিণী পথিক কান্তকে স্বীয় রতিগৃহে লইয়া যাইবার নিমিত্ত উত্তম বেশ ভূষা ধারণ করত সায়ংকালে বহির্দ্বারে দণ্ডায়মান রহিয়াছে ॥ ২২ ॥

মার্গ আগচ্ছতো বীক্ষ্য পুরুষান্ পুরুষর্ষভ। তান্ শুল্কদান্ বিত্তবতঃ কান্তান্মেনেঽর্থকামুকী ॥ ২৩ ॥
আগতেষ্বপযাতেষু সা সঙ্কেতোপজীবিনী। অপ্যন্যো বিত্তবান্ কোঽপি মামুপৈষ্যতি ভূরিদঃ ॥২৪
এবং দুরাশয়া ধ্বস্তনিদ্রা দ্বার্য্যবলম্বতী। নির্গচ্ছন্তী প্রবিশতী নিশীথং সমপদ্যত ॥ ২৫ ॥
তস্যা বিত্তাশয়া শুষ্যদ্বক্ত্রায়া দীনচেতসঃ। নির্বেদঃ পরমো জজ্ঞে চিন্তাহেতুঃ সুখাবহঃ ॥ ২৬ ॥
তস্যা নির্ব্বিণ্ণচিত্তায়া গীতং শৃণু যথা মম ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

তান্ বিত্তবতঃ সধনান্ অতএব শুল্কদান্ মূল্যদান্ কান্তান্ সুরতার্হান্ ॥ ২৩ ॥
অপি সম্ভাবনায়াং। অন্যোঽপি মামুপৈষ্যতীত্যেবং দুরাশয়েত্যুত্তরেণান্বয়ঃ ॥ ২৪ ॥
দ্বার্য্যবলম্বমানা পুনঃ প্রবিশতি পুনর্নির্গচ্ছতি এবং কুর্ব্বতী নিশীথং অর্দ্ধরাত্রং প্রাপ ॥ ২৫ ॥
নির্ব্বেদঃ অলং বুদ্ধিঃ। বিত্তচিন্তৈব হেতুর্যস্য সঃ ॥ ২৬ ॥
যথা যথাবৎ মম মত্তঃ শৃণু ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সঙ্কেতে রতিস্থানে। উপনেষ্যতী স্বসমীপমানেষ্যন্তী আনেতুমিত্যর্থঃ ॥ ২৩ ॥
শুল্কদান্ মূল্যং দত্ত্বা সুরতগ্রাহিণঃ ॥ ২৪ ॥
নিশীথং অর্দ্ধরাত্রং প্রাপ ॥ ২৫ ॥
বিত্তচিন্তৈব হেতু র্যস্য সঃ ॥ ২৬ ॥
যথা মম যথাবন্মত্তঃ ॥ ২৭ ॥

দীপিকাদীপনং।

উত্তমং রূপং বিভ্রতী সতী কালে সন্ধ্যায়াং বহি র্দ্বারি স্থিতাভূৎ ॥ ২৩ ॥
হে পুরুষর্ষভেতি তস্যা দুরাশায়া আশ্চর্য্যফলত্বাভিপ্রায়েণ ॥ ২৪ ॥
আগতেম্বিতি যুগ্মকং। এবং কুর্ব্বতীতি ব্যাখ্যানান্নির্গচ্ছন্তী প্রবিশতীতি শত্রন্ত এব পাঠঃ ॥ ২৫ ॥
অলং বুদ্ধিঃ স্বাবজ্ঞয়া বিষয়েষু হেয়ত্ববুদ্ধিঃ। পরম ইতি লৌকিকনির্ব্বেদব্যাবৃত্তিঃ। তত্র হেতুঃ। সুখাবহ ইতি সুখং শ্রীকৃষ্ণবিষয়কানুরাগজানন্দং আবহতি প্রাপয়তীতি তথা। বিত্তচিন্তৈব হেতু র্যস্যেত্যাপাততবোধার্থমেব তস্য পূর্ব্বসংস্কারহেতুকত্বাৎ ॥ ২৬ ॥
তস্যা ইত্যর্দ্ধকং তস্যা ইতি সম্বন্ধসামান্যবিবক্ষয়া ষষ্ঠী তয়েত্যর্থঃ ॥ ২৭ ॥

হে পুরুষর্ষভ! পরে সেই অর্থলুব্ধা স্বৈরিণী পথিমধ্যে পুরুষদিগকে আগমন করিতে দেখিয়া এক এক করিয়া সকলের প্রতিই "ইনি ধনবান্ ইনিই আমাকে ধন দিবেন" বার বার এইরূপ মনে করিতে লাগিল ॥ ২৩ ॥

সেই রতিস্থানোপজীবিনী বেশ্যা এইরূপ সকলকে গমনাগমন করিতে ও স্বীয় গৃহে না আসিতে দেখিয়া মনে করিল অন্য কোন ধনবান্ ব্যক্তি আসিয়া আমাকে বহু ধন দান পূর্ব্বক ভজনা করিবে॥২৪

পিঙ্গলা এইরূপ দুরাশা বশতঃ দ্বার অবলম্বন পূর্ব্বক নিদ্রাশূন্য হইয়া প্রবেশ ও নির্গম করিতে করিতেই অর্দ্ধরাত্র হইয়া উঠিল ॥ ২৫ ॥

পরে ধনাশায় শুষ্ক-বদনা ও দীনচিত্তা সেই পিঙ্গলার সুখাবহ চিন্তা হেতু বৈরাগ্য আসিয়া হৃদয়ে আবির্ভূত হইল ॥ ২৬ ॥

তৎকালে সেই পিঙ্গলা যাহা করিয়াছিল বলিতেছি, আমার নিকট শ্রবণ কর ॥ ২৭ ॥

নির্ব্বেদ আশাপাশানাং পুরুষস্য যথা হ্যসিঃ। ন হ্যঙ্গাজাতনির্ব্বেদো দেহবন্ধং জিহাসতি ॥ ২৮ ॥

পিঙ্গলোবাচ ॥

অহো মে মোহবিততিং পশ্যতাবিজিতাত্মনঃ। যা কান্তাদসতঃ কামং কাময়ে যেন বালিশা ॥২৯॥

সন্তং সমীপে রমণং রতিপ্রদং বিত্তপ্রদং নিত্যমিমং বিহায়।

অকামদং দুঃখভয়াধিশোকমোহপ্রদং তুচ্ছমহং ভজেঽজ্ঞা ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

নন্ন কিং নির্ব্বিণ্ণায়া গীতশ্রবণেন তত্রাহ হি যস্মাৎ পুরুষস্য আশাপাশানাং নির্ব্বেদো অসি র্যথা তথা ছেত্তা। তত্র হেতু র্নহীতি। অঙ্গ হে রাজন্ ॥ ২৮ ॥

অবিজিতাত্মত্বে হেতুঃ। যাহং বালিশা বিবেকশূন্যা। তৎ কুতঃ। যেন কারণেন অসতস্তুচ্ছাৎ নরাৎ কামং কাময়ে ॥ ২৯ ॥

বালিশত্বং প্রপঞ্চয়তি সন্তমিতি চতুর্ভিঃ। সমীপে সন্তমন্তর্যামিত্বাৎ ইমমপরোক্ষমীশ্বরং ॥ ৩০ ॥

ক্রমসন্দর্ভঃ।

নির্ব্বেদেন ঝটিতি পূর্ব্বোক্তসংস্কারোদয়াৎ শ্রীদত্তাত্রেয়কৃপাপ্রভাবেণ তাদৃশস্ফূর্ত্ত্যৈব সন্তং সমীপে ইত্যাদি চোক্তং। রতিপ্রদং প্রীতিবিশেষস্য ক্রীড়াবিশেষস্য বা দাতারং সৈরিন্ধ্র্যাদিভ্য ইব। বিত্তপ্রদং সর্ব্বকামপ্রদঞ্চ ॥ ৩০—৩৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আশাএব সংসারবন্ধস্য পাশাঃ স্যুস্তাসাং ছেদনে নির্ব্বেদএব অসির্ভবেৎ। তস্যাবশ্যোপাদেয়ত্বমাহ নহীতি ॥ ২৮ ॥

কামং কন্দর্পং কাময়ে। যেন কামেন হেতুনা অহং বালিশা মূঢ়া ॥ ২৯ ॥

সমীপে মমান্তর্হৃদয়ে এব সন্তং। রমণমিতি। ইমমেব কথমহং ন রময়ামীতি ভাবঃ। রতিপ্রদমিতি অয়মেব কথং মাং ন রময়তু কিমন্যেন পাপিষ্ঠপুরুষেণেতি ভাবঃ। বিত্তপ্রদমিতি মদ্ভক্তিতুষ্টোঽয়ং বিত্তমপি প্রচুরং দাস্যত্যেবেতি ভাবঃ। অকামদং কামপূর্ত্তিং দাতুমসমর্থং। ভগবত্যেতাদৃশী মতিরকস্মাত্তদা তস্যাং রজন্যাং তদঙ্গনে যদৃচ্ছয়াগতশয়িতস্য শ্রীদত্তাত্রেয়স্য কৃপাস্তরাদভূদিতি প্রাঞ্চঃ ॥ ৩০ ॥

দীপিকাদীপনং।

আশাপাশানামিতি অবিদ্যাঽস্মিতারাগদ্বেষাভিনিবেশা ইত্যত্র রাগশব্দোক্তা যা॰ আশাস্তাএব পাশাঃ পাশবদ্বন্ধকাস্তেষাং নির্ব্বে-দোঽসিরিতি ধর্ম্মলুপ্তা। তত্র হেতুত্বে ॥ ২৮ ॥

যাহং বালিশা তস্যা অবিজিতাত্মনো মে মোহবিততিং যূয়ং পশ্যত যেন বালিশত্বেন হেতুনাঽসতঃ কান্তাদহং কামং কাময় ইত্যন্বয়ঃ ॥ ২৯ ॥

শ্রীদত্তাত্রেয়কৃপাদৃষ্টিপ্রভাবেণ ঝটিতি পূর্ব্বসংস্কারোদয়াদেতাদৃশং তত্বাক্যং সন্তমিত্যাদি। অন্তর্যামিত্বাৎ সমীপ এব সন্তং নতু দূরগং তত্রাপি পরমসুন্দরত্বেন রমণং শ্রেষ্ঠং তত্রাপি রতিসুখদং সৈরিন্ধ্র্যাদিভ্য ইব ভূষণাদিবিত্তপ্রদঞ্চ তত্রাপি নিত্যমকালকলিতং তত্রাপি মম পরোক্ষং স্বয়ং প্রকাশত্বাত্তু পরোক্ষং তথাভূতমীশ্বরং বিহায় অকামদং যথার্থসুখাপ্রদং প্রত্যুত দুঃখাদিপ্রদং। তত্র হেতুস্তুচ্ছং তাদৃশমজ্ঞাহং ভজ ইতি বালিশত্বপ্রপঞ্চঃ ॥ ৩০ ॥

হে রাজন্! যে হেতু বৈরাগ্য পুরুষদিগের আশাপাশের ছেত্তা, অতএব অজাত-বৈরাগ্য ব্যক্তির আশাপাশ ছেদন হইবার আর উপায় নাই ॥ ২৮ ॥

পিঙ্গলা কহিল, হায়! আমি কি বিবেকশূন্য, আমার কি বিতৃত মোহ, আমি কি অজিতাত্মা, যে হেতু আমি মূর্খের ন্যায় অতিতুচ্ছ কান্তের নিকট হইতে কাম্যবিষয় কামনা করিতেছি ॥ ২৯ ॥

হায়! আমি অন্তরে রতিপ্রদ ও বিত্তপ্রদ এই নিত্য সৎপদার্থের উপাসনা পরিত্যাগ করিয়া অজ্ঞের ন্যায় অকামদ, দুঃখ, ভয়, শোক এবং পীড়াদায়ক ও অতিতুচ্ছ পুরুষকে ভজনা করিতে-ছিলাম ॥ ৩০ ॥

অহো ময়াত্মা পরিতাপিতো বৃথা সাঙ্কেত্যবৃত্ত্যাতিবিগর্হ্যবার্ত্তয়া।
স্ত্রৈণান্নরাদ্যার্থতৃষোঽনুশোচ্যাৎ ক্রীতেন বিত্তং রতিমাত্মনেচ্ছতী ॥ ৩১ ॥
যদস্থিভির্নির্ম্মিতবংশবংশ্যস্থূণং ত্বচা রোমনখৈঃ পিনদ্ধং।
ক্ষরন্নবদ্বারমগারমেতদ্বিণ্মূত্রপূর্ণং মদুপৈতি কান্যা ॥ ৩২ ॥
বিদেহানাং পুরে হ্যস্মিন্নহমেকৈব মূঢ়ধীঃ। যান্যমিচ্ছন্ত্যসত্যস্মাদাত্মদাৎ কামমচ্যুতাৎ ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

অতিবিগর্হ্যা বিনিন্দ্যা বা বার্ত্তা জীবিকা তয়া। কুতঃ সাঙ্কেত্যেন যা বৃত্তিস্তয়া বহুব্রীহিণা বিশেষণং বা। পরিতাপং প্রপঞ্চয়তি স্ত্রৈণাৎ স্ত্রীলম্পটাৎ অথ চার্থতৃষোলুব্ধাৎ অতএবানুশোচ্যান্নরাৎ যাহং বিত্তং রতিঞ্চেচ্ছন্তী তয়া বৃথাত্মা পরিতাপিতঃ। কেন বিত্তমিচ্ছন্তী তেন নরেণ ক্রীতেন স্বয়ং বিক্রীতেনাত্মনা দেহেন ॥ ৩১ ॥

অহো ধিঙ্মাং যাহমতিবীভৎসিতং ন জানামীত্যাহ যদিতি। বংশো নাম স্থূণাসু নিহিতস্তির্য্যক্ বেণুঃ বংশ্যাস্তস্মিন্নুভয়তো নিহিতা বেণবঃ। অস্থিভিরেব নির্ম্মিতা বংশাদয়ো যস্মিন্ তৎ। তত্র পৃষ্ঠে দীর্ঘমস্থি যৎ স বংশঃ পার্শ্বাস্থীনি বংশ্যানি স্থূণা হস্তপাদাস্থীনি। তথা ত্বচা রোমভির্নখৈশ্চ পিনদ্ধং ছাদিতং। তথাপি ক্ষরন্তি নব দ্বারাণি যস্মিন্ তৎ এবম্ভূতাগাররূপং নরশরীরমেতৎ মদন্যাঽন্যা কা বা কান্তবুদ্ধ্যা উপৈতি সেবতে ॥ ৩২ ॥

তৎসঙ্গতো সত্যামপ্যহো মম মোহ ইত্যাহ বিদেহানামিতি। যাহমসতী অচ্যুতাদন্যং কামং ভোগমিচ্ছন্তী সা ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যা অহং ক্রীতেন বিক্রীতেনাত্মনা স্বদেহেন স্ত্রৈণাৎ স্ত্রীলম্পটান্নরাৎ বিত্তং রতিঞ্চ ইচ্ছন্তী অভূবং। যথা। নরেণ ক্রীতো য আত্মা মদ্দেহস্তেন ॥ ৩১ ॥

অহো অতিবীভৎসং বিষ্ঠাগৃহমেবাহং শৃঙ্গাররসং স্বভোগ্যমবিদমিত্যাহ। যদগারং অস্থিভিরেব নির্ম্মিতো বংশো বংশ্যাঃ স্থূণাশ্চ যস্মিংস্তৎ। তত্র পৃষ্ঠে দীর্ঘমস্থি যৎ স বংশঃ। পার্শ্বাস্থীনি বংশ্যানি হস্তপাদাস্থীনি স্থূণাঃ। মৎ মত্তোঽন্যা কা উপৈতি ॥ ৩২ ॥

যা অহমসতী অচ্যুতাদন্যাৎ তুচ্ছ আত্মপ্রদাদপ্যন্যং পুরুষং কামং ভোগমিচ্ছন্তী যাচমানা ॥ ৩৩ ॥

দীপিকাদীপনং।

সাঙ্কেত্যেন সঙ্কেতীকৃতেন রতিসুখেন যা বৃত্তির্বর্ত্তনং তয়া হেতুনা যা বিনিন্দ্যা জীবিকা তয়েতি ব্যাধিকরণে তৃতীয়েতি। বহুব্রীহিণেতি অতিবিগর্হ্যা বার্ত্তা জীবিকা যস্যাস্তয়া। যয়েতি সামানাধিকরণ্যাক্তেন নরেণ মূল্যং নীতেন স্বয়ং বিক্রীতেন মূল্যং বিত্তাদিকং গৃহীত্বা দত্তেন ॥ ৩১ ॥

অতিবীভৎসিতমতিকুৎসিতং। বধ কুৎসায়ামিত্যস্য রূপং। তত্র দেহপক্ষে স্বপাদিবিক্লিন্নপাদিযানীয়ৈঃ ॥ ৩২ ॥

অস্মাদিতি স্তৃত্যা সাক্ষাদিব নির্দ্দেশঃ। অচ্যুতাৎ স্বভক্তাপি কালত্রয়মিবারকাৎ। তদুক্তং পাদ্মে। ন চ্যবন্তেহ যদ্ভক্তা মহত্যাং প্রলয়াপদি। অতোঽচ্যুতোঽখিলে লোকে বিষ্ণুরেব ন সংশয় ইতি ॥ ৩৩ ॥

হায়! এত কাল আমি অতিবিগর্হিত বার্ত্তাযুক্ত অতিকদর্য্য সাঙ্কেত্য বৃত্তিদ্বারা বৃথা আত্মাকে পরিতাপিত করিয়াছি, যে হেতু আমি ক্রীতের ন্যায় হইয়া লম্পট অর্থলুব্ধ ও অনুশোচনীয় পুরুষ হইতে রতি ও বিত্ত প্রাপ্তির ইচ্ছা করিয়াছিলাম ॥ ৩১ ॥

বংশশঙ্কু সদৃশ অস্থি নির্ম্মিত ও ত্বক্ রোম নখাদি দ্বারা আবৃত এবং ক্লেদ ক্ষরিত নব দ্বার বিশিষ্ট অথচ বিষ্ঠা মূত্রে পরিপূর্ণ অতিহেয় এই কান্ত শরীরকে আমা ভিন্ন আর কে আদর করিয়া থাকে? ॥৩২

যে হেতু আমি আত্মপ্রদ অচ্যুত হইতে অন্যের নিকট কামভোগ ইচ্ছা করিয়াছি, সেই জন্য এই বিদেহ নগর মধ্যে কেবল একা আমিই মূঢ়বুদ্ধি ॥ ৩৩ ॥

সুহৃৎ প্রেষ্ঠতমো নাথ আত্মা চায়ং শরীরিণাং। তং বিক্রীয়াত্মনৈবাহং রমেহনেন যথা রমা ॥৩৪
কিয়ৎ প্রিয়ং তে ব্যভজন্ কামা যে কামদা নরাঃ। আদ্যন্তবন্তো ভার্য্যায়া দেবা বা কালবিদ্রুতাঃ॥৩৫
নূনং মে ভগবান্ প্রীতো বিষ্ণুঃ কেনাপি কর্ম্মণা। নির্ব্বেদোহয়ং দুরাশায়া যন্মে জাতঃ সুখাবহঃ ॥৩৬॥
মৈবং স্যু র্মন্দভাগ্যায়াঃ ক্লেশা নির্ব্বেদহেতবঃ। যেনানুবন্ধং নির্হৃত্য পুরুষঃ শমমৃচ্ছতি ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

সা এবং নির্ব্বিণ্ণা সতী অতঃপরমেবং করিষ্যামীত্যাহ সুহৃদিতি। অয়মীশ্বর আত্মনৈব আত্মানমেব নিবেদ্য তং বিক্রীয় বিশেষেণ ক্রীত্বা অনেনৈব সহ রমে রমা লক্ষ্মীর্যথা ॥ ৩৪ ॥

অন্যস্তাসেব্যত্বং দর্শয়তি কিয়দিতি। আদ্যন্তবন্তো যে কামা বিষয়াঃ কামদা নরা বা দেবা বা কালকলিতা ভার্য্যায়াঃ কিয়ৎ প্রিয়ং কৃতবন্তো ন কিঞ্চিৎ অতো নেহামুত্রচ তদ্ব্যতিরিক্তঃ কোহপি সেব্যোহস্তীত্যর্থঃ ॥ ৩৫ ॥

এবং নিশ্চিন্ত্য স্বভাগ্যমভিনন্দতি নূনমিতি। দুষ্টা আশা যস্যাস্তস্যা মে ॥ ৩৬ ॥

নন্বু ধনাপ্রাপ্ত্যা ক্লিষ্টাসি কথং বিষ্ণুঃ প্রীতস্তত্রাহ মৈবমিতি। মন্দভাগ্যা চেদহং স্যাং তর্হ্যেবং নির্ব্বেদহেতবঃ ক্লেশা ন স্যুরিত্যর্থঃ যেন নির্ব্বেদেনানুবন্ধং গৃহাদিকং নির্হৃত্য পরিত্যজ্য ॥ ৩৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

আত্মনা মূল্যভূতেন বিশেষতঃ ক্রীত্বা ॥ ৩৪—৩৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তর্হি কিমতঃ পরং চিকির্ষসীতি চেদেবং করোমীত্যাহ সুহৃদিতি। আত্মনা স্বদেহেনানেন দত্তেন তং বিক্রীয় বিশেষেণ ক্রীত্বা অহং প্রাপ্তেন তেন প্রেষ্ঠতমেন সহ রমে ॥ ৩৪ ॥

যে কামা বিষয়াঃ যে কামদা বা নরাঃ দেবা বা তে সর্ব্বে আদ্যন্তবন্তঃ কালেনৈব বিদ্রুতাঃ অতো ভার্য্যায়াঃ কিয়ৎ প্রিয়ং ব্যভজন্ কৃতবন্তঃ। ন কিঞ্চিৎ। অত ইহামুত্র চ তদ্ব্যতিরিক্তঃ কোহপি ময়া ন সেব্য ইতি ভাবঃ ॥ ৩৫ ॥

এবং নিশ্চিন্ত্য স্বভাগ্যমভিনন্দতি নূনমিতি। কেনাপি কর্ম্মণেতি। ভো বিরক্তবর্য্য কৃপয়া অদ্য মদন্নমেব সফলীকুরু। অত্রৈ বাঘ শেষ কিঞ্চিদ্ভুঙ্ক্ষ্ব পিব চেতি যদৃচ্ছয়ৈবাগতং শ্রীদত্তাত্রেয়মুক্ত্বা তৎস্থানসংস্কারমার্জনলেপনাদিকং সায়ংকালে তয়া কৃতমিতি প্রাহুঃ॥৩৬

নন্বু ধনাপ্রাপ্ত্যা ক্লিষ্টাসি কথন্তে বিষ্ণুঃ প্রীতস্তত্রাহ মৈবমিতি। যদি মে বিষ্ণু র্ন প্রীতস্তদা মে মন্দভাগ্যায়া বেশ্যায়াঃ ক্লেশা নির্ব্বেদহেতবো ন স্যুঃ। যেন নির্ব্বেদেন অনুবন্ধং গৃহাদিকং নির্হৃত্য পরিত্যজ্য ॥ ৩৭ ॥

দীপিকাদীপনং।

আত্মনৈব মূল্যভূতেন তথা চাত্মানমেব নিবেদ্যেতি ব্যাখ্যাতং। তমীশ্বরং বিক্রীয় বিশেষতঃ ক্রীত্বা মূল্যং নীত্বেত্যর্থঃ। অহং ভক্ত-পরাধীনঃ বশে কুর্ব্বন্তি মাং ভক্ত্যা ভক্তিবশঃ পুরুষ ইত্যাদি স্মৃতিশ্রুতেঃ ॥ ৩৪ ॥

অনেনৈবেত্যবধারণোক্তমন্যস্যাহসেব্যত্বমভজনীয়ত্বং। অতো দেবাদীনাং কালগ্রস্তত্বেন প্রিয়ং কর্ত্তুমশক্যত্বাৎ ॥ ৩৫ ॥

এবং অন্যস্যাসেব্যত্বকথনেনেশ্বরস্যৈব সেব্যত্বং নিশ্চিত্য। কেনাপি সন্ত্যসন্দর্শনেন। তত্র হেতুঃ যদস্মাৎ ॥ ৩৬ ॥

মন্দভাগ্যা চেদহং স্যামিত্যার্থিকার্থস্যাদিত্যর্থ ইত্যুক্তং শমং বুদ্ধের্ভগবন্নিষ্ঠাং ॥ ৩৭ ॥

শরীরিদিগের আত্মা রূপ প্রিয়তম সুহৃৎ ঈশ্বরের নিকট এই দেহ নিবেদন পূর্ব্বক তাঁহাকে ক্রয় করিয়া লক্ষ্মীর ন্যায় তৎসহ রমণ করিব ॥ ৩৪ ॥

কাম্য বিষয় সকল ও কামদাতা নর সকল এবং কালকবলিত দেবতাগণ সমুদায়ই অনিত্য অতএব ইহারা কি কামিনীদিগের প্রিয় সাধন করিতে পারে ? অর্থাৎ কোন বিষয়েই সক্ষম নহে, কেবল মাত্র এক বিষ্ণু ইহলোক বা পরলোক সকল লোকেই সুখ বিধান করিতে পারেন ॥ ৩৫ ॥

নিশ্চয় বোধ হইতেছে আমার কোন অলক্ষিত কর্ম্ম দ্বারা ভগবান্ বিষ্ণু আমার প্রতি পরিতুষ্ট হইয়াছেন, যে হেতু এক্ষণে আমার এই সুখাবহ বৈরাগ্য আসিয়া উপস্থিত হইয়াছে ॥ ৩৬ ॥

ধন প্রাপ্ত্যাশায় ক্লিষ্ট হইয়াছি বলিয়াই যে ভগবান্ আমার প্রতি প্রসন্ন হইবেন না এমন কোন

তেনোপহৃতমাদায় শিরসা গ্রাম্যসঙ্গতাঃ। ত্যক্ত্বা দুরাশাঃ শরণং ব্রজামি তমধীশ্বরং ॥ ৩৮ ॥
সন্তুষ্টা শ্রদ্দধত্যেতদ্যথালাভেন জীবতী। বিহরাম্যমুনৈবাহমাত্মনা রমণেন বৈ ॥ ৩৯ ॥
সংসারকূপে পতিতং বিষয়ৈর্মুষিতেক্ষণং। গ্রস্তং কালাহিনাত্মানং কোঽন্যস্ত্রাতুমধীশ্বরঃ ॥ ৪০ ॥
আত্মৈব হ্যাত্মনো গোপ্তা নির্ব্বিদ্যেত যদাখিলাৎ। অপ্রমত্ত ইদং পশ্যেৎ গ্রস্তং কালাহিনা জগৎ॥ ৪১

শ্রীধরস্বামী।

অতস্তেন শ্রীবিষ্ণুনা উপকৃতং কৃতমুপকারং নির্ব্বেদলক্ষণং গ্রাম্যেষু নরেষু বিষয়েষু বা সঙ্গতা ॥ ৩৮ ॥
কথং ব্রজসি তদাহ সন্তুষ্টেতি ॥ ৩৯ ॥
নম্ন ব্রহ্মাদীন্ হিত্বা অমুনৈবেতি কোঽয়ং নিয়মস্তত্রাহ সংসারেতি। মুষিতেক্ষণং উপহৃতবিবেকং ॥ ৪০ ॥
তর্হি কিমাত্মত্রাণোপাধিনা ভজিষ্যসি স সর্ব্বতো নির্ব্বিদ্য ভগবদ্ভজনে প্রবৃত্তস্তাত্মন এব সমর্থত্বাদিত্যাহ আত্মৈবেতি। যদা এবং জগৎ পশ্যেৎ ততশ্চাপ্রমত্তঃ সন্ নিখিলাদিহামুত্র চ ভোগান্নির্ব্বিদ্যেত তদাহি আত্মৈব হ্যাত্মনো গোপ্তা ইত্যন্বয়ঃ। অতঃ কেবলং প্রেম্নৈব ভজামীতি ভাবঃ ॥ ৪১ ॥

ক্রমসন্দর্ভঃ।

তমেব শরণং যামীত্যত্র হেতুঃ সংসারেতি ॥ ৪০—৪১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অতস্তেন বিষ্ণুনা উপকৃতং কৃতমুপকারমিমং নির্ব্বেদলক্ষণং শিরসা গৃহীত্বা গ্রাম্যেষু বিষয়েষু সঙ্গত্যাগাহং ॥ ৩৮ ॥
শরণং গতা সতী কীদৃশী বুভূষসীত্যত আহ সন্তুষ্টেতি। এতৎ শ্রদ্দধতী বিশ্বসতী। এতদেব কিং তত্রাহ বিহরামীতি ॥ ৩৯ ॥
নম্ন ব্রহ্মাদীন্ হিত্বা অমুনৈবেতি কোঽয়মাগ্রহস্তত্রাহ সংসারেতি ॥ ৪০ ॥
তর্হি কিমাত্মত্রাণোপাধিনা ভজিষ্যসীতি তত্র নৈবেত্যাহ আত্মৈবেতি। যদা হ্যাত্মা অখিলাদ্ভোগান্নির্ব্বিদ্যেত তত্র হেতুঃ ইদং

দীপিকাদীপনং।

অতো বিষ্ণোঃ প্রীতত্বাৎ। তং কৃতোপকারং ॥ ৩৮ ॥
এতদুপকরণং শ্রদ্দধতী বিশ্বসমানা আত্মনা পরমপ্রেষ্ঠেন। রমণেন কান্তেন ॥ ৩৯ ॥
কোঽন্যস্ত্রাতুমধীশ্বরঃ ন কোঽপি তস্মাদ্ ব্রহ্মাদীনাং ত্রাতুমনীশ্বরত্বাৎ পতিত্বং ন সংগচ্ছতে ইত্যমুনৈবেত্যুক্তং ॥ ৪০ ॥
তর্হীত্যাদি শঙ্কাসমাধানাত্মনঃ। তত্র আত্মত্রাণে। এবং কালাহিগ্রস্তং। ততশ্চ তাদৃশজ্ঞানানন্তরং অতঃ আত্মত্রাণানপেক্ষত্বাৎ ॥ ৪১ ॥

কারণ নাই, যদি আমি মন্দভাগ্যই হইতাম, তাহা হইলে যে বৈরাগ্য বশত পুরুষ সকল গৃহ পুত্রাদি পরিত্যাগ করিয়া পরম শান্তি আশ্রয় করেন, সেই সুখ হেতু বৈরাগ্য আমার কখনই আসিয়া উপস্থিত হইত না ॥ ৩৭ ॥

শ্রীকৃষ্ণ কর্ত্তৃক প্রদত্ত এই নির্ব্বেদ রূপ উপকার আমি মস্তকে গ্রহণ করত গ্রাম্যক্রিয়া অর্থাৎ বিষয় সঙ্গত এই দুরাশা পরিত্যাগ পূর্ব্বক সেই অধীশ্বরের শরণাপন্ন হইলাম ॥ ৩৮ ॥

আমি যথালাভে জীবিকা নির্ব্বাহ করত শ্রদ্ধা পূর্ব্বক সন্তুষ্টচিত্তে সেই রমণ স্বরূপ পরমাত্মার সহিত বিহার করিব ॥ ৩৯ ॥

ব্রহ্মাদি দেব পরিত্যাগ করিয়া কেবল যে ভগবান্ বিষ্ণুর শরণাপন্ন হইতেছি, ইহার কারণ এই যে, সংসারকূপে পতিত, বিষয়মোহে অন্ধ এবং কালসর্প কর্ত্তৃক দষ্ট এই আত্মাকে উদ্ধার করিতে তিনি ভিন্ন আর কে সমর্থ হইবে? ॥ ৪০ ॥

যখন এই জগৎ কালসর্পগ্রস্তরূপে দৃষ্ট হইবে তখন জীব অপ্রমত্ত হইয়া নিখিল ভোগ হইতে বিরক্ত হইবে এবং আত্মা দ্বারাই আত্মাকে রক্ষা করিবে ॥ ৪১ ॥

শ্রীব্রাহ্মণ উবাচ ॥

এবং ব্যবসিতমতি দুর্ঁরাশাং কান্ততর্ষজাং। ছিত্ত্বোপশমমাস্থায় শয্যামুপবিবেশ সা ॥ ৪২ ॥

আশা হি পরমং দুঃখং নৈরাশ্যং পরমং সুখং। যথা সংছিদ্য কান্তাশাং সুখং সুষাপ পিঙ্গলা ॥৪৩

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে পিঙ্গলা-গীতমষ্টমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৮ ॥ * ॥

শ্রীধরস্বামী।

কান্তস্য তর্ষোঽভিলাষস্তস্মাজ্জাতাং ॥ ৪২ ॥

ফলিতমাহ আশা হীতি ॥ ৪৩ ॥

॥ ● ॥ ইত্যেকাদশেঽষ্টমঃ ॥ ● ॥

ক্রমসন্দর্ভঃ।

আত্মা পরমাত্মা। আত্মনো জীবস্য। অখিলাৎ পরমাত্মব্যতিরিক্তাৎ নির্ব্বেদে হেতুঃ। অপ্রমত্ত ইতি ॥ ৪১ ॥ ৪২ ॥

সুষাপ ভগবদেকাশ্রয়েণ নির্বৃ'ত্তা বভূবেত্যর্থঃ ॥ ৪৩ ॥

॥ ● ॥ ইত্যেকাদশে শ্রীজীবগোস্বামিকৃতে ক্রমসন্দর্ভে অষ্টমোঽধ্যায়ঃ ॥ ● ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

জগৎ কালাহিনা গ্রস্তং পশ্যেৎ তদা আত্মৈব আত্মনঃ স্বস্য গোপ্তা সংসারাদ্রক্ষিতা ভবেৎ যদাত্মা চ সংপ্রত্যেতাদৃশ এবাভূদতোঽহং অতএব নিস্তীর্ণসংসারা অভূবমেব। তেনাতঃ পরং কেবলং প্রেম্নৈব তং ভজিষ্যে ইতি ভাবঃ ॥ ৪১—৪৩ ॥

॥ ● ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। একাদশেঽষ্টমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ ● ॥

দীপিকাদীপনং।

উপশমং বুদ্ধেঃ শ্রীকৃষ্ণকান্তৈকনিষ্ঠারূপং রাগং তথা চাত্র রাগরূপা ভক্তির্নতু বৈধীতি সূচিতং। সাধনানুষ্ঠানমন্তরৈব রমেঽনেন যথা রমেতি প্রেমময়তৃষ্ণায়া এব দর্শিতত্বাৎ রাগরূপায়াশ্চেদং লক্ষণং। ইষ্টে স্বারসিকী রাগঃ পরমাবিষ্টতা ভবেৎ। তন্ময়ী যা ভবেভক্তিঃ সাত্র রাগাত্মিকোদিতেতি। ইষ্টে স্বানুকূলবিষয়ে স্বারসিকী স্বাভাবিকী যা পরমাবিষ্টতা তদ্ধেতুঃ প্রেমময়ী তৃষ্ণা সা রাগো ভবেৎ তন্ময়ী তদেকপ্রেরিতা যা শ্রবণমননাদিরূপা ভক্তিঃ সা রাগরূপেত্যুচ্যত ইত্যর্থঃ ॥ ৪২ ॥

সুষাপ ভগবদেকাশ্রয়ণেন নির্বৃ'ত্তা বভূবেত্যর্থঃ ॥ ৪৩ ॥

॥ ● ॥ ইতি শ্রীমদেকাদশে গোস্বামিশ্রীরাধারমণদাসকৃতে দীপিকাদীপনে অষ্টমোঽধ্যায়ঃ ॥ ● ॥

ব্রাহ্মণ কহিলেন, পিঙ্গলা এইরূপে বৈরাগ্য আশ্রয় পূর্ব্বক কান্ততৃষ্ণা-জনিত দুরাশা ছেদন করত উপশান্তি প্রাপ্ত হইয়া স্বীয় শয্যায় গিয়া উপবেশন করিল ॥ ৪২ ॥

হে রাজন্! আশাই পরম দুঃখের কারণ, নৈরাশ্যই পরম সুখ, যে হেতু পিঙ্গলা কান্তবিষয়ক আশা পরিত্যাগ করিয়াই সুখে নিদ্রিত অর্থাৎ একমাত্র ভগবান্‌কে আশ্রয় করিয়া সুস্থ হইয়াছিল ॥ ৪৩ ॥

॥ * ॥ ইতি একাদশে অষ্টম অধ্যায় ॥ * ॥

শ্রীব্রাহ্মণ উবাচ ॥

পরিগ্রহো হি দুঃখায় যদ্যৎ প্রিয়তমং নৃণাং। অনন্তসুখমাপ্নোতি তদ্বিদ্বান্ যস্ত্বকিঞ্চনঃ ॥ ১ ॥

সামিষং কুররং জঘ্নুর্বলিনোহন্যে নিরামিষাঃ। তদামিষং পরিত্যজ্য স সুখং সমবিন্দত ॥ ২ ॥

ন মে মানাপমানৌ স্তো ন চিন্তা গৃহপুত্রিণাং। আত্মক্রীড় আত্মরতি র্বিচরামীহ বালবৎ ॥ ৩ ॥

দ্বাবেবাচিন্তয়া মুক্তৌ পরমানন্দ আপ্লুতৌ। যো বিমুক্তো জড়ো বালো যো গুণেভ্যঃ পরং গতঃ ॥৪

শ্রীধরস্বামী।

নবমে কুররাদিভ্যো দেহতশ্চোপশিক্ষিতং। শ্রুত্বা যদুঃ কৃতার্থোঽভূদিতি কৃষ্ণেন বর্ণিতং ॥ ০ ॥

কুররাচ্ছিক্ষিতমাহ পরিগ্রহো হীতি। যদ্যৎ প্রিয়তমং তত্র তত্র পরিগ্রহঃ তদ্বিদ্বান্ পরিগ্রহো দুঃখায়েতি বিদ্বান্। যস্ত্বকিঞ্চনঃ ত্যক্তপরিগ্রহো নতু দরিদ্রঃ ॥ ১ ॥

তদাহ সামিষমিতি ॥ ২ ॥

অর্ভকাচ্ছিক্ষিতমাহ ন মে ইতি গেহপুত্রিণাং তদ্বতাং যা ভবতি সা চিন্তা চ মে নাস্তি। আত্মনৈব ক্রীড়া যস্য আত্মনি রতিঃ প্রীতির্যস্য সঃ ॥ ৩ ॥

নব্বজ্ঞসর্বজ্ঞয়োঃ কিং সাদৃশ্যং নৈশ্চিন্ত্যং পরমং সুখমিত্যাহ দ্বাবিতি। বিমুগ্ধোঽজ্ঞঃ জড়ঃ অনুদ্যমঃ এবম্ভূতো যো বালকঃ যশ্চ প্রকৃতেঃ পরঃ ঈশ্বরং প্রাপ্তঃ তৌ দ্বৌ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নবমে সপ্ত গুরবঃ কুররাদ্যাঃ প্রকীর্ত্তিতাঃ। দেহোঽষ্টমস্তদেবং স্যুর্গুরবঃ পঞ্চবিংশতিঃ ॥ ০ ॥

কুররাচ্ছিক্ষিতমাহ পরিগ্রহ ইতি দ্বাভ্যাং। যৎ যৎ প্রিয়তমং বস্তু তস্য তস্য পরিগ্রহঃ। তত্তস্মাৎ যস্ত্বকিঞ্চনো নিস্পৃহঃ স এব বিদ্বান্ ন তু সুখমাপ্নোতি ॥ ১ ॥

তদাহ সামিষং মাংসগ্রাহিণং স কুররঃ ॥ ২ ॥

বালকাচ্ছিক্ষিতমাহ নেতি ॥ ৩ ॥ ৪ ॥

দীপিকাদীপনং।

প্রিয়তমং ধনবস্ত্রাদিকং তস্য তস্য সংগ্রহো দুঃখায় ভবতি ॥ ১ ॥

তদাহ। সংগ্রহত্যাগয়োঃ দুঃখসুখহেতুত্বমাহ। বলিনো যদা জঘ্নুস্তদা স কুররঃ ॥ ২ ॥

আত্মনৈব ক্রীড়াসাধনেন বাদশলক্ষণবিচারাত্মিকা ক্রীড়া যস্য স আত্মনি স্বস্বরূপে রতিস্তুষ্টির্যস্য স তথা। ইহ জগতি ॥ ৩ ॥

গুণানাং প্রকৃতিরূপত্বাৎ প্রকৃতেরিতি ব্যাখ্যাতং ॥ ৪ ॥

নবম অধ্যায়ে কুররাদি হইতে শিক্ষিত বিষয় শ্রবণ করিয়া যদুরাজ কৃতার্থ হইয়াছিলেন, ইহা শ্রীকৃষ্ণকর্ত্তৃক বর্ণিত হয় ॥ ০ ॥

ব্রাহ্মণ কহিলেন, হে রাজন্! কুরর পক্ষির নিকট শিক্ষা এই যে, মনুষ্যদিগের যে যে বস্তু অতিশয় প্রিয়, সেই সেই বস্তুর সহিত আসক্তিই দুঃখের কারণ, অতএব যে অকিঞ্চন (ত্যক্ত পরিগ্রহ) ব্যক্তি তাহা জানেন তিনিই অনন্ত সুখ প্রাপ্ত হয়েন ॥ ১ ॥

নিরামিষ বলবান্ কুররপক্ষী সামিষ দুর্ব্বল পক্ষিকে বধ করিয়া তাহার সেই আমিষ গ্রহণ করিতে ইচ্ছা করে, কিন্তু সে যদি তখন আমিষ পরিত্যাগ করে তাহা হইলে সুখী হয় ॥ ২ ॥

বালকের নিকট শিক্ষা এই যে, আমার মান বা অপমান কিছুই নাই, অথবা গৃহবান্ ও পুত্রবান্ ব্যক্তিদিগের ন্যায় কোন চিন্তাও নাই। অতএব আমি আত্মক্রীড় ও আত্মরতি হইয়া ইহ লোকে বালকের ন্যায় বিচরণ করিয়া থাকি ॥ ৩ ॥

অজ্ঞ উদ্যম রহিত বালক এবং অজ্ঞানাতীত পরম ঈশ্বর প্রাপ্ত জ্ঞানবান্ এই উভয় ব্যক্তিই চিন্তা-রহিত ও পরমানন্দে লীন থাকেন ॥ ৪ ॥

কচিৎ কুমারী ত্বাত্মানং বৃণানান্ গৃহমাগতান্। স্বয়ং তানর্হয়ামাস কাপি যাতেষু বন্ধুষু ॥ ৫ ॥
তেষামভ্যবহারার্থং শালীন্ রহসি পার্থিব। অবঘ্নন্ত্যাঃ প্রকোষ্ঠস্থাশ্চক্রুঃ শঙ্খাঃ স্বনং মহৎ ॥৬॥
সা তজ্জুগুপ্সিতং মত্বা মহতী ব্রীড়িতা ততঃ। বভঞ্জৈকৈকশঃ শঙ্খান্ দ্বৌ দ্বৌ পাণ্যোরশেষয়ৎ ॥৭॥
উভয়োরপ্যভূদ্ঘোষো হ্যবঘ্নন্ত্যাঃ স্বশঙ্খয়োঃ। তত্রাপ্যেকং নিরভিদদেকস্মান্নাভবদ্ধ্বনিঃ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

কুমার্য্যাঃ শিক্ষিতং বক্তুমাখ্যায়িকামাহ কচিদিত্যাদিনা। বৃণানান্ স্ববরণায়াগতান্। বন্ধুষু পিত্রাদিষু ॥ ৫ ॥
শঙ্খাঃ শঙ্খবলয়া মহদ্যথা ভবতি তথা স্বনং চক্রুঃ ॥ ৬ ॥
সা মহতী বুদ্ধিমতী তৎ স্বয়ং শাল্যবহননং জুগুপ্সিতং দরিদ্রতাদ্যোতকং। একৈকশঃ ক্রমেণৈকৈকং বভঞ্জ করাদপসারিতবতী ॥৭॥
নিরভিদৎ পৃথক্ কৃতবতী ॥ ৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

সা তজ্জুগুপ্সিতমিতি পাদ্যার্পণাদৌ তদ্ধস্তস্থিতশঙ্খবলয়ানাং তৈর্দৃষ্টত্বাৎ। তচ্ছব্দং বিনা বিঘাতমাত্রশব্দস্যান্তকর্তৃকত্বেন সংভাব্যত্বাচ্চ ॥ ১—১৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কুমার্য্যাঃ শিক্ষিতমাহ তদাখ্যানেন কচিদিতি। অর্হয়ামাস আবৃতসর্ব্বাঙ্গৈব গেহান্নিষ্ক্রম্য দর্ভাসনজলাদিভিরাতিথ্যং চক্রে। বন্ধুষু পিতৃমাত্রাদিষু ॥ ৫ ॥
কদা মে আয়াস্যন্তি কদা তণ্ডুলান্ করিষ্যামীতি মনসি কুর্ব্বত্যাস্তস্যাশ্চেষ্টিতমাহ তেষামিতি। শঙ্খাঃ শঙ্খবলয়াঃ ॥ ৬ ॥
তৎ শাল্যবহননং দারিদ্র্যদ্যোতকত্বাৎ জুগুপ্সিতং। মহতী বুদ্ধিমতী ॥ ৭ ॥ ৮ ॥

দীপিকাদীপনং।

স্ববরণায় স্বস্য কন্যায়া বরণং কর্ত্তুং ॥ ৫ ॥
অর্হণমেবাহ তেষামিতি। সমগ্রশঙ্খানাং প্রকোষ্ঠস্থত্বাযোগাৎ। মুখ্যার্থবাধঃ কার্য্যকারণলক্ষণো যোগস্তথা রূঢ়িশ্চেতি শঙ্খশব্দস্য বলয়ে লক্ষণা। স্বনশব্দস্য পুংস্ত্বেন মহদিতি ন তদ্বিশেষণমতঃ ক্রিয়াবিশেষণতয়া ব্যাখ্যাতং ॥ ৬ ॥
মত্বেতি পাদ্যার্ঘ্যার্পণাদৌ তদ্ধস্তস্থবলয়ানাং তৈর্দৃষ্টত্বাৎ তচ্ছব্দং বিনা বিঘাতমাত্রশব্দস্যান্যকর্তৃকত্বেনাপি সম্ভাব্যত্বাচ্চৈকৈকশো বভঞ্জ। ভঞ্জনে সৌভাগ্যচ্যুতেঃ অপসারিতবতীতি ব্যাখ্যাতং ধাতুনামনেকার্থত্বাৎ ॥ ৭ ॥
তত্রাপি শঙ্খদ্বয়মধ্যেঽপি একস্মাচ্ছঙ্খবলয়াৎ ॥ ৮ ॥

অবিবাহিতা কন্যার নিকট শিক্ষা এই যে, কোন এক দিবস এক কুমারীর পিতা মাতা গৃহে উপস্থিত না থাকাতে তাহাকে বরণ করিবার নিমিত্ত তাহার গৃহে আগত পুরুষদিগকে সে যথোচিত পূজা করিয়াছিল ॥ ৫ ॥

হে মহারাজ! পরে তাহাদিগের ভোজনার্থ কতকগুলি ধান্য লইয়া নির্জনে গিয়া উদূখল মুসল দ্বারা অবঘাত করিতে লাগিল, সেই অবঘাত জনিত চালনায় তাহার করস্থ শঙ্খবলয়ের সুমহৎ ধ্বনি হইতে লাগিল ॥ ৬ ॥

তখন কুমারী সেই অবঘাত কার্য্য অতি গোপনীয় বোধে, পাছে ঐ ধ্বনি দ্বারা স্বীয়কৃত অবঘাত প্রকাশ পায় এই আশঙ্কায় লজ্জায় এক এক হস্তে দুই দুই গাছি রাখিয়া আর অবশিষ্ট সমুদায় শঙ্খ হস্ত হইতে অবতারিত করিল ॥ ৭ ॥

তথনও অবঘাত আরম্ভ করাতে সেই দুই দুই গাছিরই ধ্বনি হইতে লাগিল, দেখিয়া পুনর্ব্বার এক এক গাছি অবতারিত করিল, তখন এক এক গাছি থাকাতে আর ধ্বনি হইল না ॥ ৮ ॥

অন্বশিক্ষমিমং তস্যা উপদেশমরিন্দম। লোকাননুচরন্নেতান্ লোকতত্ত্ববিবিৎসয়া ॥ ৯ ॥
বাসে বহূনাং কলহো ভবেদ্বার্ত্তা দ্বয়োরপি। এক এব বসেত্তস্মাৎ কুমার্য্যা ইব কঙ্কণঃ ॥ ১০ ॥
মন একত্র সংযুঞ্জ্যাজ্জিতশ্বাসো জিতাসনঃ। বৈরাগ্যাভ্যাসযোগেন ধ্রিয়মাণমতন্দ্রিতঃ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

নন্বু কুমার্য্যাস্তবচ কথং সঙ্গতিস্তত্রাহ লোকানিতি ॥ ৯ ॥

বাস ইতি। প্রথমান্তপাঠে কলহঃ কলহহেতুঃ। বার্ত্তা গোষ্ঠী হেতুর্ভবেদিত্যর্থঃ ॥ ১০ ॥

চিত্তৈকাগ্র্যং দ্বৈতাস্ফূর্ত্তিলক্ষণসমাধিহেতুরিতি শরকারাচ্ছিক্ষিতমিত্যাহ মন ইতি। তত্রোপায়মাহ জিতেতি। আসনজয়ে শ্বাসজয়স্তস্য চ জয়ে শ্বাসাধীনং মনো নিশ্চলং ভবতি। নন্বু কথং নিশ্চলং সদপি মনো বিষয়বাসনয়া যদি বিক্ষিপ্যেত সুষুপ্তাবিব সর্ব্বথা লীয়েত বা তদা কিং তত্রাহ বৈরাগ্যেতি। বৈরাগ্যেণাবিক্ষিপ্যমাণং অভ্যাসযোগেন লয়ো ধ্রিয়মাণং স্থিরীক্রিয়মাণং ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

লোকাননুচরন্নিতি তদ্দিনে ময়া তত্রৈব স্থিতমিতি সর্ব্বেপোক্তে গুরবো ময়া স্বচক্ষুষৈব দৃষ্টা নতু সর্ব্বজ্ঞত্বাজ্জ্ঞাতা ইতি ভাবঃ ॥ ৯ ॥

বাসো বাসে ইতি চ দ্বৌ পাঠৌ। অত্র দরিদ্রকুমারী অপ্রাপ্তপতিকা ঝণৎকারাভাবার্থং যথা কঙ্কণান্ দূরীকরোতি। তথৈব জ্ঞানযোগঃ স্বাশ্রিতান্ মুনীন্ নিঃসঙ্গানেব করোতি। যথা চ রাজকুমারী পতিমতী পতিমভিসরন্তী ঝণৎকারসিদ্ধ্যর্থং কঙ্কণান্ পরিধত্তে তথৈব শ্রীমতী ভক্তিদেবী স্বাশ্রিতান্ বৈষ্ণবান্ মধুমধুরতরনামকীর্ত্তনধ্বনিরসার্থং তান্ পরস্পরসঙ্গিন এব বিধত্তে নত্বসঙ্গিন ইতি জ্ঞেয়ং ॥ ১০ ॥

চিত্তৈকাগ্র্যং শরকারাচ্ছিক্ষিতমিত্যাহ মন ইতি ত্রিভিঃ। রাগবশাদেব মন ইতস্ততশ্চলতীত্যত আহ বৈরাগ্যেতি ধ্রিয়মাণং ভগবত্যেব ॥ ১১ ॥

দীপিকাদীপনং।

ইমং যোগিভিরপ্যসঙ্কীর্ণত্বলক্ষণং উপদেশং কর্ত্তব্যার্থং। হে অরিন্দম ত্বমপি আত্মনিষ্ঠাধ্বংসকং জনসংমর্দ্দলক্ষণমরিং নাশয়েতি ভাবঃ লোকেষু জনেষু সন্ধেয়োপাদেয়বস্তুনস্তত্ত্বং স্বরূপং তস্য বিবিৎসয়া জিজ্ঞাসয়া। তত্ত্বং বাদ্যপ্রভেদে স্যাৎ স্বরূপে পরমাত্মনীতি বিশ্বঃ ॥৯॥

ফলিতমাহ বাস ইতি। সপ্তম্যন্তপাঠে কলহস্য বার্ত্তায়াশ্চ মুখ্যার্থ এব। প্রথমান্ত পাঠে তু বাসস্য তদ্দ্বয়রূপত্বং নাস্তি কিন্তু তদ্ধেতুত্বমিতি লাক্ষণিকার্থত্বাদিত্যর্থ ইত্যুক্তং। কঙ্কণঃ কঙ্কণমিতি পাঠদ্বয়ং। কৌমুদ্যাং দ্বয়োরপি সাধুত্বাৎ ॥ ১০ ॥

দ্বৈতস্য প্রপঞ্চস্যাস্ফূর্ত্তিরপরিজ্ঞানমেব লক্ষণং স্বরূপং যস্য এবম্ভূতো যঃ সমাধিস্তস্য হেতুশ্চিত্তৈকাগ্র্যতৈব। তত্র চিত্তৈকাগ্রতায়াং। তস্য শ্বাসস্য জয়ে ধ্রিয়মাণমিত্যাত্তৈবাবিক্ষিপ্যমাণমিত্যপ্যর্থস্তত্র বৈরাগ্যেণ বিক্ষেপসম্ভাবনা নিরস্তা অভ্যাসযোগেন লয়োঽপি নিরস্তঃ ॥ ১১ ॥

হে শত্রুনাশন! যদি বল সেই কুমারীর সহিত আমার সঙ্গতি কি প্রকারে হইয়াছিল, তাহার কারণ এই, আমি লোকতত্ত্ব জানিবার নিমিত্ত এই লোকে বিচরণ করিতে করিতে সেই কন্যা হইতে এই উপদেশ শিক্ষা করিয়াছি, সর্ব্বজ্ঞ বলিয়া নহে, ইহা চাক্ষুষ প্রত্যক্ষ ॥ ৯ ॥

বহু লোকের একত্রে বাস কেবল কলহের কারণ হয় এবং উভয় ব্যক্তির একত্র সহবাসও কথোপকথনের নিমিত্ত হয় অতএব সাধু ব্যক্তি কুমারীর কঙ্কণের ন্যায় সর্ব্বদা একাকীই বসতি করিবেন ॥১০॥

শরকারের অর্থাৎ লৌহকারের নিকট শিক্ষা যথা,—জিতশ্বাস ও জিতাসন হইয়া অতন্দ্রিত চিত্তে বৈরাগ্য অভ্যাস যোগ দ্বারা মনকে ধারণ করত এক বস্তুতেই সংযুক্ত করিবে ॥ ১১ ॥

যস্মিন্মনো লব্ধপদং যদেতচ্ছনৈঃ শনৈর্মুঞ্চতি কর্ম্মরেণূন্।
সত্ত্বেন বৃদ্ধেন রজস্তমশ্চ বিধূয় নির্ব্বাণমুপৈত্যনিন্ধনং॥ ১২॥
তদৈবমাত্মন্যবরুদ্ধচিত্তো ন বেদ কিঞ্চিদ্বহিরন্তরং বা।
যথেষুকারো নৃপতিং ব্রজন্তমিষৌ গতাত্মা ন বিবেদ পার্শ্বে॥ ১৩॥
একচার্য্যনিকেতঃ স্যাদপ্রমত্তো গুহাশয়ঃ। অলক্ষ্যমাণ আচারৈর্মুনিরেকোঽল্পভাষণঃ॥ ১৪॥

শ্রীধরস্বামী।

একত্রেতি। কুত্র তদাহ যস্মিন্নিতি। যল্লয়বিক্ষেপাত্মকং মন এতদ্যস্মিন্ পরমানন্দরূপে ভগবতি লব্ধাস্পদং সৎ কর্ম্মরেণূন্ কর্ম্মবাসনা মুঞ্চতি ত্যজতি তস্মিন্। নমু কর্ম্মবাসনাত্যাগেঽপি সুষুপ্তিবল্লয়ো দুর্ব্বারঃ ন সত্ত্বেনেতি। বৃদ্ধেন উপশমাত্মকেন রজস্তমসোরভাবে বিক্ষেপলয়াভাবাৎ নির্ব্বাণং অবৃত্তিকং ধ্যেয়াকারেণাবস্থানমুপৈতি। কুতোঽনিন্ধনং ইন্ধনং গুণাস্তৎকার্য্যঞ্চ তদ্রহিতং। তদুক্তং যোগশাস্ত্রে। মনসো বৃত্তিশূন্যস্য ব্রহ্মাকারতয়া স্থিতিঃ। যাঽসংপ্রজ্ঞাতনামাসৌ সমাধিরভিধীয়ত ইতি॥ ১২॥

ততশ্চ ন দ্বৈতস্ফূর্ত্তিরিত্যাহ তদেতি। বহির্দর্শনাদিনাঽন্তরং স্মৃত্যা ইষৌ গতাত্মা তস্য ঋজূকরণে দত্তচিত্তঃ ভেরীঘোষৈরন্তিকে ব্রজন্তং নৃপতিমপি ন বেদ তদ্বৎ॥ ১৩॥

সর্পাচ্ছিক্ষিতমাহ একচারীতি। যোগিসংসর্গস্যাপি ত্যাগে কুমারী গুরুঃ। জনসঙ্গত্যাগে সর্পঃ। স যথা জনাচ্ছঙ্কমান একাকী

ক্রমসন্দর্ভঃ।

অপ্রমত্তঃ সাবধানঃ আচারৈশ্চেষ্টাভিরলক্ষ্যমাণঃ কিং কর্ত্তুমিচ্ছতীতি॥ ১৪॥ ১৫॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যস্মিন্ নরস্মনো লব্ধপদং ভবতি তত্রস্থং এতন্মনঃ কর্ম্মরেণূন্ কর্ম্মবাসনা মুঞ্চতি। ততশ্চ সত্ত্বেন বৃদ্ধেন সতা রজস্তমশ্চ বিধূয়েতি রজস্তমসোরভাবে বিক্ষেপলয়শূন্যং মনোবৃত্ত্যন্তরশূন্যং ভগবন্ময়ীভবৎ নির্ব্বাণং সত্তাস্যাপি ক্ষীণীভূতত্বাৎ নির্ব্বাণং পরমানন্দমুপৈতি। ইন্ধনং গুণাস্তৎকার্য্যঞ্চ তদ্রহিতং॥ ১২॥

আত্মনি ভগবতি ইষৌ গতাত্মা তস্য ঋজূকরণার্থং তদেকাগ্রচিত্ততাতন্ময়ীভবন্মনাঃ ভেরীতাড়ারঘোষৈরন্তিকে ব্রজন্তমপি নৃপতিং ন বেদ॥ ১৩॥

সর্পাচ্ছিক্ষিতমাহ একচারীতি। যোগিসংসর্গস্যাপি ত্যাগে কুমারী গুরুঃ জনসঙ্গত্যাগে সর্পঃ। স যথা জনাচ্ছঙ্কমান একাকী চরতি

দীপিকাদীপনং।

তল্লক্ষ্যমাহ। তৎকার্য্যঞ্চ রাগাদি। তদ্ধ্যেয়াকারেণাবস্থানং। বৃত্তিশূন্যস্য বিতর্কাদিচতুর্ভেদরহিতস্য মনসো ধ্যেয়ব্রহ্মাকারতয়া যা স্থিতিরেকাগ্রতাবস্থাঽসাবসম্প্রজ্ঞাতনামা সমাধিরুচ্যতে। যথাহ ভগবান্ পতঞ্জলিঃ। তস্যাপি নিরোধে সর্ব্ববৃত্তিনিরোধান্নির্বীজঃ সমাধিরিতি। অস্যার্থঃ। তস্য সম্প্রজ্ঞাতস্য প্রবিলয়ে সতি সর্ব্বচিত্তবৃত্তীনাং পরমাত্মনি বিলয়াৎ নির্বীজোঽসম্প্রজ্ঞাতসমাধিরিতি॥ ১২॥

ততশ্চ ধ্যেয়াকারেণাবস্থানানন্তরং। যদাঽসম্প্রজ্ঞাতসমাধির্ভবতি তদা আত্মনি পরমাত্মনি এবমেকাগ্রতয়াঽবরুদ্ধং নিরুদ্ধং চিত্তং যেন সঃ। বহির্দর্শনাদিনা ঘটাদি। অন্তরং স্মৃত্যা সুখাদি কিঞ্চিদপি ন বেদ॥ ১৩॥

সঙ্গত্যাগস্যৈনাভেদাৎ পৌনরুক্ত্যমাশঙ্ক্য বিশেষং ব্যাচষ্টে যোগীতি। গুহাশয় একান্তবাসী। গতিভিঃ সক্রোধদংশনাদিচেষ্টাভিঃ

যে পরমানন্দ রূপ ভগবানেতে গিয়া স্থান লাভ পূর্ব্বক এই লয় ও বিক্ষেপাত্মক মন কর্ম্ম বাসনা সকল পরিত্যাগ করে এবং প্রবৃদ্ধ সত্ত্ব গুণ দ্বারা রজস্তমোগুণ নিরাশ পূর্ব্বক গুণকার্য্য শূন্য নির্ব্বাণ প্রাপ্ত হয়, সেই এক বস্তুতেই মনকে সংযোগ করিবে॥ ১২॥

এবং তৎকালে আত্মাতে অবরুদ্ধচিত্ত হইয়া বাহিরে বা অন্তরে আর কিছুই জানিতে পারিবেন না। যেমন ইষুনির্ম্মাতা পুরুষ ইষুর ঋজূকরণে দত্তচিত্ত হইয়া স্বীয় পার্শ্বে ভেরীতাড়ার সহকারে গমনশীল রাজাকেও উপলব্ধি করিতে পারে না তাহার ন্যায়॥ ১৩॥

সর্পের নিকট শিক্ষা যথা—সর্প যেমন একা বিচরণ করে ও নিবাস স্থান রহিত, প্রমাদশূন্য,

গৃহারম্ভো হি দুঃখায় বিফলশ্চাধ্রুবাত্মনঃ। সর্পঃ পরকৃতং বেশ্ম প্রবিশ্য সুখমেধতে ॥ ১৫ ॥
একো নারায়ণো দেবঃ পূর্ব্বসৃষ্টং স্বমায়য়া। সংহৃত্য কালকলয়া কল্পান্ত ইদমীশ্বরঃ ॥
এক এবাদ্বিতীয়োঽভূদাত্মাধারোঽখিলাশ্রয়ঃ ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

বিচরতি নিকেতরহিতঃ। সদা অপ্রমত্তশ্চ একান্তবাসীচ আচারৈর্গতিভিঃ সবিদো নির্ব্বিদো বেতি ন লক্ষ্যতে তথা অসহায়শ্চ মিতভাষীচ তদ্বন্মুনির্বর্ত্তেত ইত্যর্থঃ ॥ ১৪ ॥

কিঞ্চ গৃহারম্ভ ইতি। অধ্রুবাত্মনো নশ্বরদেহস্য সুখং যথা ভবতি তথা বর্দ্ধতে ॥ ১৫ ॥

কারকসামগ্রীনিরপেক্ষাৎ কেবলাদীশ্বরাদ্বিশ্বসৃষ্টিসংহারাবূর্ণনাভিদৃষ্টান্তেন ময়া সম্ভাবিতাবিতি বক্তুং প্রথমং সংহারপ্রকারমাহ এক ইতি সার্দ্ধ ত্রয়েণ। একঃ কারকনিরপেক্ষঃ পূর্ব্বসৃষ্টমিদং জগৎ কালকলয়া কালশক্ত্যা সংহৃত্য এক এবাদ্বিতীয়ঃ সজাতীয়-বিজাতীয়ভেদশূন্যোঽভূৎ ॥ ১৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

এক ইতি সার্দ্ধকং। নারায়ণো মহৎস্রষ্ট্রাখ্যঃ সর্ব্বব্রহ্মাণ্ডান্তর্যামী পুরুষ একঃ স্বশক্তিব্যতিরিক্তকারকশূন্যঃ। কালোঽপি কলা যস্যাস্তয়া। যয়া স্বশক্তিরূপয়া কল্পাদৌ পূর্ব্বং সৃষ্টমিদং তথৈব কল্পান্তে সংহৃত্য অখিলানাং তেষামাশ্রয়ো লয়স্থানং সৎ অতএবৈকঃ সজাতীয়চিদ্রূপজীবভেদরহিতঃ। অদ্বিতীয়ো বিজাতীয়প্রধানাদেবর্জিতশ্চ সন্ আত্মাধারঃ স্বাংশিরূপমহাবৈকুণ্ঠনাথানামাধারোঽভূৎ। তস্মিন্নেব প্রবিষ্ট আসীদিত্যর্থঃ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নিয়তনিকেতরহিতশ্চ সদা অপ্রমত্তশ্চ একান্তবাসী চ আচারৈর্গত্যাদিভিঃ সবিদো নির্ব্বিদো বেতি জনালক্ষ্যশ্চ অসহায়শ্চ মিতভাষী চ তদ্বন্মুনির্বর্ত্তেতেত্যর্থঃ ॥ ১৪ ॥ ১৫ ॥

ঈশ্বরঃ কেন প্রকারেণ বিশ্বসৃষ্ট্যাদিকং করোতীত্যেতন্ময়া ঊর্ণনাভেঃ সকাশাজ্জ্ঞাতমিত্যাহ সার্দ্ধৈঃ ষড়্ভিঃ। একঃ স্বশক্তি-ব্যতিরিক্ত-কারকান্তরশূন্যঃ। নারায়ণঃ কারণার্ণবশায়ী কালকলয়া কালশক্ত্যা সংহৃত্য এক এবেতি ঈশ্বরান্তরাভাবাদেকঃ সদৈব। তদানীন্তু মহাসমষ্টিব্যষ্টীনাং নাশাদদ্বিতীয়োঽভূৎ। আত্মৈবাত্মাধারো যস্য সঃ। অখিলানাং শক্তীনাং আশ্রয়ঃ ॥ ১৬ ॥

দীপিকাদীপনং।

একচারিত্বাদিবিশেষণানাং সর্পাসাধারণত্বাৎ ক্রমপ্রাপ্তত্বাচ্চ সর্পোঽত্র গুরুর্ব্যাখ্যাতঃ। মুনিপক্ষে আচারা জড়বদ্যোগচর্য্যারূপাস্তৈর্বিদ্বান-ঽবিদ্বান্ বেতি ন জ্ঞায়মানঃ ॥ ১৪ ॥

বিফলঃ প্রত্যুতাতিদুঃখায়ৈব ভবতি। তর্হি কুত্র বসেদিত্যপেক্ষায়ামাহ সর্প ইতি ॥ ১৫ ॥

এক ইতি সার্দ্ধকং। কারকনিরপেক্ষঃ স্বশক্তিব্যতিরিক্ত-কারকশূন্যঃ। নারায়ণঃ সর্ব্বব্রহ্মাণ্ডান্তর্যামী মহৎস্রষ্ট্রাখ্যঃ পুরুষঃ অখি-লানাং আশ্রয়ঃ লয়স্থানং সন্ একঃ সজাতীয়চিদ্রূপজীবভেদরহিতঃ অদ্বিতীয়ো বিজাতীয়প্রধানাদিভেদরহিতোঽভূৎ তৎসর্ব্বস্য তত্র লয়েন পৃথগ্ ব্যপদেশানর্হত্বাদিত্যর্থঃ ॥ ১৬ ॥

একান্তবাসী, আচার দ্বারা অলক্ষ্যমাণ স্বরূপ, অসহায় ও মিতভাষী, মুনি ব্যক্তি তদ্রূপ হইবেন ॥ ১৪ ॥

নশ্বর দেহধারী লোকদিগের গৃহ নির্ম্মাণ করাই দুঃখের কারণ ও বিফল হয়, যে হেতু সর্প পরকৃত গৃহে বাস করিয়াও সুখী হয় ॥ ১৫ ॥

ঊর্ণনাভি অর্থাৎ মাকড়শার নিকট শিক্ষা যথা—এক নারায়ণদেব ঈশ্বর স্বীয় মায়া দ্বারা সৃষ্ট এই জগৎকে কল্পান্তে কালশক্তি দ্বারা সংহার করিয়া আত্মাধার ও অখিলাশ্রয়রূপে এক অদ্বিতীয় হইয়া থাকে ॥ ১৬ ॥

কালেনাত্মানুভাবেন সাম্যং নীতাসু শক্তিষু। সত্ত্বাদিষ্বাদিপুরুষঃ প্রধানপুরুষেশ্বরঃ।
পরাবরাণাং পরম আস্তে কৈবল্যসংজ্ঞিতঃ॥ ১৭॥
কেবলানুভবানন্দসন্দোহো নিরুপাধিকঃ॥ ১৮॥
কেবলাত্মানুভাবেন স্বমায়াং ত্রিগুণাত্মিকাং। সংক্ষোভয়ন্ সৃজত্যাদৌ তয়া সূত্রমরিন্দম॥ ১৯॥

শ্রীধরস্বামী।

কারণভূতাসু সত্ত্বাদিষু শক্তিষপি সাম্যং নীতাসু সতীষু। গুণসাম্যং প্রধানং তদুপাধিঃ পুরুষঃ তয়োরীশ্বরঃ। পরাবরাণাং পরে ব্রহ্মাদয়ঃ অবরেঽন্যে চ মুক্তা জীবাঃ তেষাং পরমঃ প্রাপ্য আস্তে কুতঃ কৈবল্যসজ্ঞিতঃ মোক্ষশব্দাভিধেয়ঃ॥ ১৭॥

তত্র হেতুঃ কেবলেতি। কেবলনির্বিষয়ঃ অনুভবঃ স্বপ্রকাশঃ আনন্দানাং সন্দোহঃ সমূহঃ পরমানন্দ ইত্যর্থঃ। কুতো নিরুপাধিকঃ॥ ১৮॥

ততঃ কেবলাদেব সৃষ্টিং দর্শয়তি। কেবলেনাত্মানুভাবেন কালেন সূত্রং ক্রিয়াশক্তিপ্রধানং মহত্তত্বং জীবসংসারহেতুভূতে সৃজে সৃষ্টেঽপি ত্বং মা ভৈরিতি সংবোধয়ত্যরিন্দমেতি। অরীন্ রাগাদীন্ দময়িতুং সমর্থ॥ ১৯॥

ক্রমসন্দর্ভঃ।

কালেনেতি যুগ্মকং। আত্মানুভাবেন স্বপ্রভাবরূপয়া শক্ত্যা। আদিপুরুষঃ মহৎস্রষ্ট্রাখ্যঃ প্রথমঃ পুরুষঃ। প্রধানপুরুষেশ্বরঃ প্রকৃতের্জীবানাঞ্চ নিয়ন্তা। পরেষাং স্বীয়াংশানাং অবরেষাং বিভিন্নাংশানাঞ্চ পরমমাশ্রয়োঽসৌ কৈবল্যসঙ্গিতস্তদাখ্যয়াম্নাতঃ সন্নাস্তে। তদানীমাসীদিত্যর্থঃ। কেবল এব কৈবল্যঃ স্বার্থে ষ্যঞ্। চাতুর্ব্বর্ণ্যবৎ। তত্র কেবলত্বে ইতি স্বগতভেদং দর্শয়তি কেবলেতি। স্বরূপশক্তিবৈচিত্র্যাৎ কেবলানাং শুদ্ধানাং স্বরূপভূতানামনুভাবানাং যঃ সন্দোহস্তদ্রূপঃ। কেবলত্বং দর্শয়তি নিরুপাধিক ইতি। তদুক্তং তৃতীয়ে। সুপ্তশক্তিরসুপ্তদৃগিতি॥ ১৭॥

স্বরূপশক্তিমেব স্থাপয়ন্ সৃষ্টিং যোজয়তি কেবলেতি। সৃষ্টিকালে মহাবৈকুণ্ঠনাথাদাবির্ভূয় সএব শুদ্ধস্বরূপপ্রভাবরূপয়া শক্ত্যা ত্রিগুণাত্মিকাং প্রধানৈকরূপাং স্বমায়াং সংক্ষোভয়ন্ সূত্রং সৃজতি॥ ১৮—২০॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আত্মানুভাবেন স্বপ্রভাবরূপেণ কালেন শক্তিষু সত্ত্বাদিষু সাম্যং নীতাসু সতীষু। প্রধানস্য মায়ায়াঃ পুরুষাণাং জীবানাঞ্চ নিয়ন্তা পরাবরেষাং মুক্তবদ্ধজীবানাং পরমারাধ্যঃ। কেবল এব কৈবল্যঃ স্বার্থে ষ্যঞ্। কৈবল্য সংজ্ঞা জাতা যস্য সঃ॥ ১৭॥

জগৎপালনাদিব্যাপারাভাবাৎ কেবলশ্চানুভবানন্দসন্দোহরূপশ্চ সঃ। উপাধির্মায়া তস্যাস্তদানীং সুপ্তত্বান্নিরুপাধিকঃ। তদুক্তং তৃতীয়ে। সুপ্তশক্তিরসুপ্তদৃগিতি॥ ১৮॥

সংহারং দর্শয়িত্বা সৃষ্টিং দর্শয়তি। কেবলেন আত্মানুভাবেন চিচ্ছক্তিপ্রভাবেন স্বমায়াং প্রধানং প্রবোধ্য স্বেক্ষণেন সংক্ষোভয়ন্ সূত্রং ক্রিয়াশক্তিপ্রধানং মহত্তত্বং সৃজতি॥ ১৯॥

দীপিকাদীপনং।

আত্মানুভাবেন স্বপ্রভাবরূপেণ কালেন প্রভাবং পৌরুষং প্রাহুঃ কালমেকে যতো ভয়মিতি। কাপিলেয়োক্তেঃ সাম্যং প্রধানং আনন্দানাং সমূহ ইতি ব্যাখ্যানেন স্বরূপশক্তিবৈচিত্র্যাদপ্রাকৃতানন্তবিশেষশালিত্বমভিব্যঞ্জিতং॥ ১৭॥

কেবলাৎ স্বজাতীয়বিজাতীয়ভেদশূন্যাৎ॥ ১৮॥

কেবলেনাখণ্ডেন। ত্রিগুণাত্মিকাং প্রধানৈকরূপাং সংক্ষোভয়ন্ বিষমগুণাং কুর্ব্বন্॥ ১৯॥

প্রধান এবং তাহার উপাধি স্বরূপ পুরুষেরও আদিপুরুষ অর্থাৎ ঈশ্বর, আত্মানুভাবরূপ কাল দ্বারা সত্ত্বাদিগুণ সকল সমতা প্রাপ্ত হইলে ব্রহ্মাদিদেবগণ শ্রেষ্ঠ কৈবল্যরূপে অবস্থান করেন॥ ১৭॥

যে হেতু তিনি নির্ব্বিষয়, স্বপ্রকাশ ও আনন্দসন্দোহ এবং নিরুপাধিক হয়েন॥ ১৮॥

হে অরিন্দম! কেবল আত্মানুভবরূপ কাল দ্বারা ত্রিগুণাত্মিকা স্বীয় মায়াকে ক্ষুব্ধ করিয়া সেই মায়া দ্বারা ক্রিয়াশক্তি প্রধান মহত্তত্বকে প্রথমতঃ সৃষ্টি করেন॥ ১৯॥

তামাহ ত্রিগুণব্যক্তিং সৃজতীং বিশ্বতোমুখং। যস্মিন্ প্রোতমিদং বিশ্বং যেন সংসরতে পুমান্॥২০
যথোর্ণনাভির্হৃদয়াদূর্ণাং সংতত্য বক্ত্রতঃ। তয়া বিহৃত্য ভূয়স্তাং গ্রসত্যেবং মহেশ্বরঃ॥ ২১॥
যত্র যত্র মনো দেহী ধারয়েৎ সকলং ধিয়া। স্নেহাদ্দ্বেষাদ্ভয়াদ্বাপি যাতি তত্তৎস্বরূপতাং॥ ২২॥

শ্রীধরস্বামী।

সূত্রস্যৈব ব্যক্তিশব্দেনোচ্যমানস্য তামিতি স্ত্রীলিঙ্গেন পরামর্শঃ। ত্রিগুণব্যক্তিং গুণত্রয়স্য কার্য্যং অতএব বিশ্বতোমুখং নানাবিধং ত্রিগুণাত্মকং বিশ্বং অহঙ্কারদ্বারেণ সৃজতীং। ত্রিগুণকার্য্যস্য সূত্রসংজ্ঞায়াং কারণমাহ যস্মিন্নিতি। কারণভূতে সমষ্টিরূপে যস্মিন্নিদং বিশ্বং প্রোতং গ্রথিতং। বায়ুর্বৈ গৌতম তৎ সূত্রং বায়ুনা বৈ গোতমসূত্রেণায়ঞ্চ লোকঃ পরশ্চ লোকঃ সর্ব্বাণি ভূতানি সংসৃষ্টানীত্যাদি শ্রুতেঃ। যেন চাধ্যাত্মপ্রাণরূপেণ জীবঃ সংসরতি॥ ২০॥

তদেবং শিক্ষিতমর্থমুক্ত্বা দৃষ্টান্তমাহ যথেতি। হৃদয়াদুৎপন্নাং বক্ত্রতো বক্ত্রেণ সংতত্য প্রসার্য্য বিহৃত্য ক্রীড়িত্বা॥ ২১॥

ভগবদ্ধ্যানপরাণাং তৎসারূপ্যং ন চিত্রমিতি। পেশস্কৃতো ভ্রমরবিশেষাজ্জ্ঞাতমিত্যাহ যত্র যত্রেতি। সকলমেকাগ্রং॥ ২২॥

ক্রমসন্দর্ভঃ।

তদেতচ্চ যৎকিঞ্চিদংশেন কীটবিশেষং গুরুং মত্বা অবগতমিত্যাহ যথেতি। ঊর্ণনাভিরত্র দীর্ঘসূক্ষ্মঃ কীটবিশেষস্তস্যৈব বক্ত্রেণোদ্গিরণনিগরণদৃষ্টেঃ॥ ২১—২৩॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তামিতি স্ত্রীলিঙ্গেন সূত্রস্যৈব পরামর্শঃ। তৎ সূত্রমেব ত্রিগুণব্যক্তিং গুণত্রয়কার্য্যমাহরিত্যর্থঃ। কীদৃশীং বিশ্বতোমুখং নানাবিধং ত্রিগুণাত্মকং বিশ্বমহঙ্কারেণ দ্বারেণ সৃজন্তীং। ত্রিগুণকার্য্যস্য মহত্তত্ত্বস্য তস্য সূত্রসংজ্ঞায়াং কারণমাহ। যস্মিন্ কারণভূতে সূত্রে সমষ্টিরূপ প্রাণে বিশ্বমিদং প্রোতং। তথাচ শ্রুতিঃ। বায়ুর্বৈ গৌতম তৎসূত্রং বায়ুনা বৈ গোতমসূত্রেণায়ঞ্চ লোকঃ পরশ্চ লোকঃ সর্ব্বাণি ভূতানি সংসৃষ্টানীতি। যেন চাধ্যাত্মরূপেণ প্রাণেন জীবঃ সংসরতি॥ ২০॥

ঊর্ণনাভির্মাকড়ীতি খ্যাতঃ কীটবিশেষঃ। হৃদয়াদুৎপন্নাং বক্ত্রতঃ বক্ত্রেণ সংতত্য প্রসার্য্য বিহৃত্য ক্রীড়িত্বা॥ ২১॥

ভগবৎধ্যানপরাণাং তৎসারূপ্যং ন চিত্রমিতি পেশস্কৃতো ভ্রমরবিশেষাজ্জ্ঞাতমিত্যাহ যত্রেতি দ্বাভ্যাং। সকলমিতি মনস একত্বা অপি বৃত্তের্যদাহস্তগামিত্বং ন স্যাত্তদৈব দেহী ধ্যেয়সারূপ্যং লভতে নান্যথেত্যর্থঃ॥ ২২॥

দীপিকাদীপনং।

তামিতি স্ত্রীলিঙ্গেন পরামর্শ ইতি। তচ্ছব্দেন কচিদ্বিধেয়পরামর্শকত্বস্যাপি সিদ্ধান্তিতত্বাৎ। নিত্যং যৎ কর্ম্ম স যমঃ। ইতিবৎ। অতএব গুণত্রয়স্যাদিকার্য্যত্বাদেব। হে গৌতম বায়ুঃ সমষ্টিপ্রাণঃ সূত্রং সূত্রশব্দবাচ্যঃ সংসৃষ্টানি সংগ্রথিতানি। বায়ুাত্মরূপেণ বায়োঃ স্বরূপভূতেন॥ ২০॥

ঊর্ণনাভিরত্র দীর্ঘসূক্ষ্মো কীটবিশেষঃ তস্যৈব বক্ত্রেণোদ্গিরণনিগরণদৃষ্টেঃ উৎপন্নামুৎপন্নাং বক্ত্রেণ দ্বারেণ। তয়োর্ণয়া। দার্ষ্টান্তিকে অতিদেশেনানুবদতি এবমিতি॥ ২১॥

তৎসারূপ্যং ভগবৎসমানরূপতাং ভ্রমরবিশেষাৎ। ভৃঙ্গীতি খ্যাতাৎ। যত্র যত্রেতি স্নেহাদিনা ভরতাদৌ মৃগসারূপ্যাদেদৃষ্টত্বাৎ। অন্তে য়া মতিঃ সা গতিরিতি স্যায়াচ্চেতি ভাবঃ॥ ২২॥

অহঙ্কার দ্বারা বিশ্বতোমুখ বিশ্বের সৃজনকারিণী অতএব ত্রিগুণাত্মিকা সেই মায়াকেই সূত্রাত্মা কহেন, যাহাতে এই বিশ্ব গ্রথিত রহিয়াছে এবং যাহার দ্বারা জীবের সংসার গতি প্রাপ্তি হয়॥ ২০॥

যেমন ঊর্ণনাভি হৃদয় হইতে ঊর্ণা বিস্তৃত করিয়া তাহাতে ক্রীড়া করত পুনর্ব্বার তাহা গ্রাস করে তদ্রূপ মহেশ্বর এই জগতের সৃষ্টি, স্থিতি ও প্রলয় করেন॥ ২১॥

পেশস্কৃত অর্থাৎ কুমরিকা কীটের নিকট শিক্ষা যথা। দেহী ব্যক্তি স্নেহ দ্বারাই হউক বা দ্বেষবশতই হউক আর ভয় নিমিত্তই হউক, যে খানে যে খানে সর্ব্বতোভাবে বুদ্ধির সহিত একাগ্ররূপে মন ধারণ করেন, তাহার সেই সেই রূপই প্রাপ্ত হয়॥ ২২॥

কীটঃ পেশস্কৃতং ধ্যায়ন্ কুড্যান্তেন প্রবেশিতঃ। যাতি তৎসাত্মতাং রাজন্ পূর্ব্বরূপমসংত্যজন্ ॥২৩॥
এবং গুরুভ্য এতেভ্য এষা মে শিক্ষিতা মতিঃ। স্বাত্মোপশিক্ষিতাং বুদ্ধিং শৃণু মে বদতঃ প্রভো ॥২৪
দেহো গুরু র্মম বিরক্তিবিবেকহেতুর্বিভ্রৎ স্ম সত্ত্বনিধনং সততার্ত্ত্যুদর্কং।

শ্রীধরস্বামী।

কুড্যাং প্রবেশিতো নিরুদ্ধঃ ভয়েন ধ্যায়ন্। সাত্মতাং সারূপ্যং। সাম্যতামিতি পাঠে স্বার্থতা। পূর্ব্বরূপমসংত্যজন্নিতি। অস্তায়মভি-প্রায়ঃ। যদা তেনৈব দেহেনান্যসারূপ্যং দৃশ্যতে তদা কিং বক্তব্যং দেহান্তরেণ সারূপ্যং ঘটত ইতি ॥ ২৩ ॥

স্বদেহাদেব শিক্ষিতমাহ স্বাত্মেতি। স্বাত্মনো দেহাচ্ছিক্ষিতাং ॥ ২৪ ॥

গুরুত্বে হেতুঃ বিরক্তিবিবেকহেতুঃ। বিরক্তিহেতুত্বমাহ সত্ত্বনিধনং উৎপত্তিবিনাশৌ বিভ্রৎ স্ম। কিঞ্চ। সততং সন্ততং অর্ত্ত্যুদর্কং দুঃখমোবোত্তরোত্তরফলং বিভ্রৎ। যদ্বা। সততার্ত্তিরেব উদর্ক উত্তরফলং যস্ত তৎ সত্ত্বনিধনং বিভ্রৎ। বিবেকহেতুত্বমাহ তত্ত্বানীতি।

ক্রমসন্দর্ভঃ।

এষাং মতিরিতি জাতাবেকত্বং ॥ ২৪ ॥

দেহো মানুষলক্ষণোঽয়ং। অনেনৈব দেহেনৈব বিমৃষামি। অন্তত্রৈতাদৃশবুদ্ধ্যাদ্যভাবাৎ ॥ ২৫—৩০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মনঃপরং কারণমামনন্তি সংসারচক্রং পরিবর্ত্তয়েদ্যৎ ॥ ৩৮ ॥
মনো গুণান্ বৈ সৃজতে বলীয়স্ততশ্চ কর্ম্মাণি বিলক্ষণানি।
শুক্লানি কৃষ্ণান্যথ লোহিতানি তেভ্যঃ সবর্ণাঃ সৃতয়ো ভবন্তি ॥ ৩৯ ॥
অনীহ আত্মা মনসা সমীহতা হিরণ্ময়ো মৎসখ উদ্বিচষ্টে।

শ্রীধরস্বামী।

তামেব ষোড়শশ্লোকীং গাথামাহ নায়মিতি নচাত্মাপি গ্রহাদয়ঃ মনঃ পরং কেবলং সুখদুঃখয়োঃ কারণং বদন্তি। মনসা হ্যেব পশ্যন্তি মনসা শৃণোতীত্যাদ্যাঃ শ্রুতয়ঃ ॥ ৩৮ ॥

পরিবর্ত্তনপ্রকারমেবাহ মন ইত্যাদিনা। গুণান্ গুণবৃত্তীঃ সৃজতি ততশ্চ তেভ্যো গুণেভ্যঃ শুক্লানি সাত্ত্বিকানি কৃষ্ণানি তামসানি লোহিতানি রাজসানি সবর্ণাস্তত্তৎকর্ম্মানুরূপাঃ সৃতয়ঃ দেবতির্য্যঙ্নরাদিগতয়ঃ ॥ ৩৯ ॥

তর্হি মনস এব সংসারঃ ন ত্বাত্মন ইত্যাশঙ্ক্যাহ অনীহ ইতি অয়মর্থঃ অবিদ্যয়া মনোঽধ্যাসেন হ্যয়মাত্মনঃ সংসৃতিঃ নতু স্বতঃ যত-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অহো দুঃখমেতাবৎ কঃ খলু দত্ত ইতি বিমৃশন্নাদাবিদয়ঃ দুর্জ্জনো দত্ত ইত্যাহ নায়মিতি। নতু প্রত্যক্ষমর্থং কিমপলপসি স্বাতন্ত্র্যে-ণায়ং জনো ন দত্ত ইতি চেৎ কেষাঞ্চিৎ প্রেরণবশাদ্দত্ত ইত্যুচ্যতাং। তত্র প্রেরকান্ নিষেধতি ন দেবতা নাপ্যাত্মা নাপি গ্রহাদয়ঃ কিন্তু মন এব পরং কেবলং কারণং বদন্তি মনসাহ্যেব পশ্যতি মনসাহ্যেব শৃণোতীত্যাদ্যাঃ শ্রুতয়ঃ পরিবর্ত্তয়েৎ পরিভ্রাময়েৎ ॥ ৩৮ ॥

পরিবর্ত্তনপ্রকারমাহ মন এব দোষপূর্ণেহপি কনককামিন্যাদি বস্তূনি গুণান্ সৃজতে সৃজতি। ধনং বিনা কুতো ধর্ম্মাঃ স্রক্‌চন্দন-বনিতাদ্যা ভোগাশ্চ কুতঃ সিদ্ধ্যন্তি তাংশ্চ বিনা কুতঃ সুখমতো ধনমুপার্জ্জনীয়মিতি। প্রথমং ধনোপার্জ্জনে দোষেহপি মন এব প্রবর্ত্ত-য়তীত্যর্থঃ। বলীয় ইত্যরে মহানর্থক্রন্দন-কলত্রপুত্রাদিকমিত্যন্ততঃ স্বতো বা জড়িতং বিবেকমপি নৈব গৃহ্নাতীতি ভাবঃ। কর্ম্মাণি মনঃ প্রবর্ত্তিতানি বিলক্ষণানি কানিচিৎ সাত্ত্বিকানি কানিচিত্তামসানি কানিচিদ্রাজসানি নবেকীভূতানীত্যর্থঃ। শুক্লানি ধর্ম্মোপ-যোগীনি কৃষ্ণানি নরকোপযোগীনি ক্রমেণ তেভ্যঃ সবর্ণাঃ সৃতয়ঃ দেবাতির্য্যঙ্নরাদি জাতয়ঃ ॥ ৩৯ ॥

নতু তর্হি মনস এব সংসারোঽস্তু নাত্মনস্তত্র সত্যমাত্মাহত্র শরীরে দ্বিবিধ একঃ পরমাত্মা মনোলেপরহিতঃ। অন্যো জীবাত্মা তল্লেপসহিত এব তত্র প্রথমং তাবৎ শৃণ্বিত্যাহ অনীহ ইতি মনসা সমীহমানেন সহ নিয়ন্তৃত্বেন বর্ত্তমানোঽপি পরমাত্মা অনীহঃ তৎ-

দীপিকাদীপনং।

যদ্যপি গাথায়াং ষোড়শ এব শ্লোকা নত্বষ্টাদশ তথাপি গাথার্থ তাৎপর্য্যায় ভগবতা দ্বাভ্যাং দর্শিতত্বাদষ্টাদশশ্লোকীমিত্যুক্তং। জায়ত ইতি জনোদেহঃ। যন্মনঃ কর্তৃ সংসারচক্রং জন্মমরণপ্রবাহং পরিবর্ত্তয়েৎ পুনঃ পুনঃ প্রাপয়েৎ ॥ ৩৮ ॥

বলীয়ো দুর্জ্জয়ং। গুণবৃত্তীঃ কামাদ্যাঃ। গুণেভ্যঃ গুণবৃত্তিভ্যঃ। তত্তৎ কর্ম্মানুরূপাঃ সাত্ত্বিক রাজস তামস কর্ম্মানুরূপাঃ। গতয়ো যোনয়ঃ ॥ ৩৯ ॥

যর্হি মনসঃ কর্তৃত্বং তর্হি। আভাসোক্ত শঙ্কা সমাধানায় যোজনাং পূর্ব্বমেব তাৎপর্য্যার্থং ব্যাচষ্টে অয়মর্থ ইতি। অবিদ্যয়া

যথা—এই সকল দুষ্টলোক বা দেবতাগণ, কিম্বা গ্রহ, কর্ম্ম বা কাল ইহারা কেহই আমার সুখ দুঃখের হেতু নহে কেবল একমাত্র মনকে তাহার কারণ বলা যায়, যে মনঃ সংসারচক্রে নিয়ত পরি-ভ্রমণ করিতেছে ॥ ৩৮ ॥

পরিবর্ত্তন প্রকার এই যে, বলবান্ মনই সত্ত্বাদি গুণের বৃত্তি সকল সৃষ্টি করে, সেই সকল গুণবৃত্তি হইতে সাত্ত্বিক, রাজসিক ও তামসিক বিবিধ কর্ম্ম সকল উৎপন্ন হয়, সেই সকল কর্ম্ম দ্বারাই স্বানুরূপ দেব তির্য্যক্ নরাদি গতি প্রাপ্তি হয় ॥ ৩৯ ॥

যদি বল মনেরই সংসার হউক, আত্মার না হউক এই আশঙ্কায় বলিলেন, বিদ্যা শক্তি সম্পন্ন ও

মনঃ স্বলিঙ্গং পরিগৃহ্য কামান্ জুষন্নিবদ্ধো গুণসঙ্গতোঽসৌ ॥ ৪০ ॥
দানং স্বধর্ম্মো নিয়মো যমশ্চ শ্রুতঞ্চ কর্ম্মাণি চ সদ্ব্রতানি।
সর্ব্বে মনোনিগ্রহলক্ষণান্তাঃ পরোহি যোগো মনসঃ সমাধিঃ ॥ ৪১ ॥

শ্রীধরস্বামী।

তদ্রহিতস্যেশ্বরস্য সা নাস্তি কিন্তু তদ্বতো জীবস্যৈবেতি তদেতদাহ মনসা সমীহমানেন সহ নিয়ন্তৃত্বেন বর্ত্তমানোঽপি পরমাত্মা অনীহঃ তৎ ক্রিয়া সঙ্গরহিতঃ যতো হিরণ্ময়ঃ বিদ্যাশক্তিপ্রধানঃ কুতঃ যতো মৎসখঃ মম জীবস্য সখা নিয়ন্তা অত উৎ উচ্চৈর্ব্বিচষ্টে অতিরোহিত-জ্ঞানেন কেবলং পশ্যতীত্যর্থঃ। অসৌ পুনরয়ং জীবঃ স্বলিঙ্গং স্বস্মিন্নাত্মনি লিঙ্গয়তি দ্যোতয়তি সংসারমিতি তথা তন্মনঃ পরিগৃহ্য আত্ম-ত্বেন স্বীকৃত্য তস্য মনসো গুণৈঃ কর্ম্মভিঃ সঙ্গতঃ সম্বন্ধঃ গুণসঙ্গাদ্বা কামান্ জুষন্ নিবদ্ধ ইতি ॥ ৪০ ॥

অতো মনোনিগ্রহে কৃতে সর্ব্বং কৃতং স্যাৎ তং বিনা তু সর্ব্বং ব্যর্থমিত্যাহ দানমিতি দ্বাভ্যাং। স্বধর্ম্মো নিত্যনৈমিত্তিকঃ সদ্ব্রতানি একাদশ্যুপবাসাদীনি অন্যানি চ যাবন্তি কর্ম্মাণি এতে সর্ব্বে উপায়া মনোনিগ্রহলক্ষণো অন্তো নিষ্ঠা ফলং যেষাং তে তথা নহু জ্ঞানা-ঙ্গত্বং তেষাং প্রসিদ্ধং তত্রাহ মনসঃ সমাধির্নিগ্রহ এব পরো যোগো জ্ঞানং ॥ ৪১ ॥

ক্রমসন্দর্ভঃ।

মনঃ স্বলিঙ্গং পরিগৃহ্যেত্যনেন মানস জ্ঞানাতিরিক্তং স্বাভাবিকং জ্ঞানং জীবস্য দর্শিতং তদভাবেন পরিগ্রহাদ্যনুৎপত্তেঃ ॥৪০—৪৫॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ক্রিয়াসঙ্গরহিতঃ যতো হিরণ্ময়ঃ স্বতন্ত্রচিন্ময়ঃ মম জীবস্য সখা উৎ উচ্চৈর্ব্বিচষ্টে। অতিরোহিতজ্ঞানত্বাৎ ন কেবলং নির্লেপ এব পশ্যতীত্যর্থঃ। দ্বিতীয়ো জীবাত্মাস্তু স্বস্য লিঙ্গং লিঙ্গশরীরং মনঃ পরিগৃহ্য আত্মত্বেন স্বীকৃত্য তস্য মনসো গুণৈর্গুণকৃতকর্ম্মভিঃ সঙ্গতঃ সঙ্গাৎ কামান্ জুষন্ নিবদ্ধঃ মনোঽধ্যাসাৎ জীবাত্মন এব সংসার ইত্যর্থঃ। মনসস্তু জড়ত্বেন সুখদুঃখানুভবাভাবাৎ স্বর্গনর-কাপবর্গেষু মধ্যে ন কোপীতি ভাবঃ ॥ ৪০ ॥

তস্মাৎ সর্ব্বানর্থকৃতো মনসো নিগ্রহে এব যত্নীয়মিত্যাহ দানমিতি দানাদয় এতে সর্ব্বে উপায়া মনো নিগ্রহলক্ষণঃ অন্তঃশেষঃ ফলং যেষাং তে। যতো মনসঃ সমাধির্নিগ্রহ এব পরঃ সর্ব্বশ্রেষ্ঠো যোগঃ ॥ ৪১ ॥

দীপিকাদীপনং।

স্বরূপাঽজ্ঞানেন ইয়ং দেবতির্য্যগাদিরূপা। স্বতঃ স্বভাবতঃ। যতো হেতোঃ তদ্রহিতস্যাবিদ্যারহিতস্য। তদ্বতোঽবিদ্যাবতঃ। তৎ পূর্ব্বোক্তমেতৎ তাৎপর্য্যং। সমীহমানেন গুণবৃত্তীঃ সৃজতা। তৎক্রিয়াসঙ্গরহিতঃ চিচ্ছক্তিবলেন মনোঽধ্যাসাভাবাত্মনঃ ক্রিয়াসঙ্গশূন্যঃ বিদ্যাশক্তিঃ স্বরূপশক্তিস্তৎ প্রধান ইতি তদভিভূতা মায়াপি তদাশ্রিতা এব তিষ্ঠতীতি সূচিতং। অতো নিয়ন্তৃত্বাৎ স্বীকৃত্য অধ্যাস্য। গুণৈ গুণকার্য্যৈঃ কর্ম্মভিঃ ॥ ৪০ ॥

অতঃ সংসারস্য মনোনিবন্ধনত্বাৎ তং মনোনিগ্রহং। নিত্যঃ সন্ধ্যোপাসনাদিঃ নৈমিত্তিকো জাতেষ্ট্যাদিঃ। নিয়মঃ স্নানাদিঃ যমোঽহিংসাদিঃ শ্রুতং শাস্ত্রশ্রবণং অন্যানি চ প্রকৃতিবিকৃতিযাগসত্যাতরূপাণি। তেষাং স্বধর্ম্মাদীনাং তমেতমাত্মানং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তীত্যাদি শ্রুতৌ যজ্ঞাদি শ্রুতেরশ্ববদিতি ন্যায়ে চ প্রসিদ্ধং ॥ ৪১ ॥

চেষ্টা রহিত পরমাত্মা মনের ব্যাপার দ্বারা জীবের নিয়ন্তারূপে কেবল দর্শনমাত্র করেন, সেই জীব মনকে আত্মরূপে গ্রহণ করিয়া গুণসঙ্গ দ্বারা কামনানুভবে আবদ্ধ হইয়া সংসারে আসক্ত হয়েন ॥ ৪০ ॥

অতএব মনকে নিগ্রহ করিতে পারিলেই সকল নিগ্রহ হয়, তদ্ভিন্ন সমুদায় ব্যর্থ, দেখ দান, নিত্য-নৈমিত্তিক কর্ম্ম, যম, নিয়ম, শ্রৌতকর্ম্ম ও ব্রতাচরণ এ সমুদায় মনের নিগ্রহের উপায়মাত্র, কিন্তু মনের যে সমাধি তাহাই পরমযোগ ॥ ৪১ ॥

সমাহিতং যস্য মনঃ প্রশান্তং দানাদিভিঃ কিং বদ তস্য কৃত্যং।
অসংযতং যস্য মনো বিনশ্যদ্দানাদিভিশ্চেদপরং কিমেভিঃ ॥ ৪২ ॥
মনো বশেঽন্যেহ্যভবন্ স্ম দেবা মনশ্চ নান্যস্য বশং সমেতি।
ভীষ্মোহি দেবঃ সহসঃ সহীয়ান্ যুঞ্জ্যাদ্বশং তং স হি দেবদেবঃ ॥ ৪৩ ॥
তং দুর্জ্জয়ং শত্রুমসহ্যবেগমরুন্তুদং তন্ন বিজিত্য কেচিৎ।

শ্রীধরস্বামী।

অতো যস্য মনঃ সমাহিতং ভবতি তস্য কিং কৃত্যমস্তি বদেতি পরং প্রত্যুপাদিশন্নিব স্বয়মেবাহ অসংযতং বিক্ষিপ্তং চেৎ। যদ্বা। বিনশ্যৎ আলস্যাদিনা লীয়মানঞ্চেৎ ভবেত্তর্হি এভির্দানাদিভিঃ কিমপরং প্রয়োজনং স্যান্ন কিঞ্চিদিত্যর্থঃ ॥ ৪২ ॥

নন্বিতরেন্দ্রিয়জয়ঃ প্রয়োজনং স্যাৎ নেত্যাহ মনো বশ ইতি। দেবা ইন্দ্রিয়াণি তদধিষ্ঠাতারো বা ভীষ্মো যোগিনামপি ভয়ঙ্করো মনো লক্ষণো দেবঃ কুতঃ সহসো বলাদপি বলিনোঽপি বা সহীয়ান্ বলীয়ান্ অতস্তং যো বশবর্ত্তিনং কুর্য্যাৎ স এব দেবদেবঃ সর্ব্বেন্দ্রিয়-জেতা ভবতি নান্যঃ তথাচ শ্রুতিঃ মনসো বশে সর্ব্বমিদং বভূব নান্যস্য মনো বশমন্বিয়ায় ভীষ্মোহি দেবঃ সহসঃ সহীয়ানিতি ॥ ৪৩ ॥

অতোঽসহ্যা রাগাদয়ো বেগা যস্য তং অতএবারুন্তুদং অরুর্মর্ম্ম তত্তুদতি ব্যথয়তীতি অরুন্তুদঃ তং তৎ নেতি চ্ছেদঃ। তং ন বিজিত্য

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সুধীভিরেকো মনো নিগ্রহ এবাপেক্ষণীয়ো নান্য ইত্যাহ। সমাহিতং বশীকৃতং চেৎ কিং দানাদিভিঃ। অসংযতং অবশীভূতং যতো বিনশ্যৎ লয়যুক্তং। অপরমনুৎকৃষ্টং বিক্ষেপযুক্তঞ্চ চেৎ কিমেভির্দানাদিভিঃ ॥ ৪২ ॥

নন্বিতরেন্দ্রিয়জয়োঽপ্যপেক্ষণীয় এব তত্র নেত্যাহ মনোবশে ইতি দেবা ইন্দ্রিয়াণি তদধিষ্ঠাতারশ্চ মনোবশে মনস এব বশেঽভবন্ বর্ত্তন্তে স্ম ভীষ্মঃ যোগিনামপি ভয়ঙ্করঃ মনোলক্ষণোদেবঃ যতঃ সহসঃ সহস্বিনোঽপি সহীয়ান্ বলিষ্ঠাদপি বলিষ্ঠ ইত্যর্থঃ। অতস্তং যো বশং যুঞ্জ্যাৎ কুর্য্যাৎ স হি দেবদেবঃ সর্ব্বেন্দ্রিয়জেতা। তথাচ শ্রুতিঃ। মনসোবশে সর্ব্বমিদং বভূব। নান্যস্য মনোবশমন্বিয়ায় ভীষ্মোহি দেবঃ সহসঃ সহীয়ানিতি ॥ ৪৩ ॥

অরুর্মর্ম্ম তত্তুদতি ব্যথয়তীতি অরুন্তুদস্তং ন বিজিত্য অজিত্বা তত্তত এবাজিতাদ্ধেতোঃ কেচিন্মূঢ়াঃ মর্ত্যৈঃ সহাসদ্বিগ্রহং কুর্ব্বন্তি।

দীপিকাদীপনং।

অতো ধর্ম্মাদীনাং মনো নিগ্রহফলকত্বাৎ। বিক্ষিপ্তং রজসা। লীয়মানঞ্চ তমসা ॥ ৪২ ॥

ইতরেন্দ্রিয়জয়ঃ জ্ঞানকর্ম্মেন্দ্রিয়জয়ঃ দানাদীনাং প্রয়োজনং। অতো বলীয়স্ত্বাৎ। তং মনোদেবং। তথাচ মনসোদুর্জ্জয়ত্বে প্রমাণং শ্রুতিঃ ॥ ৪৩ ॥

যতো মনোনিগ্রহীতা এব দেবদেবোঽতঃ। অতএবাঽসহ্যবেগত্বাদেব। তচ্ছব্দস্য পৌনরুক্ত্যমাশঙ্ক্যাব্যয়ত্বেন ব্যাচষ্টে তন্নেতি

যাহার মনঃ প্রশান্তভাবে সমাহিত হয়, দানাদি দ্বারা তাহার আর কি কার্য্য হইবে, আর যাহার আলস্যাদি দ্বারা মনঃ অসংযত হয়, তাহার দানাদি দ্বারাই বা অপর কি কার্য্য হইবে ॥ ৪২ ॥

যদি বল অন্যান্য ইন্দ্রিয় সকল জয় করিতে হইবে, কেবল মন জয় করিলে কি হইতে পারে, ইহার উত্তর এই যে, ইন্দ্রিয় সকল মনের বশে বর্ত্তমান কিন্তু মন কাহারও বশতাপন্ন নহে, যে হেতু যোগিদিগেরও ভয়ঙ্কর মনোরূপ দেবতা বলিষ্ঠ হইতেও বলবান্, যে ব্যক্তি তাহাকে বশতাপন্ন করিতে পারেন তিনি সর্ব্বেন্দ্রিয়জেতা ॥ ৪৩ ॥

সেই মর্ম্মবেদনাকারি অসহ্যবেগ দুর্জ্জয়শত্রু মনকে জয় না করিয়া যে কোন ব্যক্তি মনুষ্যদিগের

কুর্ব্বন্ত্যসদ্বিগ্রহমেব মর্ত্ত্যৈর্ম্মিত্রোদাসীন রিপূন্ বিমূঢ়াঃ ॥ ৪৪ ॥
দেহং মনোমাত্রমিমং গৃহীত্বা মমাহমিত্যন্ধধিয়ো মনুষ্যাঃ।
এষোঽহমন্যোঽয়মিতি ভ্রমেণ দুরন্তপারে তমসি ভ্রমন্তি ॥ ৪৫ ॥
জনস্তু হেতুঃ সুখদুঃখয়োশ্চেৎ কিমাত্মনশ্চাত্র হি ভৌময়োস্তৎ।

শ্রীধরস্বামী।

অজিত্বা ততঃ যে কেচিৎ মর্ত্ত্যাঃ কৈশ্চিৎ সহ অসদ্বিগ্রহং কুর্ব্বন্তি তত্র চানুকূল প্রতিকূলাদীন্ অন্যান্ মিত্রাদীন্ কুর্ব্বন্তি তে বিমূঢ়া ইত্যর্থঃ ॥ ৪৪ ॥

ততশ্চানেন প্রকারেণ তে সংসারে ভ্রমন্তীত্যাহ দেহমিতি মনোমাত্র পরিকল্পিতমিমং স্বদেহমহমিতি পুত্রাদি দেহঞ্চ মমেতি স্বীকৃত্য তমসি সংসারে ভ্রমন্তি ॥ ৪৫ ॥

তদেবং মনস এব সুখদুঃখকারণত্বমুপপাদ্য ইদানীং জনাদীনাং ষণ্ণাং অকারণত্বং প্রপঞ্চয়তি জনস্ত্বিতি ষড়্ভিঃ। অত্র চাস্মিন্নপি পক্ষে আত্মনঃ কিং ন কিঞ্চিৎ সুখদুঃখকর্ম্মত্বং তৎ কর্ত্তৃত্বং চেত্যর্থঃ। কুত ইত্যত আহ হি নিশ্চিতং ভৌময়ো র্ভূবিকারয়ো

ক্রমসন্দর্ভঃ।

জনস্ত্বিতি। আত্মনো জীবস্য। আত্মন এব প্রাধান্যেন সর্ব্বাণি ক্ষেত্রাণীতি। বিচারেতু সুতরাং ন কোপাবকাশ ইত্যাহ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তত্র চানুকূল প্রতিকূলাদীনন্যান্ মিত্রাদীন্ কুর্ব্বন্তি ॥ ৪৪ ॥

ততশ্চানেন প্রকারেণাবিদ্যয়া গ্রস্যমানা ভবন্তীত্যাহ দেহমিতি মনসো মাত্রা বৃত্তয় ইন্দ্রিয়াদয়ো যস্মিংস্তং দেহমিমং অহমিতি পুত্রাদিদেহঞ্চ মমেতি গৃহীত্বা স্বীকৃত্য তমসি সংসারে ॥ ৪৫ ॥

তদেবং মনস এব সুখদুঃখয়োঃ কারণত্বমুপপাদ্যেদানীং জনাদীনাং পূর্ব্বোক্তানাং ষণ্ণামকারণত্বং প্রপঞ্চয়তি। জনস্ত্বিতি ষড়্ভিঃ হেতুরিতি জন এব জনং সুখয়তি জন এব জনং দুঃখয়তীতি চেৎ। অত্র চ অস্মিন্নপি পক্ষে আত্মনো জীবাত্মনঃ কিং ন কিঞ্চিদপি যতস্তৎ সুখদুঃখকর্ত্তৃত্বং সুখদুঃখকর্ম্মত্বঞ্চ ভৌময়ো র্ভূবিকারদেহয়োরেব নাত্মনঃ। অমূর্ত্তস্য দেহাদ্ভিন্নত্বাৎ বস্তুনোঽভিমানিনস্তস্য তাড়নাদিষু কর্ত্তৃত্ব কর্ম্মত্বানুপপত্তেঃ। ননু তদপি পীড়াত্বাত্মন এব প্রত্যক্ষী ভবতীত্যত আহ জিহ্বামিতি তদ্বেদনায়াং তত্র বেদনায়াং পীড়ায়াং আত্মগামিন্যাং সত্যাং কতমায় কুপ্যেৎ কিং পীড়কেভ্যো দন্তাঃ কিং বা পীড্যমানায়ৈ জিহ্বায়ৈ। তত্র যথা পীড্যমানায়ৈ

দীপিকাদীপনং।

ছেদ ইতি তৎ ততঃ মনসো জন্যাদিত্যর্থঃ। তুর চ বিগ্রহে বস্তুচ্ছন্দয়োর্গম্যমানত্বাদিত্যর্থ ইত্যুক্তং ॥ ৪৪ ॥

ততশ্চ অসদ্বিগ্রহাদৌ সতি ॥ ৪৫ ॥

উপপাদ্য যুক্ত্যা প্রতিপাদ্য জনাদীনামিত্যাদিনা দেবতাত্মা গ্রহকর্ম্মকালানাং পরিগ্রহঃ। অস্মিন্নপি দেহস্য সুখদুঃখকারণত্বপক্ষে। সুখদুঃখকর্ম্মত্বং সুখদুঃখবিষয়ত্বং। তৎ কর্ত্তৃত্বং সুখদুঃখজনকত্বং দেহ এব দেহং সুখয়তি দুঃখয়তি চ নাত্মাকমপি ন চাত্মানং কোঽপি তস্যাঽকর্ত্তৃত্বাদমূর্ত্তত্বাচ্চেত্যর্থঃ। য এনং বেত্তি হন্তারং যশ্চৈনং মন্যতে হতং। তাবুভৌ ন বিজানীতঃ নায়ং হন্তি ন হন্যত ইতি ভগব-

সহিত অসৎবিগ্রহ করে ও তাহাদিগকে শত্রু মিত্র উদাসীনও বোধ করে তাহারা অতিমূঢ় ॥ ৪৪ ॥

ভ্রান্তবুদ্ধি মনুষ্য সকল মনঃ পরিকল্পিত এই দেহমাত্র গ্রহণ করিয়া আমি এই পৃথক্, আমার এই পদার্থ এবম্প্রকার ভ্রম দ্বারা দুরন্ত পার সংসার-সাগরে ভ্রমণ করিয়া থাকে ॥ ৪৫ ॥

যদি মনুষ্যকে সুখদুঃখের হেতু বল, তাহা হইলে আত্মার তাহাতে কর্ত্তৃত্ব বা কর্ম্মত্ব নাই, কেবল ভৌতিক দেহেরই তাহাতে কর্ত্তৃত্ব সম্ভব, তাহা হইলে সুখদুঃখ উপলক্ষে কাহারও প্রতি অনুরাগ বা

জিহ্বাং ক্বচিৎ সংদশতি স্বদদ্ভিস্তদ্বেদনায়াং কতমায় কুপ্যেৎ ॥ ৪৬ ॥
দুঃখস্য হেতুর্যদি দেবতাস্তু কিমাত্মনস্তত্র বিকারয়োস্তৎ।
যদঙ্গমঙ্গেন নিহন্যতে ক্বচিৎ ক্রুদ্ধ্যেত কস্মৈ পুরুষঃ স্বদেহে ॥ ৪৭ ॥
আত্মা যদি স্যাৎ সুখদুঃখহেতুঃ কিমন্যতস্তত্র নিজস্বভাবঃ।

শ্রীধরস্বামী।

দেহয়োস্তং নত্বাত্মনঃ অমূর্ত্তস্যাক্রিয়স্য চ হননাদিষু কর্ম্মকর্ত্তৃত্বানুপপত্তেঃ। তথাপি দুঃখমাত্মপর্য্যবসায্যেবেতি চেদেবমপি পরমাত্মনঃ উভয়ত্রাপ্যেকত্বান্নকোপবিষয়োঽস্তীতি স্বদেহ দৃষ্টান্তেন দর্শয়তি জিহ্বামিতি ॥ ৪৬ ॥

যদি দেবতা ইন্দ্রিয়াধিষ্ঠাত্রী অস্তু নাম তত্রাপি পক্ষে আত্মনঃ কিং স্যাৎ যতো বিকারয়ো র্বিক্রিয়মাণয়োর্দ্দেবতয়ো স্তৎ হস্তেন মুখেঽভিহতে তেন বা হস্তে দষ্টে তদভিমানিনোর্বহ্নীন্দ্রয়োরেব তৎ নত্ববিক্রিয়স্যানহঙ্কারস্য চাত্মনঃ দেবতানাঞ্চ সর্ব্বদেহেষ্বভেদান্ন কোপ-বিষয়োঽস্তীতি স্বদেহ-দৃষ্টান্তমাহ যদ্যদা অঙ্গং দেবতাধিষ্ঠানং হস্তমুখাদি। অতএব পূর্ব্বত্র দেবতানধিষ্ঠানরূপ ভূবিকারমাত্রোদাহরণং ॥ ৪৭ ॥

আত্মনঃ সুখদুঃখাদ্যাকারপরিণামঃ অতএব স এব হেতুর্যদি স্যাত্তত্র তস্মিন্ পক্ষে অন্যতঃ কিং ন কিঞ্চিদন্যতো ভবতি যস্মৈ

ক্রমসন্দর্ভঃ।

জিহ্বামিতি। এবমুত্তরত্রাপি ॥ ৪৬ ॥

দুঃখস্যেতি তৈঃ। তত্র হস্তেনেতি কস্যাচিদ্ধস্তেনান্যতরস্য মুখেঽভিহত ইত্যর্থঃ। দেবতানাঞ্চেতি আত্মনঃ সবিকারত্বেঽপি ব ইন্দ্রাদির্মম দেহে স এবান্যস্য দেহে ততো মমাঙ্গান্যেব দেবতা স্তা ইতি ক্রোধবিষয়া ন স্যুরেবেতি ভাবঃ ॥ ৪৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

জিহ্বায়ৈ কোপস্যানৌচিত্যাৎ পীড়কেভ্যো দন্তেভ্যঃ কোপো ন ক্রিয়তে তথৈবাত্রাপি কোপো ন কর্ত্তব্য ইতি ভাবঃ। দুঃখস্যাত্মনো লিঙ্গাধ্যাসমূলকং সোঢ়ব্যমেব লিঙ্গং তু মন এবেতি তদ্দৃষ্টেঽন্যস্মৈ দোষো ন দেয় ইত্যগ্রিমশ্লোকেষু সর্ব্বত্রৈবমেবং জ্ঞেয়ং ॥ ৪৬ ॥

যদি দেবতা অস্তু নাম তত্রাপি পক্ষে আত্মনঃ কিং যতো বিকারয়ো র্বিক্রিয়মাণয়ো র্দ্দেবতয়োরেব তৎ। হস্তেন মুখে অভিহতে তেন চ খিন্নমস্থিতি হস্তেঽভিশপ্তে তদভিমানিনো বহ্নীন্দ্রয়ো র্দ্দৈবতয়োরেব তদ্দুঃখং সম্ভবতু নাত্মনস্ততঃ পৃথগ্ভূতস্য দেবতানাঞ্চ সর্ব্বদেহেষ্বদেহান্নকোপবিষয়োঽস্তীতি স্বদেহদৃষ্টান্তমাহ যং যদা অঙ্গং মুখাদিকং অঙ্গেন হস্তাদীনাং ইন্দ্রাদ্যধিষ্ঠানেন বিহন্যতে চেদিত্যাত এব পূর্ব্বত্র দেবতানধিষ্ঠানরূপ ভূবিকারমাত্রোদাহরণং ॥ ৪৭ ॥

আত্মা জীবাত্মৈবেতি নহীষ্টকালোষ্ট্রাদিকং কেনচিদ্দুঃখয়িতুং শক্যং ততো জীবাত্মনশ্চেতনত্বমেব দুঃখানুভবহেতুরিতি চেত্তর্হি কিমন্যত ইতি। অন্যঃ কথং দূষণীয় ইত্যর্থঃ। তত্র আত্মনি নিজস্বভাবশ্চৈতন্যমেব সুখদুঃখহেতুরিত্যর্থঃ। নহি তচ্চৈতন্যমাত্মনঃ

দীপিকাদীপনং।

দুক্তেঃ। তৎ কর্ত্তৃত্বং কর্ম্মত্বঞ্চ। তথাপি কর্ম্মত্ব কর্ত্তৃত্বানুপপত্তাবপি। এবমপি দুঃখস্যাত্মপর্য্যবসায়িত্বেঽপি। উভয়ত্রাপি স্বদেহে পরদেহে চ ॥ ৪৬ ॥

তত্রাপি দেবতাপক্ষেঽপি। বিক্রিয়মাণয়োঃ হননক্রিয়ায়াং কর্ম্মত্বং কর্ত্তৃত্বং চ প্রাপ্তয়োঃ। তৎ কর্ম্মত্বং কর্ত্তৃত্বঞ্চ। হস্তেনেতি কস্যাচিদ্ধস্তেনান্যতরস্য মুখেঽভিহত ইত্যর্থঃ। অতএব দেবতাধিষ্ঠানত্বেনাঙ্গস্য বিবক্ষিতত্বাদেব। পূর্ব্বত্র দেহপক্ষে ॥ ৪৭ ॥

কোপ অবিধেয়, যে হেতু স্বীয় দন্ত দ্বারা জিহ্বা দংশন করিয়া সেই বেদনায় আর কাহার কোপ হইয়া থাকে ॥ ৪৬ ॥

যদি দেবতাগণকে দুঃখের হেতু বল, তাহা হইলেও তাহাতে আত্মার কিছুই নহে, দেহাধিষ্ঠাত্রী দেবতারই তাহা সম্ভব, তাহা হইলে স্বীয় এক অঙ্গ দ্বারা অন্য অঙ্গ আহত হইলে কোন্ পুরুষ তত্তদধিষ্ঠাত্রী দেবতার প্রতি কুপিত হইয়া থাকে ॥ ৪৭ ॥

যদি আত্মাকেই সুখদুঃখের হেতু বল, তাহা হইলে অন্যের প্রতি কোপ অসম্ভব, যে হেতু তাহা

নহ্যাত্মনোঽন্যদ্যদি তন্মৃষা স্যাৎ ক্রুদ্ধ্যেত কস্মান্নসুখং ন দুঃখং ॥ ৪৮ ॥
গ্রহা নিমিত্তং সুখদুঃখয়োশ্চেৎ কিমাত্মনোঽজস্য জনস্য তে বৈ।
গ্রহৈর্গ্রহস্যৈব বদন্তি পীড়াং ক্রুধ্যেত কস্মৈ পুরুষস্ততোঽন্যঃ ॥ ৪৯ ॥
কর্ম্মাস্তু হেতুঃ সুখদুঃখয়োশ্চেৎ কিমাত্মনস্তদ্ধি জড়াজড়ত্বে।

শ্রীধরস্বামী।

কুপ্যেদিত্যর্থঃ যতো নিজস্বভাবঃ সঃ। নহ্যাত্মনঃ তথা পরিণামোঽন্যনিমিত্তো ভবতি অতোঽস্তি কোপবিষয় ইতি চেত্তত্রাহ নহি ইতি আত্মব্যতিরিক্তং নাস্ত্যেব যদি স্যাদস্তীতি প্রতীয়েত তর্হি তন্মৃষৈব। অতঃ কস্মাদ্ধেতোঃ ক্রুদ্ধ্যেত যতো নাস্তি নিমিত্তং ন চ সুখং দুঃখঞ্চেত্যর্থঃ ॥ ৪৮ ॥

গ্রহপক্ষেঽপ্যজস্যাত্মনঃ কিং যতো জন্ত ইতি জনো দেহস্তস্যৈব জন্মলগ্নাপেক্ষয়া দ্বাদশাষ্টমাদিরাশিস্থাঃ গ্রহাঃ তে সুখদুঃখয়োর্নিমিত্তং ভবন্তি কিঞ্চান্তরীক্ষস্থৈর্গ্রহৈঃ তত্রস্থ-গ্রহস্যৈব পাদার্দ্ধাদি-দৃষ্ট্যাদি-ভেদৈঃ পীড়াং বদন্তি দৈবজ্ঞাঃ নতু গ্রহকোণাদিষু স্থিতস্য তদ্দৃষ্টাগোচরস্য পুরুষস্য গ্রহগতৈব পীড়া তল্লগ্নোৎপন্নে দেহে তস্যাভিমানাদ্ভবতি অতঃ পুরুষ স্ততো গ্রহাদ্দেহাচ্চান্যঃ কস্মৈ ক্রুধ্যেত ॥ ৪৯ ॥

কর্ম্ম হেতুশ্চেৎ অস্তিত্বাভ্যুপগমঃ কর্ম্মৈব নাস্তি কুতস্তস্য হেতুত্বমিতি তদাহ হি যস্মাৎ তৎ কর্ম্ম একস্য জড়াজড়ত্বে সতি স্যাৎ

ক্রমসন্দর্ভঃ।

মৃষেত্যাত্মস্থবিদ্যয়ারোপিতমেবেত্যর্থঃ। যতোঽসৌ তদাত্মকঃ কালাত্মক এব আত্মনো ব্রহ্মাংশত্বাৎ কালব্রহ্মণোশ্চৈক্যাদিতি ভাবঃ ॥ ৪৮—৫১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সকাশাদস্তৎ। যদিচ ততোঽন্যদেব ভবিতি মতং তর্হি তন্মতং মৃষা মিথ্যৈবাজ্ঞানকল্পিতমিত্যর্থঃ। তথা সত্যাত্মনোলোষ্ট্রাদীনামিব ন সুখং নচ দুঃখং স্যাদিত্যতঃ কস্মাদ্ধেতো ক্রুধ্যেত ॥ ৪৮ ॥

গ্রহপক্ষেঽপ্যজস্যাজন্মনঃ আত্মনঃ কিং যতো জন্যতে ইতি জনো দেহস্তস্যৈব তে জন্মলগ্নাপেক্ষয়া দ্বাদশাষ্টমাদি রাশিস্থাঃ দুঃখনিমিত্তং ভবন্তি কিঞ্চান্তরীক্ষস্থিতৈর্গ্রহৈস্তত্রস্থস্য গ্রহস্যৈব পাদার্দ্ধদৃষ্ট্যাদিভেদৈঃ পীড়াং বদন্তি জ্যোতির্ব্বিদঃ। নতু গৃহকোণাদিস্থিতস্য তদ্দৃষ্টাগোচরস্য পুরুষস্যাগ্রতো গ্রহগতৈব পীড়া তল্লগ্নোৎপন্নে দেহে ভবতীতি পুরুষস্ত্বাত্মাতু ততো দেহাদন্যঃ ॥ ৪৯ ॥

কর্ম্মহেতুশ্চেদস্ত ইত্যভ্যুপগমঃ কর্ম্মৈব ন সম্ভবেৎ কুতস্তদ্ধেতুত্বমিত্যাহ তৎ কর্ম্ম হি যস্মাদেকস্য জড়ত্বে সতি সম্ভবেৎ জড়ত্বাৎ-

দীপিকাদীপনং।

তস্মিন্নাত্মপক্ষে। সুখাদ্যাকারপরিণামো নিজস্বভাব এব। তথা সুখদুঃখাদ্যাকারঃ। অতঃ অন্যনিমিত্তস্য সম্বাদেব নিমিত্তমেব কোপবিষয়োঽস্তি। তৎ আত্মব্যতিরিক্তং মৃষা আত্মস্থবিদ্যারোপিতমেবেত্যর্থঃ ॥ ৪৮ ॥

তে গ্রহাঃ তত্রস্থস্যান্তরীক্ষস্থস্য। তদ্দৃষ্ট্যাঽগোচরস্য গ্রহদৃষ্ট্যাঽবিষয়স্য। তল্লগ্নোৎপন্নে গ্রহাক্রান্তলগ্নোৎপন্নে। তস্য পুরুষস্য। অভিমানাদধ্যাসাৎ। অতঃ গ্রহকৃতপীড়ায়াঃ গ্রহগতত্বাৎ ॥ ৪৯ ॥

অভ্যুপগমঃ মীমাংসকমতে দোষদৃষ্টাঙ্গীকারঃ। অভ্যুপগমস্তিনীয় দর্শয়তি কর্ম্মৈব নাস্তীতি। তস্য অসত্বঃ কর্ম্মণঃ তদাহ কর্ম্মণো-

নিজস্বভাব, সুতরাং আত্মা ব্যতীত কোন পদার্থই নাই, অতএব যদি কিছু স্বীকার কর, তাহা মিথ্যা, সুতরাং সুখদুঃখের প্রতি কেন কোপ না কর ॥ ৪৮ ॥

যদি গ্রহগণকে সুখ দুঃখের নিমিত্ত বল, তাহা হইলে জন্মরহিত আত্মার তাহাতে কিছুই নহে, কিন্তু জন্য দেহেরই তাহা সম্ভব, গ্রহের অবস্থান বিশেষে গ্রহের পীড়া দৈবজ্ঞেরা কহেন, অতএব তাহা হইতে ভিন্ন পুরুষ কিনিমিত্ত ক্রুদ্ধ হইবেন ॥ ৪৯ ॥

যদি কর্ম্মকে সুখদুঃখের হেতু বল, তাহাতেও আত্মার কিছুই নহে সুতরাং চিজ্জড় একত্রিত ভিন্ন

দেহস্ত্বচিৎপুরুষোঽয়ং সুপর্ণঃ ক্রুদ্ধ্যেত কস্মৈ নহি কর্ম্মমূলং ॥ ৫০ ॥
কালস্তু হেতুঃ সুখদুঃখয়োশ্চেৎ কিমাত্মনস্তত্র তদাত্মকোঽসৌ।
নাগ্নের্হিতাপো ন হিমস্য তৎ স্যাৎ ক্রুদ্ধ্যেত কস্মৈ ন পরস্য দ্বন্দ্বং ॥ ৫১ ॥
ন কেনচিৎ কাপি কথঞ্চনাস্য দ্বন্দ্বোপরাগঃ পরতঃ পরস্য।
যথাহমঃ সংস্থতিরূপিণঃ স্যাদেবং প্রবুদ্ধো ন বিভেতি ভূতৈঃ ॥ ৫২ ॥

শ্রীধরস্বামী।

জড়ত্বাদ্বিকারিত্বোপপত্তেঃ অজড়ত্বাচ্চ হিতানুসন্ধানতঃ প্রবৃত্তিসম্ভবাৎ অচিজ্জড়ো দেহঃ অতস্তস্য প্রবৃত্তির্ন সম্ভবতি পুরুষস্তু সুপর্ণঃ শুদ্ধজ্ঞানস্বরূপঃ অতঃ কস্মৈ ক্রুধ্যেত অতঃ সুখদুঃখয়োর্মূলভূতং কর্ম্মৈব নাস্তীতি ॥ ৫০ ॥

অত্র কালপক্ষেঽপি আত্মনঃ কিং যতোঽসৌ কালাত্মক এব ব্রহ্মাংশত্বাৎ স্বাংশস্য স্বতঃ পীড়া নাস্তীত্যত্র দৃষ্টান্তঃ নাগ্নের্হেতোস্তদংশস্য জ্বালাদেঃ তাপো দাহতো বা নাশোঽস্তি তত্রোপাধিভূত কাষ্ঠাংশদাহান্নাশঃ স্যাদিতি দৃষ্টান্তান্তরমাহ হিমস্য তচ্ছৈত্যাং তদংশস্য তুষারকণস্য নাশকং ন স্যাদিত্যর্থঃ। কিঞ্চাত্মাংশত্বং বস্তুতঃ পর এবাত্মং নচ পরস্য দ্বন্দ্বঃ সুখদুঃখাদিকমস্তীতি ॥ ৫১ ॥

তদেবং ষড়ুক্তে হেতবঃ প্রসিদ্ধা নিরস্তা যদি কশ্চিদ্ধেত্বন্তরমুদ্ভাবয়েৎ তদপি বস্তু মহিমাবেক্ষায়াং ন সম্ভবতীত্যাহ ন কেনচিদিতি। নন্বপরোক্ষঃ কথমপহ্নূয়তে তত্রাহ যথেতি সংস্থতিমবিদ্যমানামেব নিরূপয়ন্তি প্রকাশয়তীতি তথা তস্যাহমঃ অহঙ্কারস্য যথাস্যাৎ ন তথা পরতঃ প্রকৃতেঃ পরস্যাত্মনো দ্বন্দ্বসম্বন্ধঃ অহঙ্কারনিমিত্তোঽসৌ ন বাস্তব ইত্যর্থঃ। এবং প্রবুদ্ধো যঃ স ভূতৈঃ কুত্রা ন বিভেতি ॥ ৫২

ক্রমসন্দর্ভঃ।

পরস্য স্বরূপতো মায়াতীতস্য ॥ ৫২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কারিত্বোপপত্তেরজড়ত্বাদ্ধিতানুসন্ধানতঃ প্রবৃত্তিসম্ভবাৎ। অচিজ্জড়ো দেহঃ পুরুষস্তু সুপর্ণঃ শুদ্ধচৈতন্যরূপঃ। নচ শুদ্ধচৈতন্যস্য জড়দেহেন শুদ্ধতেজসস্তমসেব সাহিত্যং স্যাদতঃ কস্মৈ ক্রুধ্যেত। হি যতঃ কর্ম্মৈব নাস্তি যৎ সুখদুঃখয়োর্মূলং ॥ ৫০ ॥

কালপক্ষেপ্যাত্মনঃ কিং যতোঽসৌ জীবাত্মা তদাত্মকঃ। জীবাত্মনো ব্রহ্মাংশত্বাৎ কালব্রহ্মণোশ্চৈক্যাৎ অংশস্যাংশিনঃ সকাশাৎ পীড়া নাস্তীত্যত্র দৃষ্টান্তঃ অগ্নের্হেতোস্তদংশস্য জ্বালাদেস্তাপো নাস্তি হিমস্যাপি তৎশৈত্যং হিমকণস্য ন স্যাৎ অতঃ কস্মৈ ক্রুধ্যেত। তদেবং পরস্য স্বরূপতো মায়াতীতস্য জীবাত্মনঃ দ্বন্দ্বং সুখদুঃখাদিকং নাস্তীতি ষড়ুক্তে হেতবো নিরস্তাঃ ॥ ৫১ ॥

যদি কশ্চিদ্ধেত্বন্তরমুদ্ভাবয়েত্তদপি বস্তু মহিম্না ন সম্ভবতীত্যাহ নেতি। পরতঃ অন্যস্মাদ্ধেতোঃ যতঃ পরস্য মায়াতীতস্য নন্বু তর্হ্যপরোক্ষস্য দুঃখানুভবস্য কো হেতুস্তত্র পূর্ব্বোক্ত মনোঽধ্যাস এবেত্যাহ যথাহম ইতি মনঃ প্রধানে লিঙ্গদেহে যোঽহঙ্কার স্তস্যাদেব নান্যস্মাৎ যথাশব্দ এবার্থে। সংস্থতিং সংসারবন্ধং নিরূপয়িতুং শীলং যস্য তস্মাৎ। এবং প্রবুদ্ধো যঃ স ভূতৈঃ কুত্রা ন বিভেতি। জীবাত্মা হি স্বরূপতঃ শুদ্ধ এব। ন তস্য কালকর্ম্মাদয়ো দুঃখহেতবঃ। কিন্তু বিদ্যয়া দেহেঽহঙ্কারাৎ দেহস্য অধ্যাস এব স চ দেহো মন প্রধানত্বাৎ মন এবেতি তদেব দুঃখহেতুরিতি প্রকরণার্থঃ দেহাধ্যাসে সতি তু জীবাত্মনঃ শুদ্ধত্বেঽপগতে অধ্যাসানুগাঃ ষড়পি হেতবো যথাযোগমুদ্ভবন্তীতি নির্গলিতার্থঃ ॥ ৫২ ॥

দীপিকাদীপনং।

ইদমেবমাহ। শুদ্ধজ্ঞানস্বরূপঃ অতস্তস্য বিকারিত্বং ন সম্ভবতীতি পূরণীয়ং ॥ ৫০ ॥
ব্রহ্মাংশত্বাৎ কালব্রহ্মণোরৈক্যাদিতি ভাবঃ। তদংশস্য অগ্ন্যংশস্য। তত্র জ্বালাদৌ ॥ ৫১ ॥
তদপি হেত্বন্তরোদ্ভাবনমপি। অপরোক্ষঃ সর্ব্বপ্রত্যক্ষঃ দ্বন্দ্বোপরাগঃ ॥ ৫২ ॥

সুখ দুঃখ হয় না, অথচ দেহ জড় ও পুরুষ চেতন, অতএব সুখদুঃখের বশীভূত কর্ম্মই নাই, সুতরাং কাহার প্রতি ক্রোধ করিবে ॥ ৫১ ॥

যদি কালকে সুখদুঃখের হেতু বল, তাহাতে আত্মার কিছুই নহে, যে হেতু কাল আত্মার অংশ হইলেও যেমন অগ্নির উত্তাপে অগ্নি উষ্ণ বা হিমেতে করকা শীতল হয় না, তদ্রূপ আত্মার সুখদুঃখাদি হয় না, অতএব কাহার প্রতি ক্রুদ্ধ হইবে ॥ ৫২ ॥

এতাং স আস্থায় পরাত্মনিষ্ঠামধ্যাসিতাং পূর্ব্বতমৈর্মহর্ষিভিঃ।
অহং তরিষ্যামি দুরন্তপারং তমোমুকুন্দাঙ্‌ঘ্রিনিষেবয়ৈব ॥ ৫৩ ॥
শ্রীভগবানুবাচ ॥
নির্ব্বিদ্য নষ্টদ্রবিণো গতক্লমঃ প্রব্রজ্য গাং পর্য্যটমান ইত্থং।
নিরাকৃতোঽসদ্ভিরপি স্বধর্ম্মাদকম্পিতোঽমুং মুনিরাহ গাথাং ॥ ৫৪ ॥
সুখদুঃখপ্রদো নান্যঃ পুরুষস্যাত্মবিভ্রমঃ। মিত্রোদাসীনরিপবঃ সংসারস্তমসঃ কৃতঃ ॥ ৫৫ ॥

শ্রীধরস্বামী।

অতোঽহমপি অনয়ৈব পরমাত্মনিষ্ঠয়া তরিষ্যামীত্যাহ এতামিতি সোঽহমিত্যন্বয়ঃ। ননিয়ং নিষ্ঠৈব কথং ভবেৎ তদাহ মুকুন্দেতি ॥ ৫৩ ॥

প্রস্তাবেন সহ গাথার্থং সংক্ষেপতো দর্শয়তি দ্বাভ্যাং ইত্থং নষ্টদ্রবিণো নির্ব্বিদ্য গতক্লমঃ প্রব্রজ্য গাং পর্য্যটন্ অসদ্ভির্নিরাকৃতোঽপি স্বধর্ম্মাদকম্পিতঃ সন্ মুনিরমুং গাথামগায়তেত্যন্বয়ঃ ॥ ৫৪ ॥

মিত্রোদাসীনরিপবঃ সর্ব্বোঽপি সংসারঃ তমসঃ অজ্ঞানতঃ আত্মনো মনসো বিভ্রমমাত্রঃ কৃতঃ নত্বাত্মিক ইত্যর্থঃ ॥ ৫৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

তদেবাঽচ মম পরমাত্মনিষ্ঠা শ্রীমুকুন্দাঙ্‌ঘ্রিনিষেবণং বিনা সোপদ্রবৈব জাতা। যদীদৃশো নানা বিচারোঽপি তন্নিষ্ঠায়ামুপদ্রব এবে ত্যন্তে তন্নিষেবামবলম্ব্যৈব বিবিনক্তি এতামিতি। তস্মাদ্ভবতা সাধ্বেবোক্তং ঋতে তদ্ধর্ম্মনিরতানিতি শ্রীভগবতো ভাবঃ ॥ ৫৩—৫৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ততশ্চ তস্য বিপ্রস্য গীতা প্রাগ্‌ভবী যা শুদ্ধা মদ্ভক্তির্মনসি প্রাদুর্ভূতা। প্রাদুর্ভূতায়াঞ্চ তস্যাং স্বস্য সন্ন্যাসং দ্বন্দ্বসহনোপায়মুক্ত-লক্ষণমেতাবন্তং বিচারং চাবধীরয়ন্মচ্চরণনিষেবয়ামৃতসিন্ধু নিমগ্ন উচ্চৈর্ন্নৃত্যন্ সহর্ষাটোপমাহ এতামিতি সোঽহমিত্যন্বয়ঃ। পরমাত্ম-নিষ্ঠাং দেহদৈহিকাভিমানেভ্যঃ পরঃ শুদ্ধো য আত্মা জীবস্তস্য নিষ্ঠাং বিচারিতলক্ষণং স্বরূপং কেবলমাস্থায়েতি পরমাত্মনিষ্ঠায়ামে-তস্যাং মম যা ঈষৎ স্থিতিমাত্রমেব তমঃ সংসারস্ত সেবয়ৈব তরিষ্যামি নত্বনয়েত্যর্থঃ এব কারান্নভাত্তে নমু তর্হি পরমাত্মনিষ্ঠায়াং স্থিতি-মাত্রমপি কিং করোষি তত্রাহ পূর্ব্বতমৈঃ প্রাচীনৈরধ্যাসিতামিতি ॥ ৫৩ ॥

কদর্য্যোপাখ্যানং তদুপাখ্যানোত্থাপন প্রয়োজনঞ্চাহ শ্লোকদ্বয়েন নির্ব্বিদ্যেতি ॥ ৫৪ ॥

আত্মবিভ্রম ইতি পঞ্চম্যর্থে প্রথমা। আত্মবিভ্রমাদন্যোঽন্যেত্যর্থঃ। অতএব তমসোঽজ্ঞানস্বরূপাৎ মিত্রাদিরূপঃ সংসারঃ ॥ ৫৫ ॥

দীপিকাদীপনং।

অতঃ প্রবুদ্ধস্য ভয়াঽভাবাৎ। সোঽহমিত্যন্বয়াঽভিধানাৎ স আস্থায়েত্যেব স্বামিসম্মতঃ পাঠো নতু সমাস্থায়েতি। অন্তাবেশ-পরিত্যাগায় তস্যা নিষ্ঠায়া আস্থামাত্রং তমস্তরণন্তু মুকুন্দাঙ্‌ঘ্রিনিষেবয়ৈব তাং বিনা তস্যাঃ সোপদ্রবত্বাদিত্যুপসংহারে ভক্তিরেব পর্য্য-বসায়িতা ॥ ৫৩ ॥

দ্বাভ্যাং গাথার্থস্য সংক্ষিপ্তত্বাদষ্টাদশশ্লোক্যামিত্যুক্তং। অকম্পিতোঽবলিতঃ সন্ ॥ ৫৪ ॥

ভ্রমাদন্যঃ সুখাদিপ্রদো ন কিন্তু বিভ্রম এবেত্যন্বয়ঃ পুনরপ্যাত্মবিভ্রমপদস্য যোজনাদিত্যর্থ ইত্যুক্তং ॥ ৫৫ ॥

আত্মার কখনই কাহার দ্বারা কোথাও কোনরূপে সুখদুঃখাদি সম্ভব হয় না, সংসারাবদ্ধ অহঙ্কার-রূপী জীবোপাধির যেমন ভীতি জন্মে প্রবুদ্ধ হইলে আর তদ্রূপ হয় না ॥ ৫৩ ॥

পূর্ব্বতন মহর্ষিগণ কর্ত্তৃক উপদিষ্ট এইরূপ পরমাত্মনিষ্ঠা অবলম্বন করত সেই ব্রাহ্মণ এইরূপ দৃঢ়-নিশ্চয় করিলেন, মুকুন্দচরণাম্বুজ সেবা দ্বারা আমি ঘোরতম হইতে উত্তীর্ণ হইব ॥ ৫৪ ॥

ভগবান্ কহিলেন, সেই নষ্টধন, গতশ্রম, বৈরাগ্য যুক্ত মুনি অসৎ লোক কর্ত্তৃক নিরাকৃত হইয়াও স্বধর্ম্ম হইতে অকম্পিত হইয়া পৃথিবী পর্য্যটন করত পূর্ব্বোক্ত বাক্য সকল উচ্চারণ করিতে লাগি-লেন ॥ ৫৫ ॥

তস্মাৎ সর্ব্বাত্মনা তাত নিগৃহাণ মনোধিয়া । ময্যাবেশিতয়া যুক্ত এতাবান্ যোগসংগ্রহঃ ॥ ৫৬ ॥
য এতাং ভিক্ষুণা গীতাং ব্রহ্মনিষ্ঠাং সমাহিতঃ । ধারয়ন্ শ্রাবয়ন্ শৃণ্বন্ দ্বন্দ্বৈর্নৈবাভিভূয়তে ॥৫৭॥
॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং একাদশস্কন্ধে শ্রীভগবদুদ্ধবসম্বাদে ভিক্ষুগীতং ত্রয়োবিংশতিতমোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৩ ॥ * ॥

শ্রীধরস্বামী ।

উক্তং দ্বন্দ্বসহনোপায়মুপসংহরতি তস্মাদিতি ॥ ৫৬ ॥
মনো নিগ্রহাশক্তোঽপি এতৎ শ্রবণাদিনিষ্ঠস্তৎ ফলং প্রাপ্নোতীত্যাহ য ইতি । দ্বন্দ্বৈঃ সুখদুঃখাদিভিঃ । ভিক্ষুগীতং মিষং কৃত্বা ভক্তচিত্তগতং হরিঃ । মোহং নিম্নন্নিহাভাতি পরমানন্দরূপতঃ ॥ ৫৭ ॥
॥ * ॥ ইত্যেকাদশে ত্রয়োবিংশঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ ।

মিত্রোদাসীনরিপুরূপঃ সুখদুঃখপ্রদঃ পুরুষস্যাসর্ব্বোঽপি সংসারোঽয়ং নাস্ত্যেবাস্তি । কিন্তু তমসস্তমসা স্বাজ্ঞানেন কৃতো য আত্মনো মনসো বিভ্রমস্তদ্রূপ এবেত্যর্থঃ ॥ ৫৫—৫৭ ॥
॥ * ॥ ইত্যেকাদশে শ্রীজীবগোস্বামিকৃতে ক্রমসন্দর্ভে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

উক্তং দ্বন্দ্বসহনোপায়মুপসংহরতি । এতাবান্ মনো নিগ্রহপর্য্যন্ত এবেত্যর্থঃ ॥ ৫৬ ॥
মনোনিগ্রহণাশক্তোপ্যেতচ্ছ্রবণাদিনা তৎফলং প্রাপ্নোতীত্যাহ য ইতি ॥ ৫৭ ॥
॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং । একাদশে ত্রয়োবিংশঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

দীপিকাদীপনং ।

উপায়ং মনোনিগ্রহলক্ষণং । তস্মাৎ সংসারস্য মনোবিভ্রমমাত্রকৃতত্বাৎ সর্ব্বাত্মনা সর্ব্বথা এতাবান্মনোনিগ্রহমাত্র এব এতচ্ছ্রবণাদীতি ভিক্ষুগীতা শ্রবণাদিপরঃ । তৎ ফলং যোগফলং ॥ ৫৬ ॥
উপসংহারে মঙ্গলমাচরতি ভিক্ষুগীতমিতি । টীকাপ্রশংসিতা যেন জগতি স্বামিনির্ম্মিতা । তং চৈতন্যং প্রপদ্যেঽহং ভক্তিব্যাখ্যানগ্রাহকং ॥ ৫৭ ॥
॥ * ॥ ইতি শ্রীমদেকাদশে গোস্বামিশ্রীরাধারমণদাসকৃতে দীপিকাদীপনে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥

শত্রু, মিত্র, উদাসীনরূপ এই যে সংসার ইহা অজ্ঞানকৃত অর্থাৎ মনের ভ্রম মাত্র, অতএব জীবের সুখদুঃখপ্রদ অন্য কেহই নহে, আত্মবিভ্রম মাত্র ॥ ৫৬ ॥

অতএব আমাতে আসক্ত বুদ্ধি দ্বারা সর্ব্ব প্রকারে মনকে নিগ্রহ করত এই প্রকারে যোগাভ্যাস করিবে ॥ ৫৭ ॥

ভিক্ষু কর্ত্তৃক গীত এই ব্রহ্মনিষ্ঠারূপ যোগ যে ব্যক্তি সমাহিত হইয়া ধারণ করেন, শ্রবণ করেন, বা অন্যকে শুনান তিনি আর কখন সুখদুঃখে অভিভূত হয়েন না ॥ ৫৮ ॥

॥ * ॥ ইতি একাদশে ত্রয়োবিংশ ॥ * ॥

শ্রীভগবানুবাচ ॥

অথ তে সংপ্রবক্ষ্যামি সাংখ্যং পূর্ব্বৈর্বিনিশ্চিতং। যদ্বিজ্ঞায় পুমান্ সদ্যো জহ্যাদ্বৈকল্পিকং ভ্রমং ॥১

আসীজ্জ্ঞানমথোহ্যর্থ একমেবাবিকল্পিতং। যদা বিবেকনিপুণা আদৌ কৃতযুগেঽযুগে ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

চতুর্বিংশেতু সাংখ্যেন মনো মোহো নিবার্য্যতে। আত্মনঃ সর্ব্বভাবানামাগমাপায়চিন্তয়া। স্বপদদ্বন্দ্বভক্তানামদ্বন্দ্বতায় সংযমং। চিত্তস্যোক্ত্বা পুনঃ কৃষ্ণঃ সাংখ্যমত্রাহ তৎকৃতে॥ • ॥

অদ্বয়াৎ পরমাত্মনো মায়য়া প্রকৃতিপুরুষদ্বারা সর্ব্বং দ্বৈতং উদেতি পুনস্তত্রৈব লীয়তে ইত্যনুসন্ধানস্য দ্বন্দ্বভ্রমো নিবর্ত্তত ইতি বক্তুং সাংখ্যং প্রস্তৌতি অথেতি পূর্ব্বৈঃ কপিলাদিভির্বিনিশ্চিতং বৈকল্পিকং ভেদনিমিত্তং ভ্রমং সুখদুঃখাদিরূপং ॥ ১ ॥

অথো শব্দঃ কার্ৎস্ন্যে জ্ঞানং দ্রষ্টৃত্বেন দৃশ্যঃ কৃৎস্নোপ্যর্থশ্চ বিকল্পশূন্যমেকমেব ব্রহ্মণ্যেব লীনমাসীদিত্যর্থঃ। কদেত্যপেক্ষায়ামাহ যদেতি। অযুগে যুগেভ্যঃ পূর্ব্বং প্রলয় ইত্যর্থঃ। তথা আদৌ যৎ কৃতযুগং তস্মিংশ্চ অন্যদাপি যদা বিবেকনিপুণা জনা ভবন্তি তদাপি তেষাং ভেদাস্ফূর্ত্তেঃ ॥ ২ ॥

ক্রমসন্দর্ভঃ।

অথেতি তৈঃ তত্র প্রধানপর্য্যায়ঃ প্রকৃতিশব্দঃ ॥ ১ ॥

আসীদিতি তৈঃ তৃতীয়স্কন্ধে ভগবানেক আসেদমগ্র আত্মাত্মনাং বিভুরিত্যাদৌ যদ্ভগবত্ত্বেন শব্দ্যতে তদেবাত্র ব্রহ্মত্বেন শব্দ্যতে ইতি বদন্তীত্যাদি যদুভয়ত্রৈকমেব বস্তু প্রতিপাদ্যং। অন্তেতু এষ সাংখ্যবিধিঃ প্রোক্ত ইত্যাদৌ পরাবরদৃশা ময়েত্যনেন ভগবদ্রূপেণাপ্যবস্থিতিঃ স্পষ্টৈব। কদেত্যপেক্ষায়ামাহ। যদা আদৌ কৃতযুগে বিবেকনিপুণা জনা ভবন্তি তস্মিন্ যুগে তৎ পূর্ব্বস্মিন্ প্রলয়ে কালে ইত্যর্থঃ। যদ্বা। জ্ঞানমত্র জীবতত্ত্বং ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

চতুর্বিংশেতু সূত্রাদ্য' হেতবোঽস্য যতোঽভবন্। পুনস্তদেব বিবিচ্যৈতৎ সাংখ্যং নিরূপিতং। মনঃ প্রধান লিঙ্গদেহেঽহংবুদ্ধিরেবাত্মনো দুঃখকারণমিতি ভিক্ষুগীতাদবগতং সা চানাত্মবুদ্ধিরাত্মানাত্মবিবেকে সতি নিবর্ত্ততে। সা চাত্মানাত্মবিবেকঃ সাংখ্যজ্ঞানমূল ইত্যতঃ সাংখ্যমুপদিশন্নাহ অথেতি। বিকল্পো দেহস্তদ্ভবমধ্যাসরূপং ভ্রমং ত্যজেৎ ॥ ১ ॥

জ্ঞানং ব্রহ্ম পরমাত্মভগবচ্ছব্দবাচ্যমিত্যর্থঃ। যজ্জ্ঞানমদ্বয়ং ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যতে ইতি সূক্তোক্তেঃ। অথোশব্দঃ কার্ৎস্ন্যে অবিকল্পিতং বিকল্পশূন্যমেকমেব জ্ঞানং ব্রহ্মৈবার্থোবস্ত্বাসীৎ কদেত্যপেক্ষায়ামাহ অযুগে যুগেভ্যঃ পূর্ব্বং প্রলয় ইত্যর্থঃ। তথা আদৌ যৎ কৃতযুগং তস্মিংশ্চ অন্যদাপি যদা বিবেকনিপুণা জ্ঞানিনো ভবন্তি তদাপি তেষাং ভেদাস্ফূর্ত্তেঃ ॥ ২ ॥

দীপিকাদীপনং।

আত্মনো জীবস্য মনোমোহো ভগবতা সাংখ্যেনাত্মাঽনাত্মবিবেকেন নিবার্য্যতে। সর্ব্বভাবানাং প্রকৃত্যাদিভূপর্য্যন্ততত্ত্বানাং। তৎকৃতে চিত্তসংযমনার্থং অত্রাস্মিংশ্চতুর্বিংশত্যধ্যায়ে মায়য়া নিমিত্তশক্ত্যা প্রকৃতির্গুণত্রয়সাম্যমুপাদানশক্তিঃ। তত্রৈব পরমাত্মন্যেব। অথেতিদ্বিসাংখ্যাধিকারে ॥ ১ ॥

দ্রষ্টা জীবঃ অর্থশ্চ প্রপঞ্চঃ। ব্রহ্মণ্যেব। ভগবত্যেব অথ বৃহত্তি বৃংহয়তীতি শ্রুত্যা বৃহত্ত্বাদ্বৃংহণত্বাচ্চ যদ্ব্রহ্ম পরমং বিদুরিতি স্মৃত্যা'চ তচ্ছব্দস্য তত্রৈব মুখ্যবৃত্তেঃ। উপসংহারে পরাবরদৃশাময়েত্যনেন তদ্রূপেণৈবাবস্থিতেঃ স্পষ্টমিব্যমাণত্বাচ্চ। অতএব লীন-

চতুর্বিংশতি অধ্যায়ে আত্মার ও অন্য সকল পদার্থের আবির্ভাব ও তিরোভাব চিন্তা-পুরঃসর সাংখ্যযোগ কথন দ্বারা মনোমোহ নিবারণ ॥ ০ ॥

ভগবান্ কহিলেন, হে উদ্ধব! কপিলাদি পূর্ব্বাচার্য্য কর্ত্তৃক নিশ্চিত সাংখ্যযোগ এক্ষণে আমি তোমাকে উপদেশ দিতেছি, যাহা জানিয়া পুরুষ ভেদ নিমিত্ত ভ্রমরূপ সুখদুঃখাদি হইতে সদ্যঃ মুক্ত হয়েন ॥ ১ ॥

পূর্ব্বে প্রলয়কালে এই দৃশ্য সমুদায় পদার্থ বিকল্পশূন্য, এক অদ্বিতীয় পরব্রহ্ম মাত্র ছিলেন, পরে

তন্মায়া ফলরূপেণ কেবলং নির্ব্বিকল্পিতং। বাঙ্মনো গোচরং সত্যং দ্বিধা সমভবদ্বৃহৎ ॥ ৩ ॥
তয়োরেকতরোহ্যর্থঃ প্রকৃতিশ্চোভয়াত্মিকা। জ্ঞানং ত্বন্যতমো ভাবঃ পুরুষঃ সোঽভিধীয়তে ॥৪॥
তমোরজঃসত্ত্বমিতি প্রকৃতেরভবন্ গুণাঃ। ময়া প্রক্ষোভ্যমানায়াঃ পুরুষানুমতেন চ ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

তদ্বৃহদ্ব্রহ্ম বাঙ্মনো গোচরং যথা ভবতি তথা মায়া দৃশ্যং ফলং তৎ প্রকাশঃ তদ্রূপেণ মায়াবিলাসরূপেণ বা দ্বিধাভূৎ ॥ ৩ ॥
তয়োর্দ্বিধাভূতয়োরংশয়োর্মধ্যে উভয়াত্মিকা কার্য্যকারণরূপিণী ॥ ৪ ॥
অভবন্ অভিব্যক্তা বভূবুরিত্যর্থঃ। ময়া পরমেশ্বরেণ জীবাদৃষ্টপ্রযুক্তত্বাৎ সৃষ্টেঃ পুরুষানুমতত্বং। যদ্বা। স্বস্যৈব প্রকৃতীক্ষণ-

ক্রমসন্দর্ভঃ।

তদিতি ত্রৈঃ। তত্র মায়া দৃশ্যমিতি ফলং তৎ প্রকাশ ইতিচ্ছেদঃ তেন ব্রহ্মণা যৎ দৃশ্যং বস্তু তন্মায়া। তস্য ব্রহ্মণো যঃ প্রকাশ-বিশেষঃ সফলমিত্যর্থঃ। যদ্বা। প্রকৃতের্যাস্তেত্যাদৌ ব্রহ্ম তত্রিতয়ং ত্বহমিতি বক্ষ্যমাণাৎ। তদ্বৃহৎ মল্লক্ষণং ব্রহ্মস্বরূপেণ স্থিত্বৈব মায়য়া নিজশক্তিবিশেষস্য যৎ ফলং ব্যঙ্গ্যং বস্তু তদ্রূপেণ ॥ ৩ ॥

তয়োরিতি ত্রৈঃ প্রকৃতিঃ প্রধানং পুরুষো জীবঃ। এবং বিষ্ণুপুরাণে। বিষ্ণোঃ স্বরূপাৎ পরতো হি তেঽন্যে রূপে প্রধানং পুরুষশ্চ বিপ্রেত্যত্র তেষামেব টীকা চ। পরতো নিরুপাধের্বিষ্ণোঃ স্বরূপাৎ তে প্রাগুক্তে প্রধানং পুরুষশ্চেতি দ্বিরূপে অন্যে মায়াকৃতে ইতি ॥ ৪ ॥

ময়া কালাখ্যচেষ্টাত্মকেন মহৎস্রষ্টা মহাপুরুষরূপেণ লীলাসাধকজীববৃন্দার্থকৃতয়েক্ষয়া প্রক্ষোভ্যমানায়াস্তত উদ্বুদ্ধেন পুরুষেষু

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তদেব কেবলমেকমপি বৃহদ্ব্রহ্ম মায়া বহিরঙ্গাখ্যস্বশক্তিঃ ফলং ফলভোক্তৃ স্বীয়চিৎকণরূপতটস্থশক্তিশ্চ তদ্রূপেণ দ্বিবিধং সম্যগভবৎ। দ্বিবিধমপি তদ্বিশিনষ্টি নির্বিকল্পিতং ব্রহ্মতো নির্ভেদং তয়োস্তচ্ছক্তিত্বাৎ বাঙ্মনসয়োরগোচরং মায়ায়া অব্যক্তস্বরূপত্বাৎ জীবস্যাতিসৌক্ষ্ম্যাৎ সত্যং দ্বয়োরেব নিত্যত্বাৎ ॥ ৩ ॥

তয়োর্দ্বিধাভূতয়োরংশয়োর্মধ্যে একতরো মায়াখ্যোহ্যর্থঃ প্রকৃতিঃ। সা চোভয়াত্মিকা কার্য্যকারণরূপিণী অন্যতমোঽর্থঃ জ্ঞানং জ্ঞানস্বরূপঃ। স চ পুরুষো জীবঃ ॥ ৪ ॥

ময়া মহৎস্রষ্টৃ মহাপুরুষস্বরূপেণ পুরুষস্য জীবস্যানুমতেন অস্মদ্বিধস্য জীবস্য প্রাক্তনকর্ম্মজ্ঞানভক্তিসাধনানি সংপদ্যন্তামিত্যাত্ম

দীপিকাদীপনং।

মিতি ব্যাখ্যানং। তেষাং বিবেকনিপুণানাং ॥ ২ ॥

তেন ব্রহ্মণা যদ্দৃশ্যং বস্তু তন্মায়া তস্য ব্রহ্মণো যঃ প্রকাশবিশেষঃ সফলমিত্যর্থঃ। দ্বিতীয়পক্ষে মায়াস্বরূপশক্তেরাভাসরূপা বহিরঙ্গা নিমিত্তশক্তিঃ তস্যা বিলাসঃ প্রকৃতিপুরুষাবির্ভাবকক্রীড়াবিশেষত্বেন রূপেণেত্যর্থঃ ॥ ৩ ॥

অংশয়োরিতি প্রকৃতেস্তদ্বহিরঙ্গশক্তিত্বাদংশত্বং পুরুষস্য তত্তটস্থশক্তিত্বাদংশত্বমিতি জ্ঞেয়ং। কার্য্যমাকাশাদিকারণং মহদাদি তদ্রূ-পিণী অত্র পুরুষশব্দেন জীব এব বিবক্ষিতষ্টীকাকৃদ্ভিঃ। বিষ্ণোঃ স্বরূপাৎ পরতো হি তেঽন্যে রূপং প্রধানং পুরুষশ্চ বিপ্রেতি বিষ্ণুপুরাণ-বাক্যে। তেষামেব টীকাচ। পরতো নিরুপাধের্বিষ্ণোঃ স্বরূপাৎ তে প্রাগুক্তে প্রধানং পুরুষশ্চেতি দ্বে রূপে অন্যে মায়াকৃতে ইতি ॥ ৪ ॥

ময়া মহৎস্রষ্টৃ পুরুষরূপেণ। পূর্ব্বার্থময়েত্যস্যচ্ছন্দস্য স্বাংশে পুরুষাবতারে লক্ষণা অনুমতশব্দস্যাদৃষ্টে সেত্যাপবিতোষাদ্যদ্বেতি

যুগারম্ভে যখন লোক সকল বিবেকনিপুণ ছিল, তখনই ভেদজ্ঞান না থাকা জন্য এক মাত্রই ছিলেন ॥২

সেই বৃহৎ এক মাত্র পরব্রহ্ম পরে মায়া প্রকাশরূপে বাক্য মনের গোচরভাবে ও স্বরূপভাবে দুই প্রকার হইলেন ॥ ৩ ॥

সেই দ্বিধাভূত অংশের মধ্যে এক অংশ অর্থ, অন্য অংশ জ্ঞানমাত্র কিন্তু কার্য্যকারণরূপিণী প্রকৃতি উভয়াত্মিকা, ইহাঁকে পুরুষ বলিয়া ব্যক্ত করিয়া থাকে ॥ ৪ ॥

পরে জীবাদৃষ্ট প্রযুক্ত পুরুষানুমতি দ্বারা ঈশ্বর কর্ত্তৃক ক্ষোভ্যমাণ মায়ায় সত্ত্ব, রজঃ ও তম এই গুণত্রয় উৎপন্ন হইল ॥ ৫ ॥

তেভ্যঃ সমভবৎ সূত্রং মহান্ সূত্রেণ সংযুক্তঃ। ততো বিকুর্ব্বতো জাতো যোঽহঙ্কারো বিমোহনঃ॥৬
বৈকারিকস্তৈজসশ্চ তামসশ্চেত্যহং ত্রিবিৎ। তন্মাত্রেন্দ্রিয়মনসাং কারণং চিদচিন্ময়ঃ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

রূপায়া পুরুষাবস্থা তদনুমতেন তদ্দ্বারেণেত্যর্থঃ॥ ৫ ॥

সূত্রং ক্রিয়াশক্তিমান্ প্রথমো বিকারঃ ততো মহান্ জ্ঞানশক্তিঃ নম্বয়ং মহানেব প্রথমো বিকারস্তত্রাহ সচ জ্ঞানক্রিয়াগর্ভত্বাৎ সূত্রেণ সংযুক্তো ন পৃথক্ একমেব তত্ত্বং ক্রিয়াজ্ঞানশক্তিভ্যাং দ্বিধোচ্যত ইত্যর্থঃ। বিমোহনঃ জীবস্য ভ্রমহেতুঃ স জাতঃ। ৬ ॥

যস্তন্মাত্রাদীনাং কারণং মনঃশব্দেনাত্র দেবানামপ্যুপলক্ষণং চিদচিন্ময়ঃ চিদাভাস ব্যাপ্তত্বাজ্জড়গ্রন্থিরূপ ইতি জীবোপাধিত্বং দর্শিতং যদ্যপি তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূত ইত্যাদি শ্রুতেরন্নময়ং সৌম্য মন ইত্যাদি শ্রুতেশ্চ প্রথমং ভূতানি আরম্ভে তেভ্যশ্চাপঞ্চীকৃতেভ্যঃ প্রাণাদিক্রমেণ সমষ্ট্যাত্মকং লিঙ্গশরীরং পঞ্চীকৃতেভ্যশ্চ ব্রহ্মাণ্ডং তস্মিন্ বৈরাজস্তদন্তর্যামী লীলাবিগ্রহঃ

ক্রমসন্দর্ভঃ।

সর্ব্বেষু জীবেষনুগতেন মতেন জ্ঞানেন বাসনারূপেণ পূর্ব্বোক্তস্বভাবাখ্যেন বিশেষতঃ প্রক্ষোভ্যমানায়াঃ প্রকৃতেঃ সম্বন্ধিনস্তম আদয়ো গুণা অভবন্ ব্যক্তী ভূতা ইত্যর্থঃ। বেতি পাঠোঽপি সমুচ্চয়ার্থঃ॥ ৫ ॥

ততস্তেভ্যঃ সূত্রেণ সংযুতঃ স মহান্ সমভবৎ জাতঃ ইত্যনয়োর্ভেদ এব দর্শিতঃ। তদেব মীশ্বর জীব প্রকৃতিস্বভাব সূত্র মহদাখ্যানি ষড়েব তত্ত্বানি মহাপুরুষস্য মায়ায়াশ্চ বৃহদাখ্য সর্ব্বেশ্বরগুণত্রয়স্য প্রকৃতাবন্তর্ভাবাৎ। দেবতানাং স্বস্তর্ভাবাৎ অহঙ্কারাদয়ো দ্বাবিং-শতিরিত্যষ্টাবিংশতিঃ॥ ৬ ॥

বৈকারিক ইতি তৈঃ। তত্র যদ্যপি ইত্যাদৌ পূর্ব্বানৈকনিশ্চিত শ্রুত্যর্থানাং স্থিদং তত্ত্বং। অহঙ্কারোপাধেরেবাত্মন আকাশঃ সম্ভূতঃ। মনসোঽন্নময়ত্বং চাভিব্যক্তিবিশেষাপেক্ষয়েত্যাদি জ্ঞেয়মিতি। স্মার্ত্তাশ্চৈব তমেবার্থং মন্যন্তে। যুক্তঞ্চ তৎ যথোক্তং বেদা-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কেন সৃষ্টৈর্জীবাদৃষ্ট প্রযুক্তত্বাৎ॥ ৫ ॥

সূত্রং ক্রিয়াশক্তিমান্ প্রথমো বিকারঃ। নম্বু প্রথমো বিকারো জ্ঞানশক্তির্মহানিতি প্রসিদ্ধস্তত্রাহ। মহান্ যঃ প্রসিদ্ধঃ স হি সূত্রেণ সংযুক্তঃ। তত্র তত্র সূত্রসহিত এব স জ্ঞেয় ইত্যর্থঃ। বিমোহন জীবস্য ভ্রমহেতুঃ॥ ৬ ॥

অহং অহঙ্কারঃ ত্রিবৃৎ বৃত্তিত্রয়বান্ তন্মাত্রেন্দ্রিয়মনসামিতি বুৎক্রমেণ যথাসংখ্যং চিদচিন্ময় ইতি স্বয়মচিন্ময়োঽপি জীবোপাধিত্বেন তদৈক্যাচ্চিজ্জড়গ্রন্থিরূপত্বাচ্চিদচিন্ময়ঃ॥ ৭ ॥

দীপিকাদীপনং।

অভবন্ ব্যক্তা বভূবুঃ বেতি সমুচ্চয়ার্থঃ॥ ৫ ॥

সংযুক্ত সহ। ততঃ সূত্রাৎ। ভ্রমহেতুর্দেহাধ্যাসহেতুঃ॥ ৬ ॥

ত্রিবৃত্ত্বে হেতুঃ যত ইতি তন্মাত্রহেতুত্বাত্তামসঃ ইন্দ্রিয়হেতুত্বাত্তৈজসঃ। মনোদেবহেতুত্বাদ্বৈকারিকঃ বিগতঃ কায়ো বিক্ষেপো যস্মাৎ স বিকারঃ সত্ত্বং তৎ প্রধানত্বাৎ সাত্ত্বিক ইত্যর্থঃ। জীবোপাধিত্বং জীবস্য সুখদুঃখাদিহেতুত্বং। বেদান্তসাংখ্যয়োঃ সৃষ্টি প্রক্রিয়ায়াং বিরোধমাশঙ্ক্য সমাধত্তে যদ্যপীতি। অন্নময়ং পৃথিবী কার্য্যং অপঞ্চীকৃতেভ্যঃ পঞ্চীকরণাবস্থাসংপ্রাপ্তেভ্যঃ পঞ্চীকরণঞ্চ বৃদ্ধৈরুক্তং। দ্বিধা বিধায় চৈকৈকং চতুর্দ্ধা প্রথমং পুনঃ। স্বস্বেতর দ্বিতীয়াংশৈর্যোজনাৎ পঞ্চ পঞ্চেতি। লিঙ্গং শরীরং সপ্তদশতত্ত্বাত্মকং।

অনন্তর সেই গুণ সকল হইতে ক্রিয়াশক্তিমান্ সূত্রাত্মা হিরণ্যগর্ভ ও তৎ সংযুক্ত জ্ঞান-শক্তিমান্ মহত্তত্ত্ব উৎপন্ন হইল এবং সেই গুণবিকার হইতে জীবের ভ্রম হেতু অহঙ্কারতত্ত্ব জন্মিল॥ ৬ ॥

সেই অহঙ্কার তিন প্রকার অর্থাৎ বৈকারিক, তৈজস ও তামস, তাহা পঞ্চ তন্মাত্রের, ইন্দ্রিয়ের ও মনের কারণ এবং চিদচিন্ময় অর্থাৎ চিদাভাস ব্যাপ্তত্ব নিমিত্ত উভয় গ্রন্থি রূপ॥ ৭ ॥

অর্থস্তন্মাত্রিকাজ্জজ্ঞে তামসাদিন্দ্রিয়াণি চ। তৈজসাদ্দেবতা আসন্নেকাদশ চ বৈকৃতাৎ ॥ ৮ ॥
ময়া সংচোদিতা ভাবাঃ সর্ব্বে সংহত্যকারিণঃ। অণ্ডমুৎপাদয়ামাসুর্মমায়তনমুত্তমং ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

ক্ষীরাব্ধিশায়ী শ্রীনারায়ণঃ তন্নাভিপদ্মেচ বৈরাজস্ত ভোগপরিগ্রহশ্চতুরাননস্ততো যথাবসরমন্তেষাং জীবানামাবির্ভাব ইতি প্রক্রিয়া তথাপি চিত্তাভিব্যক্তিপূর্ব্বকোঽহঙ্কার স্ততো ভূতেন্দ্রিয়াদি ব্যবহার ইতোতাবতা মহদাদি ক্রমেণ সৃষ্টিরুচ্যতে তথা চোক্তং। মৃল্লোহ-বিস্ফুলিঙ্গাদৈাঃ সৃষ্টির্যা চোদিতান্যথা। উপায়ঃ সোঽবতারায় নাস্তি ভেদঃ কথঞ্চনেতি ॥ ৭ ॥

তন্মাত্রিবিধাৎ ত্রিবিধপ্রপঞ্চোৎপত্তিং দর্শয়তি অর্থ ইতি। তন্মাত্রিকাচ্ছব্দাদি তন্মাত্র কারণাত্তামসাৎ তদ্দ্বারার্থো মহাভূতরূপো জজ্ঞে বভূব ভূতানামাবরণস্বভাবত্বাৎ ইন্দ্রিয়াণি দশ তৈজসাৎ রাজসাৎ তেষাং প্রবৃত্তিস্বভাবত্বাৎ বৈকৃতাৎ সাত্ত্বিকাৎ দেবতাঃ দিগ্বা-তার্কপ্রচেতোঽশ্বিবহ্নীন্দ্রোপেন্দ্রমিত্রকাঃ। চন্দ্রশ্চেত্যেকাদশ চশব্দান্মনশ্চ তেষাং প্রকাশঃ স্বভাবত্বাৎ ॥ ৮ ॥

মম বৈরাজান্তর্য্যামিনঃ ॥ ৯ ॥

ক্রমসন্দর্ভঃ।

র্থাদধিকং মন্তে পুরাণার্থং বরাণনে। বেদাঃ প্রতিষ্ঠিতা দেবি পুরাণে নাত্র সংশয়ঃ। পুরাণমন্যথা কৃত্বা তির্য্যগ্‌যোনিমবাপ্নুয়াৎ। সুদান্তোঽপি সুশান্তোঽপি ন গতিং প্রাপ্নুয়াৎ কচিৎ। যো বেদ চতুরো বেদান্ সাঙ্গোপনিষদো দ্বিজাঃ। পুরাণং নৈব জানাতি নচ স স্যাদ্বিচক্ষণ ইত্যাদি। ভারতব্যপদেশেন হ্যাম্নায়ার্থঃ প্রদর্শিতঃ। ইত্যাদি চ। ক্ষীরাব্ধিশায়ীত্যত্র গর্ভোদশায়ীতি বাচ্যং। চিত্তং মহত্তত্ত্বমিতি ॥ ৭ ॥ ৮ ॥

আয়তনমুপাধিঃ তত্রোত্তমত্বং ব্যষ্ট্যপেক্ষয়া ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তন্মাত্রিকাৎ তন্মাত্র কারণাত্তামসাদথ আকাশাদি ভূতপঞ্চকং জজ্ঞে তস্যাবরণস্বভাবত্বাত্তামসত্বং কারণস্য কার্য্যনিরাসরূপত্বাৎ তস্য নিরাস ইত্যর্থে বৃহনকঠজিনেত্যাদিনা কুমুদাদিত্বাৎ ঠচা তন্মাত্রিক ইতি সিদ্ধং। ইন্দ্রিয়াণি দশ তৈজসাৎ। তেষাং প্রবৃত্তি স্বভাবত্বাত্তৈজসত্বং। বৈকৃতাৎ সাত্ত্বিকাৎ দেবতা দিগ্বাতাদয়ঃ চকারান্মনশ্চ তেষাং প্রকাশস্বভাবাৎ সাত্ত্বিকত্বং ॥ ৮ ॥

ভাবাঃ সূত্রাদয়ঃ ॥ ৯ ॥

দীপিকাদীপনং।

তদুক্তং শঙ্করাচার্য্যৈঃ। পঞ্চপ্রাণমনোবুদ্ধি দশেন্দ্রিয় সমন্বিতং। অপঞ্চীকৃত ভূতোত্থং সূক্ষ্মাঙ্গং ভোগসাধনমিতি। তস্মিন্ ব্রহ্মাণ্ডে। ক্ষীরোদশায়ীত্যত্র গর্ভোদশায়ীতি বাচ্যং প্রথমং মহতঃ স্রষ্টৃ দ্বিতীয়ং ত্বণ্ডসংস্থিতমিত্যত্র তথোপগমাৎ। বৈরাজস্ত স্থূলব্রহ্মণঃ। ভোগার্থং বিগ্রহঃ সূক্ষ্মো হিরণ্যগর্ভঃ। ততো ব্রহ্মণঃ। চিত্তাভিব্যক্তিঃ মহত্তত্ত্বাপরপর্য্যায় চিত্তস্য জ্ঞানরূপ পরিণামঃ। এতাবতা ব্যবহারমাত্র প্রদর্শনেন। তথাচোক্তং বার্ত্তিককৃদ্ভিঃ। মৃল্লোহেতি মৃদাদিভির্দৃষ্টান্তকৈর্যা বেদান্তে সৃষ্টিস্ততোঽন্যথা যা সাংখ্যে সৃষ্টিরুক্তা সা চিত্তস্যাবতারায় ভেদস্ত কথঞ্চন নাস্তি যথৈকেন মৃৎপিণ্ডেন বিজ্ঞাতেন সর্ব্বং মৃণ্ময়ং বিজ্ঞাতং যথৈকেন লোহমণিনা বিজ্ঞাতেন সর্ব্বং লোহময়ং বিজ্ঞাতং যথাগ্নেঃ ক্ষুদ্রাঃ বিস্ফুলিঙ্গা ব্যুচ্চরন্তীত্যাদি শ্রুতেরিত্যর্থঃ ॥ ৭ ॥

তদ্দ্বারা তন্মাত্র দ্বারা। তামসাহঙ্কারকার্য্যত্বে হেতুঃ ভূতানামিতি। তেষামিন্দ্রিয়াণাং। তেষাং দেবতামনসাং ॥ ৮ ॥

স্বয়ং ভগবতস্তদাসনাৎসম্ভবাদ্বৈরাজান্তর্যামিণেতি ব্যাখ্যাতং ॥ ৯ ॥

তামস অহঙ্কার বিকার তন্মাত্র হইতে মহাভূত ও তৈজস অহঙ্কার হইতে ইন্দ্রিয় সকল ও বৈকা-রিক অহঙ্কার হইতে একাদশ ইন্দ্রিয়াধিষ্ঠাত্রী দেবতা জন্মিল ॥ ৮ ॥

সংহত্যকারী পঞ্চীকৃত মহাভূত সকল আমা কর্ত্তৃক অনুজ্ঞাত হইয়া আমার আয়তন-স্বরূপ ব্রহ্মাণ্ড উৎপন্ন করিল ॥ ৯ ॥

তস্মিন্নহং সমভবমণ্ডে সলিল সংস্থিতৌ। মম নাভ্যামভূৎপদ্মং বিশ্বাখ্যং তত্র চাত্মভূঃ॥ ১০॥
সোঽসৃজত্তপসা যুক্তো রজসা মদনুগ্রহাৎ। লোকান্ সপালান্ বিশ্বাত্মা ভূর্ভুবঃ স্বরিতি ত্রিধা॥১১
দেবানামোক আসীৎ স্বর্ভূতানাঞ্চ ভুবঃ পদং। মর্ত্যাদীনাঞ্চ ভূর্লোকঃ সিদ্ধানাং ত্রিতয়াৎপরং॥ ১২॥
অধোসুরাণাং নাগানাং ভূমেরোকোঽসৃজৎ প্রভুঃ। ত্রিলোক্যাং গতয়ঃ সর্ব্বাঃ কর্ম্মণাং ত্রিগুণাত্মনাং॥১৩
যোগস্য তপসশ্চৈব ন্যাসস্য গতয়োঽমলাঃ। মহর্জ্জনস্তপঃ সত্যং ভক্তিযোগস্য মদ্গতিঃ॥ ১৪॥

শ্রীধরস্বামী।

সলিলে সংস্থিতির্যস্য তৎ সলিলসংস্থিতি। তস্মিন্নণ্ডে শ্রীনারায়ণরূপো লীলাবিগ্রহেণ সমভবং স্থিত ইত্যর্থঃ বিশ্বাখ্যং লোক-কারণভূতং তত্র চাত্মভূশ্চতুরাননরূপো ভোগবিগ্রহেণ পুনর্বৈরাজ এব তস্মিন্ আবির্ভূত ইত্যর্থঃ॥ ১০॥

রজসা যুক্তো মদনুগ্রহাৎ তপসাঽসৃজৎ ভূরতলাদি সহিতা ভুবঃ অন্তরীক্ষলোকঃ স্বঃ স্বর্গঃ মহর্ল্লোকাদেরপ্যুপলক্ষণং॥ ১১॥

লোকসৃষ্টিপ্রয়োজনমাহ দেবানামিতি সার্দ্ধেন ওকো নিবাসঃ পদং স্থানং ত্রিতয়াৎ পরং মহর্ল্লোকাদি॥ ১২॥

ভূমেরধঃ অতলাদি এবং ব্যবস্থায়াং কারণমাহ সার্দ্ধেন ত্রিলোক্যাং পাতালাদিসহিতায়াং॥ ১৩॥

যোগাদিতারতম্যেন যথোত্তরং মহর্ল্লোকাদয়ঃ মদ্গতির্বৈকুণ্ঠলোকঃ॥ ১৪॥

ক্রমসন্দর্ভঃ।

দ্বিতীয়পুরুষরূপেণাহং সমভবং। সলিলস্য গর্ভোদকরূপস্য সংস্থিতির্যস্মিন্নিতি চ তন্ত্রেণোক্তং॥ ১০॥ ১১॥

সিদ্ধানাং যোগাদিভিঃ॥ ১২॥

ত্রিলোক্যামিতি সার্দ্ধকং পাতালাদিক ভূর্ভুবশ্চ স্বশ্চেতি কর্ম্মণাং গার্হস্থধর্ম্মাণাং তপো বানপ্রস্থত্বং। ব্রহ্মচর্য্যঞ্চ। তত্র ব্রহ্মচর্যো-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সলিলস্য গর্ভোদরূপস্য সংস্থিতির্যত্র তস্মিন্নণ্ডে অহং গর্ভোদশায়িরূপঃ দ্বিতীয়ঃ পুরুষঃ সমভবং স্থিত ইত্যর্থঃ। বিশ্বাখ্যং লোক-কারণভূতং তত্রাত্মভূর্ব্রহ্মা বৈরাজ এব ভোগবিগ্রহঃ পুনশ্চতুরাননোঽভূদিত্যর্থঃ॥ ১০—১৩॥

কর্ম্মণাং তদ্বতাং যোগস্যাষ্টাঙ্গস্য ন্যাসস্য জ্ঞানস্যেতি এতত্রিতয়বতাং মহরাদয়শ্চত্বারো লোকা গতয়ঃ প্রাপ্যাঃ মদ্গতির্বৈকুণ্ঠলোকঃ

দীপিকাদীপনং।

তত্র চ পদ্মে॥ ১০॥

লোকান্ ভুবনানি অগ্রে ত্রিতয়াৎপরমিত্যুক্তেরুপলক্ষণমিত্যুক্তং॥ ১১॥

প্রয়োজনং দেবাদীনামবস্থিতি লক্ষণং যোগাদিভিঃ সিদ্ধানাং॥ ১২॥

অধ ইত্যর্দ্ধকং। এবং ব্যবস্থায়াং দেবাদীনাং তত্তৎ স্থাননিয়ম লক্ষণায়াং। ত্রিলোক্যামিতি সার্দ্ধকং। কর্ম্মণাং গার্হস্থধর্ম্মাণাং গতয়ঃ ফলাত্মকানি স্থানানি যোগাদি তারতম্যেনেতি তত্র যোগোঽষ্টাঙ্গ স্তস্য তারতম্যেন মহর্ল্লোকাদি সর্ব্বং॥ ১৩॥

তপো বানপ্রস্থত্বং ব্রহ্মচর্য্যং চ তত্রোপকুর্ব্বাণ ব্রহ্মচর্য্যেণ সহ নৈষ্ঠিকেন তেন জনঃ। বানপ্রস্থত্ব তপসা তপোলোকঃ। ন্যাসেন

সলিল সংস্থিত সেই অণ্ডে আমি অবস্থিতি করিতে লাগিলাম এবং আমার নাভিদেশে বিশ্বনামক লোককারণ এক পদ্ম উৎপন্ন হইল, সেই পদ্মে চতুরানন ব্রহ্মা উৎপন্ন হইলেন॥ ১০॥

সেই ব্রহ্মা তপস্যায় নিযুক্ত হইয়া আমার অনুগ্রহে রজোগুণ দ্বারা লোকপালগণের সহিত ভূর্লোক, ভুবর্লোক ও স্বর্গলোক উৎপন্ন করিলেন॥ ১১॥

তাহার মধ্যে স্বর্গলোক দেবতাদিগের আবাস হইল, ভুবর্লোক ভূতগণের স্থান হইল, ভূর্লোক মর্ত্যদিগের আধার হইল, আর এই ত্রিতয়ের পর অর্থাৎ উর্দ্ধে মহর্ল্লোক সিদ্ধগণের আশ্রয় হইল॥১২॥

ভূমির অধোভাগে নাগ ও অসুরগণেরা আবাস করিল। সকল প্রকার ত্রিগুণময় কর্ম্ম দ্বারা ত্রিলোক গতি হয়॥ ১৩॥

যোগ, তপস্যা ও সন্ন্যাসের নির্ম্মলগতি মহর্ল্লোক, জনলোক, তপলোক ও সত্যলোক এবং ভক্তি-যোগের মদ্গতি অর্থাৎ বৈকুণ্ঠলোক॥ ১৪॥

ময়া কালাত্মনা ধাত্রা কর্ম্মযুক্তমিদং জগৎ। গুণপ্রবাহ এতস্মিন্নুন্মজ্জতি নিমজ্জতি ॥ ১৫ ॥
অণুর্ব্বৃহৎ কৃশঃ স্থূলো যো যো ভাবঃ প্রসিদ্ধ্যতি। সর্ব্বোঽপ্যুভয়সংযুক্তঃ প্রকৃত্যা পুরুষেণ চ ॥ ১৬
যস্তু যস্যাদিরন্তশ্চ স বৈ মধ্যঞ্চ তস্য সন্। বিকারো ব্যবহারার্থো যথা তৈজসপার্থিবাঃ ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

তত্রতু মদ্গতিব্যতিরেকেণ ইতরা গতয়শ্চলা ইত্যাহ বৈরাগ্যার্থং ময়েতি, ময়া কালশক্তিনা ধাত্রা পরমেশ্বরেণ কর্ম্মফলপ্রদেন হেতুভূতেন গুণপ্রবাহে সংসারে উন্মজ্জতি আ সত্যলোকং উত্তমা গতীঃ প্রাপ্নোতি পুনর্নিমজ্জতি আস্থাবরং নীচা গতীঃ প্রাপ্নোতি ॥ ১৫ ॥

সৃষ্টিনিরূপণস্যাদ্বিতীয়াত্মপ্রতিপত্ত্যর্থত্বাত্তৎ প্রতিপাদনায় কারণেন কার্য্যস্য ব্যাপ্তিমাহ অণুরিতি উভয়েন সংযুক্তো ব্যাপ্তঃ তদেবাহ প্রকৃত্যেতি ॥ ১৬ ॥

ইদানীং কার্য্যস্য কারণাত্মতাং দর্শয়তি যস্তু কার্য্যস্য য আদিঃ কারণং অন্তো লয়স্থানঞ্চ তস্য মধ্যং মধ্যাবস্থাপি স এব বৈ প্রসিদ্ধঃ।

ক্রমসন্দর্ভঃ।

গোপকুর্ব্বাণনৈষ্ঠিকত্বভেদেন ক্রমাদ্ব্রহ্মচর্য্যেনশ্চ। বানপ্রস্থত্বেন তপঃ। ন্যাসেন সত্যং যোগতারতম্যেনতু সর্ব্বমিতি জ্ঞেয়ং মদ্গতিরিতি তৈঃ। ভক্তিযোগপ্রাপ্যত্বেন বক্ষ্যমাণং যত্র ব্রহ্মস্থীত্যাদি বাক্যসাহায্যাৎ লোকপ্রকরণাচ্চ। উক্তঞ্চ তৃতীয়ে দেবান্ প্রতি ব্রহ্মণৈব। তৎ সংকুলং হরিপদানতিমাত্র দৃষ্টৈরিত্যাদি। টীকাচ। ভাবন্মাত্রেণ দৃষ্টৈর্ভক্তানাং বিমানৈর্নতু কর্ম্মাদি প্রাপ্যৈরিত্যেষা এবমেব শ্রুতিশ্চ। পরীক্ষ্য লোকান্ কর্ম্মচিতান্ আব্রহ্মণো নির্ব্বেদমায়াৎ নাস্ত্যকৃতঃ কৃতেনেতি অত্রাপ্যকৃত ইত্যস্য বিশেষ্যং লোক ইত্যেব। তৎ প্রসঙ্গেঃ। ঈশ্বর সর্ব্বভূতানাং ইত্যাদৌ তমেব শরণং গচ্ছ সর্ব্বভাবেন ভারত। তৎ প্রসাদাৎ পরাং শান্তিং স্থানং প্রাপ্স্যসি শাশ্বতমিতি শ্রীভগবদ্গীতোপনিষৎস্ব ॥ ১৩ ॥ ১৪ ॥

ময়া কর্ত্রা ইদং জগৎ কর্ম্মযুক্তং কর্ম্মফলেন যোজিতমিত্যর্থঃ। ফলমত উপপত্তেরিতি ন্যায়াৎ ॥ ১৫—১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভক্তিযোগস্য নির্গুণস্য তত্ত্বতাং নির্গুণানাং প্রাপ্যোঽপি বৈকুণ্ঠলোকো নির্গুণ এবেতি ভাবঃ ॥ ১৪ ॥

গুণময্যো গতয়স্তু চলা এবেত্যাহ ময়া কালশক্তিনা ধাত্রা পরমেশ্বরেণ কর্ম্মফলপ্রদেন ইদং জগৎ সৃষ্টমিতি শেষঃ। গুণপ্রবাহে সংসারে উন্মজ্জতি আসত্যলোকমুত্তমাঃ গতীঃ প্রাপ্নোতি পুনর্নিমজ্জতি আস্থাবরং নীচা গতীঃ প্রাপ্নোতি ॥ ১৫ ॥

কারণেন কার্য্যস্য ব্যাপ্তিমাহ অণুরিতি ভাবঃ কার্য্যভূতঃ পদার্থঃ ॥ ১৬ ॥

তস্মাৎ কার্য্যস্য কারণাত্মকত্বমেবেতি দর্শয়তি। যস্ত্বিতি। যস্য কার্য্যস্য য আদিঃ কারণং অন্তঃ লয়স্থানঞ্চ। তস্য মধ্যং মধ্যাব-

দীপিকাদীপনং।

সত্যলোকোপগতিরিতি ব্যাখ্যেয়ং। যত্র ব্রহ্মস্থীতি বাক্যাৎ তৎসংকুলং হরিপদানতিমাত্রদৃষ্টৈরিত্যত্র তাবন্মাত্রেণ দৃষ্টৈর্ভক্তানাং বিমানৈর্নতু কর্ম্মাদি প্রাপ্যৈরিতি স্বয়ৈব ব্যাখ্যানাল্লোকপ্রকরণাচ্চ মদগতির্বৈকুণ্ঠলোক' ইতি ব্যাখ্যাতং ॥ ১৪ ॥

তত্র তাসু গতিষু মধ্যে কর্ম্মযুক্তং কর্ম্মফলেন যোজিতমিত্যর্থঃ। ফলমত উপপত্তেরিতি ন্যায়াৎ ॥ ১৫ ॥

অদ্বিতীয়েতি অভিপ্রায়াত্মজ্ঞানপ্রয়োজনকত্বাৎ তৎ প্রতিপাদনায় অদ্বিতীয়াত্মপ্রতিপাদনায় ॥ ১৬ ॥

তস্য কার্য্যস্য অতএব আদ্যন্তমধ্যে স্থিরত্বাৎ অব্যভিচারিত্বং সর্ব্বানুগতত্বেনাহ নশ্বরত্বং তস্মাৎ ॥ ১৭ ॥

কালশক্তিরূপী বিধাতা যে আমি, আমা কর্ত্তৃক এই জগৎ সমুদায় নিজ কর্ম্মানুসারে গুণপ্রবাহরূপে এই সংসারে সত্য লোকাদিরূপ উত্তম গতি ও স্থাবরাদিরূপ নীচ গতি প্রাপ্ত হয়। ১৫ ॥

সূক্ষ্ম, বৃহৎ, কৃশ, স্থূল প্রভৃতি যে যে পদার্থ জগতে আছে, সমুদায়ই প্রকৃতি পুরুষ উভয়েতেই সংযুক্ত ॥ ১৬ ॥

যে পদার্থ যে কার্য্যের উপাদানকারণ এবং যে উপাদান কারণ যে কার্য্যের লয়স্থান, স্থিতি

যদুপাদায় পূর্ব্বস্তু ভাবো বিকুরুতে পরং। আদিরন্তো যদা যস্য তৎসত্যমভিধীয়তে ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

মৃৎসুবর্ণাদিষু অতএবাব্যভিচারিত্বাৎ স এব সন্নেতরঃ অলং তর্হি মিথ্যাভূতকার্য্যসৃষ্ট্যা তত্রাহ বিকার ইতি তৈজসাঃ কটক কুণ্ড-দয়ঃ পার্থিবা ঘট শরাবাদয়শ্চ যথেতি ॥ ১৭ ॥

নন্বেবং তর্হি স্বকার্য্যং প্রতি মহদাদীনামপ্যাদ্যন্তরূপত্বাৎ সত্যং স্যাত্তত্রাহ যদিতি যদ্রূপমুপাদায় উপাদানকারণতয়া স্বীকৃত্য পূর্ব্বঃ কারণরূপো মহদাদির্ভাবঃ পরঃ অহঙ্কারাদিকং ভাবং বিকুরুতে সৃজতি যথা পিণ্ডো মৃদমুপাদায় স্বয়ং নিমিত্তভূতো ঘটং সৃজতি তদ্বৎ স এব সন্নিতি পূর্ব্বস্যানুষঙ্গঃ কথং তর্হি মৃত্তিকেত্যেব সত্যমিত্যাদি শ্রুতিঃ তত্রাহ আদিরিতি যৎ যদা যস্যাদিরন্তশ্চ বিবক্ষ্যতে তদা তৎ সত্যমভিধীয়তে শ্রুত্যা পরম কারণস্যাত্মনঃ সত্যত্ববিবক্ষয়েত্যর্থঃ ॥ ১৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

মমৈব সর্ব্বসত্তাসংপাদকং সত্যমিতি বক্তুং যুক্তিং দর্শয়তি যদিতি ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্থাপি স এব সন্ সত্য এব। অয়মর্থঃ পূর্ব্বমবিকৃতং কারণমেব পশ্চাৎ বিকৃতং সৎ কার্য্যত্বমাপদ্যতে নতু কার্য্যং কারণাৎ পৃথগ্‌ভূতং বস্তু ভবতি। অতঃ কার্য্যস্য মিথ্যাত্বে কারণস্যাপ্যংশেন মিথ্যাত্ব প্রসক্তেঃ কার্য্যকারণে উভে অপি সত্যে এবেতি। যস্মাদেবং তস্মাৎ বিকারঃ কার্য্যং পদার্থো ব্যবহারার্থো ব্যবহারার্থস্যাভ্রান্তানাং সত্যেনৈব বস্তুনা সিদ্ধেঃ সত্য ইত্যর্থঃ। যথা তৈজসাঃ কটক-কুণ্ডলাদয়ঃ পার্থিবা ঘট শরাবাদয়শ্চ সত্যা এব ব্যবহ্রিয়ন্তে ॥ ১৭ ॥

কিঞ্চ কার্য্যকারণরূপয়োঃ সত্যত্বেঽপি মৃত্তিকেত্যেব সত্যমিতিশ্রুত্যা যদুচ্যতে তৎ সত্যশব্দেন কারণমেবোচ্যত ইত্যাহ যদ্বস্তু উপাদায় পূর্ব্বো ভাবঃ পরং বিকুরুতে সৃজতি তৎ সত্যং। যথা পিণ্ডো মৃদুপাদায় স্বয়ং নিমিত্তভূতো ঘটং সৃজতি তন্মৃদেব সত্যং। কিঞ্চ। যদ্বদা যস্যাদিরন্তশ্চ ভবতি তথা সত্যমভিধীয়তে ইতি মৃদঃ সত্যত্ব ঘটমপেক্ষ্যকারণত্বমিতি মৃদাদীনামাপেক্ষিকং সত্যত্বং। প্রকৃতেন্তু পরম কারণত্ব লক্ষণমাত্যন্তিকং সত্যত্বমায়াতং। অত্র কারণস্যৈব কার্য্যরূপত্বেন প্রতিপাদনাদুভয়োরপি কার্য্যকারণয়োর্বস্তুতঃ সত্য-ত্বেঽপি তৎ সত্যমভিধীয়ত ইত্যুক্তেঃ কারণস্য সত্যমিতি নাম্নৈব ভগবতা কৃতমিত্যবসীয়তে মৃত্তিকেত্যেব সত্যমিতিশ্রুতেঃ সং কার্য্য-বাদেঽপি ব্যাখ্যানার্থং। অতএব সৎ সত্যং ভবতীত্যপ্রযুজ্য তৎ সত্যমভিধীয়তে ইত্যুক্তং। ব্যাখ্যানান্তরেঽধ্যায়েঽস্মিন্ মায়াবাদস্যা-প্রসঙ্গাৎ কার্য্যকারণয়োর্লক্ষণস্য সর্ব্বৈরেব জ্ঞাতত্বাদ্বাক্যস্যাস্য বৈয়র্থ্যমেবাপদ্যেতেত্যবধেয়ং ॥ ১৮ ॥

দীপিকাদীপনং।

যদ্যাদ্যন্তরূপস্য সত্যত্বং তর্হি স্বকার্য্যমহঙ্কারাদিকং প্রতি স এব সর্ব্বোপাদানরূপঃ। পরমাত্মৈব সন্ সত্যঃ। ঘটাদিকং নাম-ধেয়মাত্রং হেতদনৃতং মৃত্তিকেত্যেব সত্যং নাম মাত্রং বিকারো ন কারণাৎ পৃথগস্তীত্যেবকারার্থ ইতি শ্রুতিপদার্থঃ পরমকারণস্য সত্যত্ব বিবক্ষা চেত্থং যদা পৃথিব্যা আদিরন্তশ্চ বিবক্ষতে তদা তৎ কারণং জলমেব সত্যং যদা তস্য সা বিবক্ষা তদা তেজ এব সত্যং এবং তস্যাপি সত্বে তদা বায়ুরেব সত্যঃ তস্যাপি সা চেৎ তর্হি মহাপুরুষ এব তস্যাপি সা চেত্তর্হি অহঙ্কার এব তস্যাপি সা চেত্তর্হি মহানেব তস্যাপি সা চেত্তর্হি প্রধানমেব তস্যাপি সা চেত্তর্হি কাল এব তস্যাপি সা চেত্তর্হি মহাপুরুষ এব তস্যাপি সাচেত্তর্হি শ্রীকৃষ্ণ এবেতি শ্রীকৃষ্ণস্য পরমকারণত্বং শ্রুত্যভিপ্রেতং তথাগ্রে স্বয়মেব ব্যাখ্যাস্যতি ॥ ১৮ ॥

কালেও সেই কারণ পদার্থই সেই কার্য্যে বর্ত্তমান থাকে, যেমন কটক কুণ্ডলাদিতে সুবর্ণ ও ঘট শরাবাদিতে মৃত্তিকা ॥ ১৭ ॥

যে পূর্ব্বভাব অর্থাৎ কারণ-পরাভব অর্থাৎ কার্য্যরূপে পরিণত হয় এবং যে কারণ কার্য্যের আদ্য-ন্তেও তাহাতে বর্ত্তমান থাকে তাহাই সত্য পদার্থ ॥ ১৮ ॥

প্রকৃতির্যাস্যোপাদানমাধারঃ পুরুষঃ পরঃ। সতোঽভিব্যঞ্জকঃ কালো ব্রহ্ম তত্রিতয়ং ত্বহং ॥ ১৯ ॥
সর্গঃ প্রবর্ত্ততে তাবৎ পৌর্ব্বাপর্য্যেণ নিত্যশঃ। মহান্ গুণবিসর্গার্থঃ স্থিত্যন্তো যাবদীক্ষণং ॥২০॥
বিরাণ্ময়াসাদ্যমানো লোককল্পবিকল্পকঃ। পঞ্চত্বায় বিশেষায় কল্পতে ভুবনৈঃ সহ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

নমু তথাপি প্রকৃতি পুরুষ কালানামকার্য্যভূতানাং ভিন্নত্বাৎ কথমদ্বিতীয়তা তত্রাহ প্রকৃতিরিতি অস্য সতঃ কার্য্যস্যোপাদানং যা প্রকৃতিঃ প্রসিদ্ধা যশ্চ তস্যাধারঃ অধিষ্ঠাতা পরঃ পুরুষঃ যশ্চ গুণক্ষোভেনাভিব্যঞ্জকঃ কালস্তত্রিতয়ং ব্রহ্মস্বরূপোঽহমেব ন পৃথক্ প্রকৃতেঃ শক্তিত্বাৎ পুরুষকালয়োরপ্যবস্থারূপত্বাৎ ॥ ১৯ ॥

এবং তাবৎ কালত্রয়েঽপ্যব্যভিচারিত্বাৎ ব্রহ্মৈব সত্যমিতি বক্তুং তস্য সৃষ্টিকারণত্বেন আদৌ সত্ত্বমুক্ত্বা মধ্যেঽপি তস্যৈব সত্ত্বমুপপাদ্য অন্তেপ্যবধিত্বেন সত্ত্বং দর্শয়িষ্যন্ সর্গপ্রবাহরূপায়াঃ স্থিতেরবধিমাহ সর্গ ইতি মহান্ বহুলঃ পৌর্ব্বাপর্য্যেণ পিতৃপুত্রাদিরূপেণ নিত্যশঃ অবিচ্ছেদেন কিমর্থং প্রবর্ত্ততে তত্রাহ গুণেষু দেহেষু বিবিধতয়া সৃজ্যত ইতি গুণবিসর্গো জীবস্তদর্থস্তদ্ভোগপ্রয়োজনঃ কিং পর্য্যন্তং প্রবর্ত্ততে যাবৎ স্থিতেরন্তঃ সোঽপি কিমবধিঃ তত্রাহ যাবদীক্ষণং পরমেশ্বরস্য তাবৎ ॥ ২০ ॥

প্রলয়ং নিরূপয়তি বিরাট্ ব্রহ্মাণ্ডং ময়া কালাত্মনা আসাদ্যমানঃ ব্যাপ্যমানঃ উপেক্ষ্যমাণঃ লোকানামহরহঃ কল্পাঃ সৃষ্টিস্থিতিপ্রলয়া

ক্রমসন্দর্ভঃ।

তথৈবাহ প্রকৃতিরিতি ॥ ১৯ ॥ ২০ ॥

অন্নে তদুৎপাদকপৃথিব্যংশে। তদপায়ং ধানাসু তস্যাপি কারণাংশরূপসূক্ষ্মাবস্থাসু। তাশ্চ ধানা ভূমৌ স্বাশ্রয়রূপায়াং পৃথ্ব্যাং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নমু তর্হি পরমেশ্বরস্য তব কথং পরমকারণত্ব লক্ষণমাত্যন্তিক সত্যত্বং তত্রাহ প্রকৃতিরিতি। অস্য সতঃ কার্য্যস্যোপাদানং যা প্রকৃতিঃ প্রসিদ্ধা যশ্চাস্য আধারঃ কেষাঞ্চিন্মতে অধিষ্ঠানকারণং পুরুষঃ যশ্চ গুণক্ষোভেনাভিব্যঞ্জকঃ কালো নিমিত্তং তত্রিতয়ং ব্রহ্মরূপোঽহমেব প্রকৃতেঃ শক্তিত্বাৎ পুরুষস্য মদংশত্বাৎ কালস্য মচ্চেষ্টারূপত্বাৎ তত্রিতয়মহমেব। এবঞ্চ প্রকৃতে র্জগদুপাদানত্বাদেব মম জগদুপাদানত্বং। কিঞ্চ। তস্যাবিকারিত্বেঽপি ন মে বিকারিত্বং তস্যামচ্ছক্তিত্বেঽপি মৎস্বরূপশক্তিত্বাভাবাৎ কিন্তু বহিরঙ্গশক্তিত্বমেব মৎস্বরূপস্য মায়াতীতত্বেন সর্ব্বশাস্ত্রপ্রসিদ্ধেঃ ॥ ১৯ ॥

জগৎ সর্গোঽয়ং কিয়ৎ কালাবধিরিতি চেৎ স্থিতিকালপর্য্যন্ত ইত্যাহ সর্গ ইতি মহানতি বহুলঃ পৌর্ব্বাপর্য্যেণ পিতৃপুত্রাদিরূপেণ নিত্যশোঽবিচ্ছেদেন কিমর্থঃ। গুণেষু দেহেষু বিবিধয়া সৃজ্যত ইতি গুণবিসর্গো জীবস্তদর্থস্তদ্ভোগাদি প্রয়োজনকঃ স চ সর্গস্তাবৎ প্রবর্ত্ততে যাবৎ স্থিত্যন্তঃ স্থিতেঃ পালনস্যান্তঃ সমাপ্তিঃ। সচান্ত এব কিমধিকস্তত্রাহ যাবদীক্ষণং পালনেচ্ছানুকূলমিত্যর্থঃ ॥ ২০ ॥

তদনন্তরং কিং ভবিষ্যতীতি চেৎ প্রলয় এবেতি তং নিরূপয়তি। বিরাট্ ব্রহ্মাণ্ডং ময়া কালাত্মনা ব্যাপ্যমানঃ লোকানাং ভূরা-

দীপিকাদীপনং।

প্রকৃতেরকার্য্যত্বং মূলপ্রকৃতিরবিকৃতিরিত্যুক্তেঃ পুরুষস্য তৎ ন বিকৃতি র্ন প্রকৃতিঃ পুরুষ ইত্যুক্তেঃ কালস্য তত্তু অনাদি নিধনঃ কাল ইত্যুক্তেরেব। পুরুষকালয়োরিতি তত্র প্রকৃতীক্ষণাবস্থারূপত্বং পুরুষস্য। চেষ্টাত্মকাবস্থারূপত্বং তু কালস্যেতি জ্ঞেয়ং ॥১৯॥

বিবিধ তয়া দেবনরাদিরূপতয়া। সৃজ্যতেঽভিনিবেশ্যতে যাবৎ পর্য্যন্তং স্থিতের্জগন্মর্য্যাদায়ারন্তো বিনাশঃ তাবৎ পর্য্যন্তং সর্গঃ প্রবর্ত্তত ইত্যন্বয়ঃ সোঽপি অন্তোঽপি ॥ ২০ ॥

